

NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtub.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

৪ পশ্চিমবঙ্গের ছাত্র রাজনীতির দুর্দিন বড় হতাশ করে

বিজ্ঞানচর্চায় উৎসাহ দিতে আরামবাগে চন্দ্রযান ৩ ৬

কলকাতা ২৩ অগস্ট ২০২৩ ৫ ভাদ্র ১৪৩০ বুধবার সপ্তদশ বর্ষ ৭৩ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata, 23.8.2023, Vol.17, Issue No.73, 8 Pages, Price 3.00

## ফের বাড়ছে করোনা সংক্রমণ, রাজ্যগুলিকে একাধিক নির্দেশ কেন্দ্রের

**নয়াদিল্লি, ২২ অগস্ট:** মাঝে কয়েক মাস সাময়িক বিরতি। পর ফের বিশ্বজুড়ে নতুন করে বৃদ্ধি পয়েছে করোনা সংক্রমণ। এক্ষেত্রে কোভিডের নতুন ভ্যারিয়েন্ট ইজি.৫ এবং বিএ. ২.৮৬ প্রভাবে এই সংক্রমণ বৃদ্ধি বলে মনে করা হচ্ছে। আগাম সতর্কতা হিসেবে সংক্রমণ রুখতে উচ্চ পর্যায়ের বৈঠক করল কেন্দ্র। এদিনের এই বৈঠকে পরিস্থিতি মোকাবিলায় রাজ্যগুলিকে জিনোম সিকোয়েন্সিং টেস্ট বাড়ানোর উপর জোর দিতে নির্দেশ দেওয়া হয়েছে। সূত্রে খবর, প্রধানমন্ত্রীর প্রিন্সিপাল সেক্রেটারি পিকে মিশ্রর নেতৃত্বে উচ্চপর্যায়ের বৈঠকটি হয় সোমবার। বৈঠকে রাজ্যগুলির স্বাস্থ্যকর্তারাও উপস্থিত ছিলেন। সেখানে বিশ্বজুজড়ে নতুন ভ্যারিয়েন্ট ইজি ৫ এবং বিএ.২.৮৬ প্রভাবে করোনা বৃদ্ধি নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। সঙ্গে কোভিড পরীক্ষা আরও বাড়ানোর জন্য দেওয়া হয় পরামর্শও। তবে, এখনই এ নিয়ে আশঙ্কার কোনও কারণ নেই বলে বৈঠকে উপস্থিত স্বাস্থ্য কর্তাদের আশ্বস্ত করেন প্রধানমন্ত্রী প্রিন্সিপাল সেক্রেটারি। বৈঠকে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব সুধাংশু পান্থও। বর্তমানে বিশ্বে নতুন করে কোভিড বৃদ্ধির পিছনে নতুন ভ্যারিয়েন্ট ইজি ৫ এবং বিএ.২.৮৬-কে দায়ী করেন তিনি। এ ব্যাপারে বিশ্ব স্বাস্থ্য সংস্থার একটি রিপোর্ট তুলে ধরেন। তাতে বলা হয়েছে যে বর্তমানে বিশ্বে ৫০টির বেশি দেশি কোভিড বৃদ্ধির জন্য দায়ি ইজি.৫। এছাড়া বিএ.২.৮৬-এর প্রভাবে কোভিড ছড়িয়েছে চারটি দেশে। প্রসঙ্গত, কোভিডের নতুন ভ্যারিয়েন্ট ইজি.৫-এর প্রথম নমুনা পাওয়া গিয়েছিল ভারতে। গত মে মাসে মহারাষ্ট্রে। যদিও পরবর্তী সময়ে ভারতে আক্রান্তদের শরীরে আর ওই ভ্যারিয়েন্টের দেখা মেলেনি। জানা গিয়েছে, গত সাতদিনে বিশ্বে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ২ লাখ ৯৬ হাজার ২১৯ জন। এর মধ্যে ভারতে আক্রান্তের সংখ্যা ২২৩।

## হায়দরাবাদে কিশোরীকে গণধর্ষণ

**অমরাবতী, ২২ অগস্ট:** জোর করে বাড়িতে ঢুকে, খুনের হুমকি দিয়ে এক কিশোরীকে গণধর্ষণের অভিযোগ উঠল তেলঙ্গানার হায়দরাবাদে। ঘটনাটি ঘটেছে মীরপেট থানা এলাকার নন্দনবনম কলোনিতে। দুষ্কৃতীরা সকলেই মত্ত অবস্থায় ছিল। বাঁচার জন্য কিশোরী চিৎকার করতেই আশপাশের লোকজন ছুটে আসেন। তখন কিশোরীর বাড়ি ছেড়ে পালায় দুষ্কৃতীরা। পুলিশ জানিয়েছে, ওই দলে কয়েক জন এমন দুষ্কৃতী ছিল, যাদের বিরুদ্ধে বেশ কিছু মামলা চলছে। *বিস্তারিত দেশের পাতায়*

# সৌরভই হচ্ছে ‘কিংপিন’ যাদবপুরের মৃত্যুকাণ্ডের

## আদালতে জোরালো দাবি পুলিশের



**নিজস্ব প্রতিবেদন:** যাদবপুরকাণ্ডে ধৃত সৌরভ চৌধুরীই হলেন ‘কিংপিন’। মঙ্গলবার আলিপুর আদালতে এই দাবি করেছেন সরকার পক্ষের আইনজীবী। ওই দাবির সপক্ষে প্রমাণ হিসাবে অন্য এক পড়ুয়াকে পাঠানো সৌরভের হোয়াট্‌সঅ্যাপ চ্যাটেরও উল্লেখও করেছেন তিনি। তাঁর দাবি, প্রথম বর্ষের মৃত পড়ুয়াকে আসলে খুন করা হয়েছে। ঘটনাটিকে ‘বিরলের মধ্যে বিরলতম’ বলেও মন্তব্য করেন তিনি। ধৃতদের মুখোমুখি বসিয়ে আরও জেরার প্রয়োজনের কথা জানিয়ে তাঁদের পুলিশি হেপাজতের মেয়াদবৃদ্ধির আবেদন জানানো হয়। সেই মতো সৌরভকে ২৫ অগস্ট এবং মনোতোষ ঘোষ, দীপশেখর দত্তকে আগামী ২৬ অগস্ট পর্যন্ত পুলিশি হেপাজতে রাখার নির্দেশ দিয়েছেন বিচারক।

তদন্তকারীদের একাংশ মনে করছিলেন, অভিযুক্ত সৌরভকে জেরা করে যাদবপুরকাণ্ডে প্রয়োজনীয় তথ্য মিলতে পারে। সেই কারণে গ্রেপ্তারের আগে এবং পরে, সৌরভকে দু’বার জেরা করেছিলেন খোদ কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল। এ বার আদালতেও পুলিশ দাবি করল, সৌরভই আসলে মাথা।

মঙ্গলবার আলিপুর আদালতে হাজির করানো হয় সৌরভ, দীপশেখর এবং মনোতোষকে। সেখানে সৌরভকে ‘বাঁচানোর জন্য’ রাতারাতি কী ভাবে হোয়াট্‌সঅ্যাপ গ্রুপ খোলা হয়েছিল, তা আদালতে তুলে ধরেছে পুলিশ। ধৃত তিন জনকে কাউন্সেলিং করানোর দরকার বলে দাবি করেছিলেন অভিযুক্তদের আইনজীবী। সেই দাবিও মানতে চাননি সরকার পক্ষের আইনজীবী।

### অরিত্রকে থানায় ডেকে জিজ্ঞাসাবাদ, তলব করা হল আরেক ছাত্রকেও

**নিজস্ব প্রতিবেদন:** পুলিশের তলবে যাদবপুর থানায় গেলেন সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে গবেষণারত পড়ুয়া অরিত্র মজুমদারকে। বুধবার সন্ধ্যায় তিনি থানায় ঢোকার আগে হাসিমুখে বলেন, ‘আপাতত যাই। কথা বলে আসি।’ উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ কমিটিও বুধবার অরিত্রকে ডেকে পাঠিয়েছেন। অরিত্র জানান, তিনি সদ্য ট্রেকিং করে ফিরেছেন। সোমবার কলকাতা বিমানবন্দরে নেমেছেন। শারীরিক এবং মানসিক ভাবে তিনি ক্লান্ত। এ নিয়ে পরে কথা বলবেন। দু’দিন পর বিশ্ববিদ্যালয়ে যাবেন। কিন্তু তার আগেই তাঁকে ডেকে পাঠাল পুলিশ। অন্যদিকে, ছাত্রমৃত্যুর ঘটনায় যাদবপুরের আরও এক ছাত্রকে জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠিয়েছে যাদবপুর থানার পুলিশ। বাংলা বিভাগের তৃতীয় বর্ষের ওই পড়ুয়াকেও বুধবার থানায় তলব করা হয়েছে খবর। তিনি কাশ্মীর যাওয়ার প্রমাণ হিসাবে ফ্লাইটের টিকিটের ছবি পোস্ট করেছেন। যদিও সেই টিকিটের ছবি নিয়ে বিতর্ক বাধে সমাজমাধ্যমে। অন্যদিকে, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার খাতায় ঘটনার দিন তাঁর সই নিয়েও রয়েছে ধোঁয়াশা। এর মধ্যে অভ্যন্তরীণ তদন্ত কমিটি তাঁকে ডেকে পাঠায়। তার আগে পুলিশের ডাকে যাদবপুর থানায় গেলেন অরিত্র।

# যাদবপুরের ঘটনায় বিজেপির মুলতুবি প্রস্তাবকে ঘিরে হট্টগোল বিধানসভায়

**নিজস্ব প্রতিবেদন:** যাদবপুরের ঘটনায় সরকার সময়োচিত ব্যবস্থা নিয়েছে। সরকারের ফ্যাক্ট ফাইন্ডিং কমিটির রিপোর্ট অনুযায়ী পদক্ষেপ করা হয়েছে। বিধানসভায় স্পষ্ট ভাষায় জানিয়ে দিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তিনি স্পষ্ট ভাষায় জানিয়ে দিয়েছেন যাদবপুরের ছাত্র মৃত্যুর ঘটনার জন্য একশো শতাংশ দায় রাজ্যপালের। রাজ্যের নিয়োগে থাকা উপাচার্যকে সরিয়ে দিয়েছিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। রাজ্য সরকারের আদেশ প্রয়োগের সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের। তাই যাদবপুরের ঘটনার দায় রাজ্যপালের ওপর বর্তায়। ছাত্র মৃত্যুর একটা ঘটনাকে কেন্দ্র করে যে ভাবে প্রতিষ্ঠান দখল করার চেস্টা চলছে তারও তীব্র সমালোচনা করেন শিক্ষামন্ত্রী। যাদবপুর বিশ্ববিদ্যালয় ছাত্র-মৃত্যুর ঘটনা নিয়ে বিধানসভায় বিজেপির আনা মুলতবি প্রস্তাবকে কেন্দ্র করে সোমবার পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। যাদবপুর ইস্যুতের শিক্ষামন্ত্রীর জবাবদিহি চেয়ে বিজেপি সভায় বিক্ষোভ দেখায়। ওই ঘটনার প্রতিবাদে বিজেপি বিধায়কেরা এদিন কালো উত্তরীয় উপরে বিধানসভায়। পরে মুলতবি প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, যাদবপুরের মতো শিক্ষা প্রতিষ্ঠানে যে ভাবে মাদক চক্র চলেছে তা লজ্জাজনক। ঢিল ছোঁড়া দূরত্বে যাদবপুর থানা থাকা,সত্ত্বেও কোনও পদক্ষেপ করা হয়নি।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে এক শ্রেণির উগ্র বাম মানসিকতার লোক রয়েছে, তারা মাঝে মাঝে দেশবিরোধী কথাবার্তাও বলে। ইউজিসির বিধি গোটা ভারতবর্ষে মেনে চলে যা যাদবপুরে দীর্ঘদিন মানা হয়নি। প্রাক্তন উপাচার্যের সুপারিশ সত্য কেন যাদবপুরের সিসিটিভি লাগানো হয়নি। যাদবপুরের কবে মাদকচক্র উচ্ছেদ করা হবে তা নিয়ে তিনি প্রশ্ন তুলেছেন। একইসঙ্গে সেখানে ওই ছাত্রের সঙ্গে যা ঘটেছে তার পুনরাবৃত্তি কোথাও ঘটবে না সরকারকে তা নিশ্চিত করতে হবে বলে বিরোধী দলনেতা দাবি জানান। তিনি বলেন, রাজ্যপাল সরকারের সঙ্গে আলোচনা না করে উপাচার্য নিয়োগ করেছেন। সরকার কোনো নির্দেশিকা পাঠাতে পারে তা বাস্তবায়ন করার দায়িত্ব কর্তৃপক্ষের। তাই যাদবপুরের ঘটনার দায় রাজ্যপালের ওপর বর্তায়।

অন্যদিকে, যদিও এই উত্তরে সন্তুষ্ট না হয়ে বিজেপি সদস্যরা অধিবেশন কক্ষের মধ্যেই দেখাতে থাকেন। এর পরেই বিধানসভা কক্ষ থেকে বেরিয়ে যান বিজেপির বিধায়করা। কক্ষের বাইরে বেরিয়েও তারা বিক্ষোভ স্লোগান চালিয়ে যান।



পালটা শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর

## আর্থিক সঙ্কটের মধ্যেও

# পুজো কমিটির আর্থিক অনুদান আরও এক দফা বাড়ালেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদন:** আর্থিক সঙ্কটের মধ্যেও পুজো কমিটিগুলির আর্থিক অনুদান এবছর আরেক দফা বাড়ালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবছর ৬০ হাজার টাকা থেকে বাড়িয়ে পুজো কমিটিগুলিকে ৭০ হাজার টাকা আর্থিক সাহায্য করার কথা ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। একইসঙ্গে প্রতি বছরের মতো পুজো উদ্যোক্তাদের বিদ্যুতের বিলে ছাড়, পুরকর, দমকলের ফি মুকুব করার কথা ঘোষণা করেছেন তিনি।

পুজোর প্রস্তুতি নিয়ে প্রতি বছরের মতো এদিন বিকালে কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে পুজো কমিটির কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী। সেই বৈঠক মঞ্চ থেকেই মুখ্যমন্ত্রী জানিয়ে দেন, এবারে রাজ্য সরকারের তরফে পুজোকমিটি তথা ক্লাবগুলিকে ৬০ হাজার টাকার জায়গায় ৭০ হাজার টাকা করে অনুদান দেওয়া হবে। সেই সঙ্গে বিদ্যুতের বিলের ওপর দুই-তৃতীয়াংশ ছাড় মিলবে। সেখান থেকে তিনি উৎসবের সময় রাজ্যে শান্তি ও সম্প্রীতির পরিবেশ বজায় রাখার আবেদন জানানোর পুজো নিয়ে নির্দেশিকাও দেন মুখ্যমন্ত্রী। বলেন, ‘পুলিশের সঙ্গে সহযোগিতার জন্য স্কুলের পড়ুয়াদের স্বেচ্ছাসেবক রাখতে হবে। মণ্ডপে প্রবেশ ও বাহিরের আলাদা পথ রাখতে হবে। সেই সঙ্গে অগ্নি নিরাপত্তা ব্যবস্থাও রাখতে হবে। বিসর্জনের জায়গায় আলো ও ব্যারিকেডের ব্যবসা করতে হবে। জরুরি পরিস্থিতির জন্য চিকিৎসক, নার্স, অ্যাম্বুল্যান্সের ব্যবস্থা এখন থেকেই করে রাখতে হবে।’

নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে পুজো কমিটিগুলোর সঙ্গে এই বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় জানান, পুজোর তিন মাসে গরিব মানুষের উপকার হয়। তাদের উপার্জন বাড়ে। রাজ্যের বিভিন্ন লোকশিল্পের সঙ্গে যুক্ত মানুষরা পুজোয় জায়গা করে নেন। তাঁদের যাতে পুজোর সময় বাড়তি রোজগার হয় সেটা দেখতে হবে।

পুজোর বিসর্জন নিয়েও সূচি জানান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জানান, ২০ থেকে ২৪ অক্টোবর পুজো। বিসর্জন হবে ২৪, ২৫, ২৬ অক্টোবর। যাঁরা কার্নিভালে অংশ নেবেন না, তাঁরাই এই দিনগুলিতে বিসর্জন করবেন। ২৭ তারিখ পুজোর কার্নিভাল হবে।

এবার কমিটিগুলি বাড়তি কী কী পেতে চলেছে, সেদিকে এদিন সকাল থেকেই সকলের নজর ছিল। কিন্তু মুখ্যমন্ত্রী এদিন সভার শেষ দিকে এই প্রসঙ্গে সবাইকে একটু হতচকিত করে দেন। তিনি বলেন, সরকারের টাকার খুব অভাব। তাই সরকারি অনুদান যদি অর্ধেক করে দিই! সেই কথা শুনে পুজো কমিটিগুলির প্রতিনিধিরা কার্যত কাঁদো কাঁদো মুখে ‘না না’ করে ওঠেন। পরে অবশ্য মুখ্যমন্ত্রী জানিয়ে দেন এবার আর ৬০ হাজার টাকা নয়, পুরো ৭০ হাজার টাকার অনুদান মিলবে রাজ্যের তরফে। কলকাতায় প্রায় ২৭০০ দুর্গাপুজো হয়। গোটা রাজ্য ধরলে সংখ্যাটা প্রায় ৪০ হাজার। সেই হিসাবে এই ৪০ হাজার ক্লাব তথা পুজো কমিটিগুলিকে এখন পুজোর জন্য ৭০ হাজার টাকা করে অনুদান দিতে রাজ্য সরকারের ২৮০ কোটি টাকা খরচ হতে চলেছে।

এদিন মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ‘আজকাল গ্রামেও খুব ভাল পুজো হচ্ছে। প্রায় ৪০ হাজার পুজো হয়। তার মধ্যে কলকাতায় হাজার তিনেক হবে। বাকিটা জেলায়। প্রতিটা হাউজিংয়েও পুজো হচ্ছে। তারা কারও থেকে সাহায্য না নিয়ে পুজো করে। সকলে মিলে যেটা করেন ভাল করেন।’ অন্যদিকে, পুজোর সময় রাস্তাঘাটে যান চলাচল যাতে স্বাভাবিক থাকে সেই বিষয়টি দেখার জন্য কলকাতা পুলিশকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। এই বিষয়ে শ্রীভূমি স্পোর্টিং ক্লাবের পুজো চত্বরকে যানজট মুক্ত রাখার বিষয়টি দেখার জন্য প্রধান কর্ণধার সুজিত বসুকেও নির্দেশ দেন মমতা বন্দ্যোপাধ্যায়।



# আজ নির্ধারিত সময়েই চন্দ্রযান -৩-এর ল্যান্ডিং

## টুইট করে জানাল ইসরো



**শ্রীহরিকোটা, ২২ অগস্ট:** চন্দ্রযান-৩-এর অবতরণ নির্ধারিত সময়েই হবে বলে আশাবাদী ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। এখনও পর্যন্ত ধরা পড়েনি কোনও ত্রুটি। পরিকল্পনামাফিকই চাঁদের বুকের দিকে এগিয়ে চলেছে চন্দ্রযান-৩। মঙ্গলবার ইসরোর তরফে টুইট করে জানানো হয়েছে সেকথা। বেশ কয়েকটি ছবি তুলেছে ল্যান্ডারের ক্যামেরা। সেই ছবি ভিডিও আকারে প্রকাশ করেছে ইসরো। বড়বড় গর্ত সমন্বিত ধূসর চাঁদের ছবি ধরা পড়েছে ল্যান্ডারের ক্যামেরায়। ইসরোর তরফে টুইটে জানানো হয়েছে, এখনও পর্যন্ত মনে করা হচ্ছে নির্ধারিত সময়ে অবতরণ করবে চন্দ্রযান-৩। সিস্টেম নিয়মিত চেক হচ্ছে। মসৃণ যাত্রা অব্যাহত রয়েছে।

তবে এর আগে এমন একটা কথা শোনা যাচ্ছিল যে ল্যান্ডিংয়ের ক্ষেত্রে সময়ের বদল হতে পারে। এরপর মঙ্গলবার-ই ইসরোর তরফ থেকে জানানো হয় সবকিছুই সঠিক পথেই এগোচ্ছে। অর্থাৎ চন্দ্রযান -৩ ল্যান্ডিংয়ের ক্ষেত্রে সময়ের হেরফের হবে না।

এদিকে ইসরো-র আমদাবাদ কেন্দ্রের ডিরেক্টর নীলেশ এম দেশাই জানান, ‘২৩ অগস্ট চন্দ্রযান-৩ -র চাঁদে অবতরণের কথা রয়েছে। তবে সেটাই চাঁদের মাটিতে অবতরণের সঠিক সময় কি তা ল্যান্ডার মডিউলের পরিস্থিতি এবং চাঁদের অবস্থা দেখেই আমরা সিদ্ধান্ত নেব। যদি কোনও সমস্যা মনে হয় তাহলে আমরা ২৭ অগস্ট মডিউলের চাঁদে অবতরণ করাতে পারি।’ তবে পাশাপাশি এও জানিয়েছেন, কোনও সমস্যা হওয়ার কথা নয় এবং আজই চন্দ্রযান-৩ চাঁদের মাটিতে অবতরণ করাতে সক্ষম হবেন বলেও আশাবাদী ইসরো অধিকর্তা।

### ৩৫১ কোটির প্রতারণা

## ভিসা স্টিলের ডিরেক্টরের বাড়িতে হানা সিবিআইয়ের

**নিজস্ব প্রতিবেদন:** আর্থিক জালিয়াতির অভিযোগ উঠল ভিসা স্টিলের প্রধান বিশ্বম্ভর শরণের বিরুদ্ধে। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই সূত্রে খবর, ৩৫১ কোটি টাকার ব্যাংক জালিয়াতির অভিযোগ রয়েছে বিশ্বম্ভর শরণের বিরুদ্ধে। এই জালিয়াতির অভিযোগে মঙ্গলবার সকালে আলিপুরের ভিসা হাউসে হানা দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। অনুসন্ধানের পাশাপাশি চালানো হয় তল্লাশিও। সূত্রে খবর, ২০২০-তে, বিশ্বম্ভর শরণের বিরুদ্ধে প্রতারণার একটি মামলা দায়ের করা হয়েছিল। এই মামলার জেরে তদন্তও চলছে। বিশ্বম্ভরের বিরুদ্ধে ঋণ নিয়ে নিজেকে দেউলিয়া ঘোষণা করে আর্থিক প্রতারণা করতে চেয়েছেন বলেই জানানো হয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সূত্রে। সঙ্গে এও জানানো হয়েছে ভিসা স্টিলের ডিরেক্টর বিশ্বম্ভর শরণ একটি সরকারি ব্যাংক থেকে ৩৫১ কোটি টাকা পর্যন্ত ঋণ নিয়েছিলেন। পরে তিনি কোম্পানিটিকে দেউলিয়া ঘোষণা করেন। ঋণের টাকা কারচুপি করা হয়েছে বলে অভিযোগ রয়েছে। এদিকে সূত্রে খবর, মঙ্গলবার ভোররাতে সিবিআই আধিকারিকরা আলিপুর রোডে ভিসা হাউসে অভিযান চালান।

# বাড়িতে ঢুকে বোমা রেখে যেতে পারে

**নিজস্ব প্রতিবেদন:** নেতাজি ইন্ডোরে পুজো কমিটিগুলির সঙ্গে বৈঠকে এসে কেন্দ্রীয় এজেন্সিকে তীব্র আক্রমণ শানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ইডিকে দিয়ে রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করা হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। এমনকী ইডি তল্লাশিতে ঢুকে বাড়িতে বোমা রেখে যেতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করেন মুখ্যমন্ত্রী।

পুজো কমিটির সঙ্গে বৈঠকে নিজের ভাষনের ফাঁকে এদিন তিনি কেন্দ্রীয় এজেন্সির ভূমিকা নিয়ে পুনরায় সরব হন। এদিন মুখ্যমন্ত্রী বলেন, ‘ছেলেটা সবে বিদেশ থেকে ফিরেছে। হঠাৎ করে চলে গিয়েছে ৪-৫ টা জায়গায়। সকাল ৬টায় আমি খবর পেলাম বাবুরা বেরিয়েছেন। ধরুন আমার বাড়িতে কেউ গেল। বা আমি কারও বাড়িতে পুলিশ পাঠালাম। নিয়ম হল একটা পরোয়ানা থাকবে, বা বাড়ির লোকেদের ডেকে কথা বলবে। রেড করতে হলে বাড়ির লোক থাকবে। অনেকে আছে ধরুন, ইংরাজি ভালো জানে না বা বাংলায় ভালো ড্রাফট করতে পারে না। তারা আইনজীবীর সাহায্য নেয়। তুমি একটা জায়গায় যাচ্ছো রেড করতে। তালা ভেঙে ঢুকছো। জানাচ্ছো না। ধরুন বাইচান্স সে নেই বাড়িতে। বন্ধ। আর তাতে যদি কেউ চা করার লোকও থাকে তাকেও ঘর থেকে বার করে দিচ্ছো। তুমি কোনও সাক্ষী রাখছ না’।

এর পরই আশঙ্কা প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেন, ‘এটাও তো হতে পারে আমরা যদি কাল্পনিকভাবে ধরে নিই। আমার বাড়িতে গেল আমাকে জানাল না। আমার তো একটা সিকিওরিটির প্রবলেম আছে। সিকিওরিটির প্রবলেম যে কারও আছে। তুমি যে একটা এক্সপ্লোসিভ রেখে যাচ্ছ না কে তার গ্যারান্টি হবে? তুমি নিজে ঢুকছো, নিজে করছো। তুমি যে লুকিয়ে একটা বন্দুক রেখে যাচ্ছ না কে গ্যারান্টি নেবে? তুমি যে কয়েক কোটি টাকা নিজে বাক্সে করে নিয়ে ঢুকছো না। জানাবার কোনও জায়গা নেই। যা ইচ্ছে তাই করব। অর্থাৎ এটা আইনি নয়’।

প্রধানমন্ত্রীকে তীব্র আক্রমণ করে মমতা বলেন, ‘কে কে কাকে বিয়ে করেছে। তার কোথায় জন্ম হয়েছে। তার কটা বাচ্চা হয়েছে। সে কোন স্কুলে পড়ে। তার বাড়িতে কী বাজার হয়েছে। সে কী খাচ্ছে। এ নিয়ে দেশ চলতে পারে না। বাইরে গিয়ে প্রধানমন্ত্রী বলে বেড়াচ্ছেন, আমরা সবাইকে নিয়ে চলি। আর বিরোধী রাজ্যগুলোকে দেখুন। সবাইকে ডেয়োঁ পিঁপড়ের মতো কামড়াচ্ছে’।

### ইডিকে আক্রমণ মমতার



# শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### নাম-পদবী

গত 21/08/23 S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 12790 নং এফিডেভিট বলে Sriram Chandra Verma S/o. Bangali Bhagat Verma ও Sriram Ch Verma S/o. B. Verma সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত 21/08/23 S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 12792 নং এফিডেভিট বলে আমি Hemanta Pal ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Subodh Kumar Pal ও S. C. Pal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

### নাম-পদবী

গত 18/08/23 S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 12750 নং এফিডেভিট বলে আমি Joydev Ghosh ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Jugal Kishore Ghosh ও J. Ghosh সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

### নাম-পদবী

গত 17/08/23 S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 12583 নং এফিডেভিট বলে Anurima Dey Shu ও Anurima Dey D/o. Ajoy Dey সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত 27/02/23 S.D.E.M., সদর, হুগলী কোর্টে 22 নং এফিডেভিট বলে Samir Kumar Nandi S/o. Balai Lal Nandi ও Samir Kr. Nandy S/o. Balai Nandy সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত 17/08/23 S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 12569 নং এফিডেভিট বলে আমি Surajit Tapadar ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Shyamal Tapadar ও B. Tapadar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

### নাম-পদবী

গত 18/08/23 S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 12715 নং এফিডেভিট বলে Asim Kumar Datta S/o. Sudhamay Datta ও Ashim Kr. Dutta S/o. S. M. Dutta সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত 18/08/23 S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 12716 নং এফিডেভিট বলে আমি Tapas Kundu ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Ananda Mohan Kundu ও A. Kundu সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।




## আজকের দিনটি কেমন যাবে?

**আজ ২৩ শে আগস্ট। বুধবার। ৫ই ভাদ্র। সপ্তমী তিথি। জন্মে তুলা রাশি। অষ্টোত্তরী বুধের মহাদশা। বিংশোত্তরী বৃহস্পতির র মহাদশা কাল। মৃতে ত্রিপাদ পাদ দোষ।**

**মেষ রাশি :** অন্যায়ের বিরুদ্ধে লড়ুন। আজ সহযোগিতা পাবেন মানুষের। এমন একজন প্রতিবেশী আছে যিনি আপনার সাহায্য করতে চায় কিন্তু আপনার বুদ্ধির ভুলে তিনি সহযোগিতার থেকে পিছিয়ে থাকছে। আজ মেশিনারি লোহা ,কেমিক্যাল ও ইলেকট্রিকাল কাজের মধ্য যারা আছেন তাদের ভাগ্য সহায়ে। পরিবারক দাম্পত্য জীবনে শান্তির বাতাবরণ তৈরী হবে।

**বৃষ রাশি :** যারা বেতন ভুক কর্মচারী তাদের আজকে অতীব শুভ দিন। সোনার অলংকার , রুপোর অলংকার বা কোনো ধাতুর ব্যবসা যারা করেন আজ কোনো নতুন চুক্তি সম্পাদন হবে। পরিবারে বয়স্ক মানুষকে সময় দিন লাভ প্রাপ্তি হবে। ক্রোধ আর বাবাদের দ্বারা সম্পর্ক ভাঙ্গে সম্পর্ক গর্তে গেলে মেজাজ মর্জিকে ঠান্ডা করুন। প্রেমিক যুগল আজ শুভ যোগ। ছাত্র ছাত্রীদের জন্য আজ শুভ।

**মিথুন রাশি :** তাড়াহুড়োর ফলে আজ কতটা ভুল হয়ে পরবে। আজ সচেতই থাকুন নয়তো কোনো প্রিয় জিনিস হারিয়ে যেতে পারে। পরিবারে তৃতীয় ব্যাক্তি কারণ তর্ক বিতর্ক রান্না করা খাবার নিয়ে আজ পরিবারে মতবিরোধ। স্পষ্ট কথা বলা ভালো কিন্তু বলার আগে কয়েক সেকেণ্ড যদি ভেবে নেন তাহলে অশান্তি কম হয়। শশুর বাড়ির এক সদস্যের কারণে পরিবারে তিক্ততা বৃদ্ধি হবে।

**কর্কট রাশি :** বিবাহের ব্যাপারে যে পাকা কথা আটকে ছিল আজ তার শুভ সম্পন্ন হবে। সন্তানের নামে যে টাকা রেখেছেন আজ সেখান থেকে লাভ প্রাপ্তি সম্ভব। প্রবীণ নাগরিক যারা পেনশন পান তাদের অর্থ বৃদ্ধি সম্ভব। যে প্রতিবেশীকে আপনি এড়িয়ে চলতেন আজ তার সহযোগিতায় পরিবারে আনন্দ বৃদ্ধি। জল, তরল পদার্থ বা অর্থ লগ্নি ব্যবসা যারা করেন তাদের আজ অর্থ বৃদ্ধি সম্ভব।

**সিংহ রাশি :** হোটেল রেস্তোরা ব্যবসা যাদের তাদের শুভত্ব বৃদ্ধি। যারা জমি বাড়ি এজেন্সির কাজ করেন তাদের আটকে থাকা কাজ আজ হয়ে পরবে। পরিবারে স্বামী স্ত্রী র বন্ধন অতিব শুভ। ফোনের মাধ্যমে সুসংবাদ প্রাপ্তি। ছাত্র ছাত্রী দের অতীব শুভ। চাকরির জন্য যারা আবেদন করছেন তারা আজ বহু মানুষের সহোযোগিতা পড়েন।

**কন্যা রাশি :** বীমা সংক্রান্ত কাজ বা ট্যাক্স সম্পর্কিত কাজের মধ্যে যারা রয়েছেন আজ তাদের জন্য কোনো সুখবর রয়েছে। কর্মক্ষেত্রে উর্ধতন কর্তৃপক্ষের ফোন আপনাকে উৎসাহিত করবে। পরিবারে এমন একজন কেউ অথিতি আতিথেয়তা গ্রহণ করবে আপনার নৈরাশ হতাশা কেটে যাবে। প্রেমিক যুগল আজ পরস্পরকে সময় দিয়ে আনন্দের বাতাবরণ তৈরী করবেন।

**তুলা রাশি :** আপনার কোনো প্রিয় জিনিস আজ হারিয়ে যেতে পারে। সচেতন থাকুন পরিবারে সদস্যের নিয়ে। এমন একটি ঘটনার আলোচনা হবে যা আপনি ভুল বুঝে তর্ক বিতর্কে জড়িয়ে পড়বেন। অনাত্মীয় আপনার বাড়িতে আজ অতিথি হবে। ধৈর্য রাখুন নয়তো ছোট ঘটনায় বিবাদ বিতর্ক তৈরী হয়ে আপনার সম্মান হানি হতে পারে। প্রেমের ক্ষেত্রে আজ এমন একটি ফোন আসবে যে ফোন এ আপনা মেজাজ হারিয়ে ফেলবেন।

**বৃশ্চিক রাশি :** নতুন কিছু কেনা কাটা হওয়ার পরে পরিবারে আনন্দ বৃদ্ধি। মনোবল আজ তুঙ্গে থাকার কারণে বান্ধব স্বজন আত্মীয় দ্বারা সম্মান প্রাপ্তি যোগ। অর্থ করির ব্যাপারে আজ লাভ প্রাপ্তির সম্ভব। ছাত্র ছাত্রীদের জন্য শুভ। প্রেমিক যুগল অতীব শুভ দিন।

**ধনু রাশি :** নতুন কাজের জন্য যে আবেদন করেছিলেন আজ সেখান থেকে সুখবর পাবেন। আজ পুরাতন বান্ধব বা বান্ধবীর দ্বারা সহযোগিতা প্রাপ্তি। তবে সম্পতির কে কেন্দ্র করে যে দুশ্চিন্তা চেপে বসেছে আপনার মাথায় সেটা কাটতে আর একটু সময় লাগবে। যে সঙ্গীকে বেছে নিচ্ছেন আগামী জীবনের জন্য জন্য তিনি আপনার বিশ্বাস ভাজন তো?

**মকর রাশি :** লোহা, তেল, কেমিক্যাল, তরল পদার্থ ব্যবসা বাণিজ্যের মধ্যে যারা আছেন তাদের অতীব শুভ ফল প্রাপ্ত হবে। পরিবারে শান্তির বাতাবরণ থাকলেও ছোট খাটো কোনো বিবাদ বিতর্ক হওয়ার সম্ভাবনা। যারা মেকানিকাল কাজে তাদের অতীব শুভ যোগ।বান্ধবীর দ্বারা শশুর বাড়ির কোনো সদস্য দ্বারা সম্মান প্রাপ্তি। তবে দলিল দস্তাবেজ গুছিয়ে রাখুন। ঋণ পরিশোধের কোনো সুযোগ আসবে।

**কুম্ভ রাশি :** আজ এই শুভ নক্ষত্র যোগে বেকার ছেলে মেয়েদের কর্ম প্রার্থীর সুযোগ আসবে। গুপ্ত শত্রুর ষড়যন্ত্র এর আপনার বুদ্ধির দ্বারা নষ্ট হবে ,আজ সম্মান প্রাপ্তি হবে। শিল্পী লেখক কলাকুশলীদের আজ সৌভাগ্য যোগ। এক রাজনৈতিক নেতার দ্বারা উপকার পাবেন। প্রেমিক যুগল কথা রাখুন সম্পর্ক শুভ হবে।

**মীন রাশি :** আজ শুভ না হলেও নক্ষত্র বিচারে অশুভ যোগ নেই। আজ যদি কথা কম বলেন অন্যের কথা বেশি শোনেন তাহলে আপনার কাজটা এগিয়ে যাবে। বিদ্যার্থীরা একটু ধৈর্য ধরতে হবে। গ্রহ সনস্থান খুব ভালো নয়। আজ একটু সতর্ক থাকা ভালো পরিবারে আপনাকে ভুল বুঝে কোনো বিরুদ্ধ সমালোচনা হবে। আপনার নাম এ নয় অন্যের সম্পত্তি নিয়ে আপনি বিবাদে জড়িয়ে পড়বেন।

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

### নাম-পদবী

গত 18/08/23 S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে 12725 নং এফিডেভিট বলে Md. Abdullah S/o. A. B. Golam Moinuddin ও Abdulla S/o. A. B. G. Moinuddin, A. B. Golam Mainuddin, AB Golam Moinuddin সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত 22/08/22 S.D.E.M., সদর, হুগলী কোর্টে 68 নং এফিডেভিট বলে Sk. Marfatulla S/o. Sk. Sahadat ও Sk. Marfufatulla S/o. Sk. S. Ali, Sk. Sahadat Ali, Sahadat Ali Sekh সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### ক্রয়-বিক্রয়

আমি সন্তোষ ঘোষ, পিতা- ঁলক্ষীনারায়ণ ঘোষ, ঠিকানা- কালিগঞ্জ স্কুল রোড, পোঃ ও থানা- কালিগঞ্জ, জেলা- নদীয়া, পিন- ৭৪১১৫০, আমার একটি জমি আছে যাহার মৌজা- ১৮ নং কালিগঞ্জ, দাগ নং- ৯০৫, খতিয়ান নং- ৩০৩০, পরিমাণ- ১.৬০ শতক। আমি আমার উক্ত জমিটি বিক্রয় করিব। প্রকৃত ক্রেতা সত্বর যোগাযোগ করুন- মোঃ ৯৫৪৭২৩৬৮৫৪।

### বিজ্ঞপ্তি

**মোকাম রানাঘাটের District Delegate আদালত, রানাঘাট, নদীয়া।**

**Mise (Probate) Case No. 17/2021**

দরখাস্তকারী- সূরয বীন, পিতা- মৃত সাধন বীন, সাং - সাটিগাছা বীনপাড়া, পোষ্ট- আনুলীয়া, থানা- রানাঘাট, জেলা- নদীয়া, পিন নং- ৭৪১২৫৫।

-বনাম-

প্রতিপক্ষ- ১। কালী বীন, স্বামী- মদন বীন, পিতা- মৃত রঘুনাথ বীন, সাং- সাটিগাছা বীনপাড়া, পোষ্ট - আনুলীয়া, থানা- রানাঘাট, জেলা- নদীয়া, পিন নং- ৭৪১২৫৫। ২। চামেলী বীন, স্বামী - মৃত রামচন্দ্র বীন, পিতা - মৃত রঘুনাথ বীন, সাং- হবীবপুর বীন পাড়া, পোষ্ট- হবীবপুর, থানা রানাঘাট, জেলা- নদীয়া, পিন নং- ৭৪১৪০২। ৩। বেলী বীন, স্বামী- নন্দী বীন, পিতা- মৃত রঘুনাথ বীন, সাং- সাটিগাছা বীনপাড়া, পোষ্ট- আনুলীয়া, থানা- রানাঘাট, জেলা- নদীয়া, পিন নং- ৭৪১২৫৫। ৪। রাশমী বীন, স্বামী- মিঠুন বীন, সাং- হবীবপুর বীন পাড়া, পোষ্ট- হবীবপুর, থানা -রানাঘাট, জেলা- নদীয়া, পিন নং- ৭৪১৪০২। ৫। রাধা চৌহান, স্বামী- মিন্টু চৌহান, সাং- চাবিগেট পিয়দে পাড়া, পোষ্ট ও থানা- রানাঘাট, জেলা- নদীয়া, পিন নং- ৭৪১২০১। ৬। মঞ্জু কর্মকার, স্বামী- বিকাশ কর্মকার, সাং- সাটিগাছা বীনপাড়া, পোষ্ট- আনুলীয়া, থানা- রানাঘাট, জেলা- নদীয়া, পিন নং- ৭৪১২৫৫।

এতদ্বারা সর্বসাধারনের জ্ঞাতার্থে জানানো যায় যে, উক্ত দরখাস্তকারী রানাঘাট থানার অধীন সাটিগাছা বীন পাড়া নিবাসী মৃত রঘুনাথ বীন (পিতা মৃত সুখদেব বীন) এর সম্পাদিত নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি লইয়া ইংরাজী ২৮/০৬/২০১৫ তারিখের ১/১৫ নং Registered Will এর Probate জন্য উপরোক্ত নং দরখাস্ত করিয়াছেন। এক্ষনে উক্ত কেসে (মোকর্দ্দমা) সংশ্লিষ্ট কোন ব্যক্তির কোন রকম আপত্তি থাকিলে অত্র বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ৩০ দিবস মধ্যে আদালতে হাজির হইয়া কারন দর্শাইবেন। অন্যথায় আইন মোতাবেক কার্য্য করা হইবে। অদ্য আমার স্বাক্ষর ও আদালতের মোহর যুক্ত মতে দেওয়া গেল।

**Schedule Property**

All that piece and parcel of land or ground measuring the same of 2.5 Decimals, in R.S & L.R Plot No. 482, appertains to R. S. Khatian No. 134, 138, L.R Khatian No. 604, under Satigacha Mouza, J. L No. 154, P. S- Ranaghat, Dist Nadia. On the North by Bali Bin, On the South by Pancha Road, On the East by 6 Ft Road, On the West by Patal Parshi.

By Order of the Court
মধুসূদন পাল
Sheristader
Court of District Delegate at Ranaghat, Nadia.
18/11/22

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

### বিজ্ঞপ্তি

**In the court of District Delegate, Paschim Medinipur**
**Succession Case No. 20/2023**

সঞ্জয় মাহাত, পিতা- স্বর্গীয় সন্তোষ কুমার মাহাত দীং, সাকিন- পাথরি, পোঃ- পিড়াকাটা, থানা- শালবনি, জেলা- পশ্চিম মেদিনীপুর

...দরখাস্তকারীগন

সর্ব্বসাধারনকে জ্ঞাত করা যাইতেছে যে গত ইং- ২২/০৮/২০২২ তারিখে সন্তোষ কুমার মাহাত, পিতা- স্বর্গীয় রঞ্জিত কুমার মাহাত সাকিন- পাথরি, পোঃ- পিড়াকাটা,, থানা- শালবনি, জেলা- পশ্চিম মেদিনীপুর গত হইয়াছেন তাহার পূর্বে নিম্ন তপশীল বর্ণিত টাকা গচ্ছিত রাখিয়াছিলেন। উক্ত সম্পত্তির উত্তরাধিকার পাইবার জন্য অত্র দরখাস্তকারীর উপরোক্ত আদালতে দরখাস্ত করিয়াছেন। উক্ত বিষয়ে কাহারো কোনোরূপ আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ত্রিশ দিনের মধ্যে উপরোক্ত আদালতে হাজির হইয়া আপত্তি দাখিল করিতে পারিবেন নতুবা আদালতে একতরফা শুনানী হইবে।

**তপশীল সম্পত্তির বিবরন**

A/C No.- 01900110022986 Rs. 18,41,280/- UCO Bank, Kolkata Main RT

অনুমত্যানুসারে
Tapas Ranjan Chakraborty
সেরেস্তাদার
ডিস্ট্রিক্ট ডেলিগেট, পশ্চিম মেদিনীপুর, ০৩/০৮/২০২৩

### বিজ্ঞপ্তি

**জেলা- পশ্চিম মেদিনীপুর ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত**
**সাকসেশান কেশ ২২/২০২৩**

**তুহিন পাল দীং** ...দরখাস্তকারি

এতদ্বারা পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর আনন্দপুর থানার অন্তর্গত আনন্দপুর সাকিন এর সর্বসাধারণ অধিবাসীগনকে জানানো যাইতেছে যে, উক্ত সাকিনের মৃত শান্তি পাল এবং মৃত ভক্তি পাল এর থাকা নিম্নতপশীল বর্ণিত টাকা সমূহ পাওনের জন্য উপরোক্ত দরখাস্তকারী উপরোক্ত আদালতে উক্ত মোকর্দ্দমা উত্থাপন করিয়াছেন। উক্ত মোকর্দ্দমার বিরুদ্ধে আপনার বা আপনাদের কোন আপত্তি থাকিলে অত্র নোটিশ প্রাপ্তীর ৩০ দিনের মধ্যে উক্ত আদালতে হাজির হইয়া আপত্তি দাখিল করিবেন। অন্যথায় আইন মোতাবেক কার্য্য হইবে।

**(A) Schedule**

A/C No 0680010101723 of United Bank of India Now Panjab National Bank of Anandapur Branch Rs, 62,309
A/C No 0680010103383 of United Bank of India Now Panjab National Bank of Anandapur Branch Rs, 219277.54

অনুমত্যানুসারে
Tapas Ranjan Chakraborty
সেরেস্তাদার
ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, পশ্চিম মেদিনীপুর
০৪/০৮/২০২৩

### বিজ্ঞপ্তি

**জেলা হুগলী ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, চুঁচুড়া, হুগলী।**
**২০২১ সালের ১২নং এ্যাক্ট ৩৯ মোকর্দ্দমা**

দরখাস্তকারি- দীপেন্দু মুখার্জী, পিতা- ঁগঙ্গাহরি মুখার্জী, সাং- মগরা স্টেশন রোড, কোলা, পোঃ ও থানা- মগরা, জেলা- হুগলী।

এতদ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, জেলা- হুগলী থানা- মগরার অধীন জায়াপুর নিবাসী অধুনা মৃত সত্যময়ী দেবী, স্বামী- ঁগঙ্গাহরি মুখার্জী, গত ইং ০২-০৯-২০০১ তারিখে পরলোক গমন করায় তাহার ত্যক্ত উইল মূলে প্রাপ্ত সম্পত্তি পাইবার নিমিত্তে উক্ত দরখাস্তকারী প্রবেট সার্টিফিকেটের জন্য দরখাস্ত করিয়াছেন। উক্ত মোকর্দ্দমার বিষয়ে কাহারও কোন আপত্তি থাকিলে তিনি বা তাহার ভারপ্রাপ্ত উকিলবাবু দ্বারা বিজ্ঞপ্তি জারী হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অত্র আদালতে আপত্তি দাখিল করিবেন। অন্যথায় উক্ত দরখাস্তের একতরফা শুনানী হইবে।

**তপশীল**

জেলা ও জেলা সাবরেজিস্ট্রি অফিস হুগলী, থানা- মগরা, জে. এল. নং- ২২ জায়াপুর মৌজা, আর.এস. খতিয়ান নং ২৩, এল. আর. খতিয়ান নং- ৬০, দাগ নং ৩৩৫ উত্তর- দক্ষিন, পূর্বে-৩৮'-৯" লম্বা এবং পূর্ব-পশ্চিমে ১৫'-৩" চওড়া, ২টি ঘর সহ যাহা রান্নাঘর এবং সাব ঘর যাহার পরিমাপ ১৪ শতক ৫.৫ বর্গফুট।

দরখাস্তকারির পক্ষে
রঞ্জণা কুশবাহা
এ্যাডভোকেট

আদালতের অনুমত্যানুসারে
শ্রী চরণ সিং
সেরেস্তাদার
ডিস্ট্রিক্ট ডেলিগেট হুগলী।

# এবার দুর্গা পুজোর মণ্ডপকে ব্যবহার করবে রাজ্য

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে সাধারণ মানুষকে জানাতে এবার দুর্গা পুজোর মণ্ডপকে ব্যবহার করবে রাজ্য সরকার। মঙ্গলবার কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে পুজো উদ্যোক্তাদের সঙ্গে বৈঠকে বিভিন্ন দপ্তরকে এই মর্মে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। কোন কোন দপ্তর কি মর্মে পুজো মণ্ডপে বিজ্ঞাপন করবেন তার একটি পথনির্দেশও এদিন দিয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী। এর ফলে একদিকে পুজো কমিটিগুলি যেরকম বিজ্ঞাপন পেয়ে উপকৃত হবে তেমনই সরকারের নানাবিধ কাজকর্ম সম্পর্কে জানতে পারবেন রাজ্যের মানুষ। এদিন পুজো বৈঠকে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন কলকাতা থেকে জেলা এবার দুর্গা পুজোর মণ্ডপে বিভিন্ন দপ্তর প্রচার সম্বলিত হোর্ডিং দেবে। মানুষের জন্য সেই দপ্তর কি কি কাজ করছে মূলত তাই তুলে ধরা হবে হোর্ডিং- এ। ওই সব দপ্তরের অধীনে কোন প্রকল্পে কি সুবিধা পাওয়া যায় তাও জানানো হবে বিজ্ঞাপনের আকারে। উদাহরণ দিয়ে তিনি বলেন, পর্যটন দপ্তর বিভিন্ন টুরিস্ট স্পট, প্যাকেজ ইত্যাদি নিয়ে বিজ্ঞাপন দেবে। ডেউচা পাঁচ আমি প্রকল্প নিয়ে বিজ্ঞাপন দেবে শিল্প দপ্তর। তথ্য সংস্কৃতি দফতর উৎসবে ঐক্যের বার্তা দিয়ে বিজ্ঞাপন দিতে পারে।

মুখ্যমন্ত্রী মমতা এদিন জানান, পুজোকে কেন্দ্র করে বাংলায় ৬০ হাজার কোটি টাকার বাজার তৈরি হয়। পুজোয় বহু মানুষের রোজগারের ব্যবস্থা হয়। পুজো কমিটিগুলির আয় বাড়ানোর উপর বারবার জোর দেন তিনি। তাই শান্তিতে, নির্বিঘ্নে পুজো হওয়ায় জোর দেন মমতা। তিনি জোর দেন মণ্ডপের অগ্নিনির্বাপক ব্যবস্থা, ভিড় নিয়ন্ত্রণ নিয়ে। সব সম্প্রদায়ের সম্প্রীতির পরিবেশ বজায় রাখার অনুরোধ জানান মমতা। শান্তিতে, ভাল করে, মন দিয়ে দুর্গাপুজো করার পরামর্শ দিয়ে পুজোর যেন ঢাকি কাঠি ফেলে দিলেন।

## কলেজ ছাত্রীকে ধর্ষণের অভিযোগে ধৃত ২ অভিযুক্ত

**নিজস্ব প্রতিবেদন, দত্তপুকুর:** বন্ধুত্বের অছিলায় বাড়িতে ডেকে নিয়ে গিয়ে বান্ধবীকে ধর্ষণ করার অভিযোগ উঠল এক কলেজ ছাত্রের বিরুদ্ধে। শুধু তাই নয়, ধর্ষণের ভিডিও ফুটেজ তুলে রেখে প্রাণনাশের হুমকি ও সোশ্যাল মিডিয়াতে ওই ভিডিও ফুটেজ ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে ফের বার বার ধর্ষণের অভিযোগ দত্তপুকুর থানা এলাকার আলগড়িয়া গ্রামের বাসিন্দা সোহেল আলি গাজি নামে এক ছাত্রের বিরুদ্ধে। জানা গিয়েছে, সোহেল আলি গাজির পরিবার শাসকদলের ঘনিষ্ঠ হওয়ায় রাজনৈতিক ভাবে প্রভাবশালী বলে দাবি। ফলে গ্রামে কোনও রকম সুরাহা না পেয়ে আদালতের দ্বারস্থ নির্যাতিতা কলেজ ছাত্রী। ওই কলেজ পড়ুয়ার দাবি, গত ২০ এপ্রিল সন্ধ্যায় ঠান্ডা পানীয়ের সঙ্গে অচৈতন্য করার রাসায়নিক মিশিয়েছিল অভিযুক্ত কলেজ ছাত্র। তাতেই জ্ঞান হারান ছাত্রী। সেই সুযোগে তাঁকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। সোমবার নির্যাতিতা কলেজ ছাত্রী দত্তপুকুর থানায় ঘটনার বিবরণ দিয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করেন। তারপরেই নড়েচড়ে বসে দত্তপুকুর থানার পুলিশ। লিখিত অভিযোগ পাওয়ার পরেই দত্তপুকুর থানার পুলিশ অভিযুক্ত সোহেল আলি গাজি ও তাঁর এক নিকট বন্ধুকে গ্রেপতার করে।

## ২৪ ঘণ্টারও বেশি নির্জলা হাসপাতাল, জলের জন্য ছুটছেন রোগী ও পরিজনরা



**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** ২৪ ঘণ্টারও বেশি সময় ধরে নির্জলা হাসপাতাল! সামান্য পানীয় জলটুকু সংগ্রহ করতেও ভর্তি থাকা রোগী থেকে রোগীর পরিজনদের ছুটতে হচ্ছে আশপাশের গ্রামে, এমনটাই দাবি। বাঁকুড়ার হীড়বাঁধ ব্লকের আমঝুরি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের এই অবস্থায় স্বাভাবিক ভাবেই প্রশ্নের মুখে স্বাস্থ্য পরিকাঠামো।

বাঁকুড়ার আমঝুরি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আউটডোর ছাড়াও রয়েছে ইনডোর চিকিৎসা পরিষেবা। ৩০টি শয্যাবিশিষ্ট এই হাসপাতালের ইনডোরে প্রায় প্রতিদিনই ভর্তি থাকেন ১২ থেকে ১৫ জন রোগী। হাসপাতালের পানীয় জল থেকে শৌচালয়ে জল সরবরাহের জন্য রয়েছে একটি সাবমার্সিবল পাম্প। জানা গিয়েছে, রবিবার সন্ধ্যায় ওই পাম্প আচমকাই বিকল হয়ে পড়ায় নির্জলা হয়ে পড়ে হাসপাতালটি। আউটডোর চিকিৎসা পরিষেবায় তেমন প্রভাব না পড়লেও, ইনডোর পরিষেবা কার্যত বিপর্যস্ত হয়ে ওঠে জলের অভাবে। ভর্তি থাকা রোগীদের সামান্য পানীয় জলটুকু সংগ্রহ করতেও ছুটে যেতে হয় পার্শ্ববর্তী গ্রামে। ঘটনার কথা স্থানীয় হীড়বাঁধ ব্লক প্রশাসনকে জানানো হলেও পাম্প মেরামতির কাজ সম্পূর্ণ না হওয়ায় হাসপাতালের হাল ফেরেনি বলে দাবি। ফলে রোগী দুর্ভোগ সেই তিমিরেই রয়ে গিয়েছে বলেও দাবি।

স্বাস্থ্য দপ্তরের দাবি, বিকল পাম্প মেরামতির কাজ শুরু হয়েছে। পাশাপাশি ব্লক প্রশাসনের তরফে পানীয় জলের ট্যাঙ্ক হাসপাতালে পাঠিয়ে জলের চাহিদা মেটানোর চেষ্টা চালানো হচ্ছে। ওই হাসপাতালের পাম্প মেরামত করে জল সরবরাহ কখন স্বাভাবিক হয় সেদিকেই তাকিয়ে হাসপাতালে ভর্তি থাকা রোগী ও রোগীদের পরিজনরা।

## অ্যাস্ট্রো সাইন্স অ্যাকাডেমির মিলন উৎসব



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** অনুষ্ঠিত হয়ে গেল কলকাতা অ্যাস্ট্রো সাইন্স একাডেমি আয়োজিত মিলন উৎসব ও সংবর্ধনা প্রদান অনুষ্ঠান। এখান থেকেই প্রকাশিত হয় অ্যাস্ট্রো সাইন্স একাডেমির প্রথম পত্রিকা 'আলোর দিশারী '। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বামী প্রণবানন্দ মহারাজ প্রতিষ্ঠিত ভারত সেবাশ্রম সংঘ আন্তর্জাতিক কোর কমিটির সদস্য, স্বামী আত্মভোলানন্দ মহারাজ (দয়াময় মহারাজ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অমিতা মুখোপাধ্যায় (অমৃতাময়ী মা), আচার্য রথীন্দ্র কুমার মল্লিক (শ্রী মনু), প্রফেসর অভিজ্ঞান আচার্য, পণ্ডিত অনিমেষ শাস্ত্রী, প্রফেসর স্বরাজ বোস, প্রফেসর অর্জুন চক্রবর্তী, চিকিৎসক ও সমাজসেবক ড. শীর্ষেন্দু রায়, রেল দফতরের পদাধিকারী ও সমাজসেবক অভিজিৎ রায়। উপস্থিত ছিলেন বেশ কয়েকজন প্রতিষ্ঠিত জ্যোতিষী ও ব্যবসায়ী।

## পুকুরে বিষ তেল দিয়ে মাছ মারার অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, অশোকনগর:** রাতের অন্ধকারে পুকুরে বিষ তেল দিয়ে মাছ মারার অভিযোগ উঠল অশোকনগরে। মরা মাছের পচা গন্ধে ঘুম উড়েছিল এলাকাবাসীর। এই ঘটনাটি ঘটেছে অশোকনগর কল্যাণগড় পুরসভার ১৭ নম্বর ওয়ার্ডের ধর ভান্ডার গলি এলাকায়।

স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার রাত থেকেই পুকুরে মাছ ভেসে ওঠার চিত্র অনেকেরই নজরে আসে, তবে সেই অর্থে তেমন ভাবে কেউই গুরুত্ব দেয়নি বলে দাবি। মঙ্গলবার সকাল হতেই চিত্রটা বদলে যায়। আরও দাবি, মরা মাছে সাদা হয়ে উঠল গোটা পুকুর। কী নেই তালিকায় তেলাপিয়া থেকে শুরু করে শোল মাছ, কই, পুঁটি এমনকি বাদ যায়নি সাপ, ব্যাঙও, সব কিছুই মরে ভেসে উঠেছে পুকুরের জলে। মরা মাছের দুর্গন্ধে অস্থির হয়ে ওঠে এলাকাবাসী। মরা মাছের দুর্গন্ধ থেকে বাঁচতে স্থানীয়রাই একজোট হয়ে পুকুর থেকে সব তুলে মাটি খুঁড়ে চাপা দেওয়ার ব্যবস্থা করে। পুকুর কমিটির সঙ্গে যুক্ত অশোক চক্রবর্তী নামে এক ব্যক্তি জানিয়েছেন, 'বেশ কয়েক বছর ধরে আমরা পাড়ার কয়েকটি পরিবার মিলে এই পুকুরে মাছ চাষ করছি। এই বছরও হাজার হাজার টাকার মাছ ছেড়েছিলাম। কিন্তু এ বছর যে কাণ্ড ঘটল, বিগত দিনে এরকম ঘটনা কোনও দিন ঘটেনি।' স্থানীয় এক গৃহবধূ জানিয়েছেন, 'যারা একসঙ্গে এতগুলো মাছ বিষ দিয়ে মেরেছে, তাদের শাস্তি হওয়া উচিত।'

## আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার যুবক



**নিজস্ব প্রতিবেদন, হাওড়া:** পুরনো ডাকাতির ঘটনার তদন্তে বড়সড় সাফল্য পেল হাওড়ার সিটি পুলিশ । গোপন সূত্রে খবর পেয়ে মঙ্গলবার সকালে টিকিয়াপাড়া স্টেশন সংলগ্ন এলাকা থেকে আগ্নেয়াস্ত্র, গুলি সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করে হাওড়া ব্যাঁটরা থানার পুলিশ। ধৃত ব্যক্তির নাম সুরাজ রায় ওরফে রাজা (২৪), বাড়ি মুর্শিদাবাদ জেলার লালবাগ এলাকায়। গত ১৯শে জুন হাওড়ার বেনারস রোডে হওয়া একটি ডাকাতির ঘটনায় ৫ জন অভিযুক্তের মধ্যে পার্থ দাস ওরফে রনি নামে এক যুবককে সোমবার গ্রেপ্তার করেন তদন্তকারী আধিকারিকরা। তাকে জিজ্ঞাসাবাদে সময় জানা যায় সুরাজের নাম, জানা যায় ডাকাতির জন্য অস্ত্র কেনার কথা। মঙ্গলবার সকাল থেকেই টিকিয়াপাড়া স্টেশন সংলগ্ন অঞ্চলে ব্যাঁটরা থানার পুলিশ ও হাওড়া সিটি পুলিশের গোয়েন্দা বিভাগের আধিকারীরা নজর রেখেছিলেন? সকাল সাড়ে সাতটা থেকে আটটার সময় সুরাজ অস্ত্র দিতে এলে পুলিশ তাকে হাতেনাতে গ্রেপ্তার করে । তার কাছ থেকে পুলিশ ১৩০ রাউন্ড গুলি, ২টি ৭এমএম পিস্তল, ২টি ম্যাগাজিন ও ১টি সিক্সসার পিস্তল উদ্ধার করে। ধৃত সুরাজের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে।

## সিএসআইআর-সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট (সিএমইআরআই)-এর এক সপ্তাহব্যাপী ল্যাব প্রোগ্রাম কর্মসূচি




**নিজস্ব প্রতিবেদন:** সিএসআইআর , এর অধীন সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইন্সটিটিউট (সিএমইআরআই) দুর্গাপুরের এক সপ্তাহব্যাপী এক গবেষণাগার কর্মসূচি উপলক্ষে গত ২১ আগস্ট নতুন দিল্লির সিএসআইআর , ন্যাশনাল ফিজিক্যাল ল্যাবরেটরি (এনপিএল)-এ এক কার্টেন রেজার অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং, সিএসআইআর-এনপিএল-এর অধিকর্তা অধ্যাপক ডঃ এন কালাইসলভি, সিএসআইআর-এর মহানির্দেশক ডঃ এন সি মুর্মু, সিএসআইআর-সিএমইআরআই দুর্গাপুরের নির্দেশক অধ্যাপক ভেনু গোপাল আচার্যতা, সিএসআইআর-এনপিএল-এর নির্দেশক অধ্যাপক এবং বিভিন্ন প্রতিষ্ঠান, শিল্প ও অন্যান্য সংগঠনের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

এই উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী সিএসআইআর-সিএমইআরআই-এর ই-ট্রাক্টর, ভেহিকেল মাউন্টেড মেকানাইজড ড্রেন ক্লিনিং সিস্টেম (ভিএম-এমডিসিএস), মব কন্ট্রোল ভেহিকলস (এমসিভি), ইন্টিগ্রেটেড মিউনিসিপাল সলিড বর্জ্য ব্যবস্থাপনা ডিসপোজাল সিস্টেম (আইএমএসডিডিএস) এর মতো বিভিন্ন যন্ত্রপাতির প্রদর্শন করা হয়।

## প্রবীণ নাগরিক দিবস পালন পিএনবি-র



**নিজস্ব প্রতিবেদন:** ২১ অগাস্ট জাতীয় প্রবীণ নাগরিক দিবস। পিএনবি-র তরফ থেকে এই দিনটিকে স্মরণীয় করে রাখতে পিএনবির কলকাতা জোনের ওল্ড কোর্ট হাউস স্ট্রিট শাখায় প্রবীণ নাগরিকদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়। এদিনের এই অনুষ্ঠানে পিএনবি-র এমডি ও সিইও অতুল কুমার গোয়েল নতুন দিল্লির সদর দপ্তর থেকে ওল্ট কোর্ট হাউস স্ট্রিট সহ ভারত সহ ভারতের বাইরেও ১১টি পেনশনার লঞ্জের উদ্বোধন করেন। একইসঙ্গে 'স্পন্দন' নামে একটি পুস্তিকাও প্রকাশ করা হয়। যেখানে প্রবীণ নাগরিকদের জন্য নিয়মিতভাবে বিভিন্ন প্রকল্প সংক্রান্ত তথ্যও তুলে ধরা হয়েছে। এদিনের এই অনুষ্ঠানে কলকাতার জোনাল ম্যানেজার শ্রী ফিরোজ হাসনাইন জানান, পিএনবির তরফ থেকে কলকাতা অঞ্চলের প্রবীণ নাগরিকদের জন্য নিয়মিত ব্যবধানে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়। পাশাপাশি ব্যাঙ্কের প্রবীণ নাগরিকদের জন্য একটি বিশেষ লাউঞ্জ সুবিধা প্রদান করে যেখানে খুব সুন্দর এবং অত্যন্ত সুবিধাজনক এক ব্যাঙ্কিং পরিষেবা দেওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে।

একদিন
# আমার শহর
কলকাতা ২৩ অগস্ট ৫ ভাদ্র, ১৪৩০, বুধবার

# টানা ১৮ ঘণ্টা সুজয়কৃষ্ণর অফিসে তল্লাশিতে বেশ কিছু নথি বাজেয়াপ্ত

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** টানা ১৮ ঘণ্টা সুজয়কৃষ্ণ ভদ্রর পুরনো অফিসে তল্লাশি চালালেন ইডির আধিকারিকেরা। এরপর মঙ্গলবার ভোরে যখন তদন্তকারীরা নিউ আলিপুরের অফিস থেকে বের হন তখন তদন্তকারী আধিকারিকদের হাতে ছিল তিনটি ব্যাগ। সূত্রের খবর, এখান থেকে বেশ কিছু নথি বাজেয়াপ্ত করেছেন তদন্তকারীরা। সোমবার দুপুরের পর থেকে সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে 'কালীঘাটের কাকু'র পুরনো অফিস 'লিপ্স অ্যান্ড বাউন্ডস' -এ হানা দেয় কেন্দ্রীয় তদন্তকারী গোয়েন্দা সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। রাতভর সেখানে তল্লাশি চলে ইডির।

সূত্রের খবর, বিষ্ণুপুর প্ল্যান্টের দু'টি কম্পিউটার ঘেঁটে দেখেছেন অফিসাররা। একাধিক নথি প্রিন্ট আউট করে সঙ্গে নিয়ে এসেছেন অফিসাররা। জল কোথায় কোথায় সরবরাহ করা হত, সে ব্যাপারে খোঁজ নিয়েছেন তদন্তকারীরা। সংস্থার বছরের আয়ব্যয় কত? সেই হিসেবে নজর ইডি-র। কোনও ঋণ আছে কিনা, থাকলে কোথা থেকে ঋণ নেওয়া হয়েছে, সে বিষয়ে খোঁজ নেওয়া হয়েছে।

সোমবার রাতভর তল্লাশিতে সংস্থার নিউ আলিপুরের অফিস থেকে উদ্ধার হয়েছে আর্থিক লেনদেন সংক্রান্ত বিপুল নথি। উদ্ধার বিভিন্ন সংস্থার সঙ্গে মউ এবং চুক্তিপত্র। সংস্থার কম্পিউটার এবং ল্যাপটপ থেকে উদ্ধার করা হয়েছে নথি। সেই নথি থেকেই হদিশ মিলেছে একাধিক বড় অঙ্কের লেনদেনের এসডি কনসালট্যান্সি ছাড়াও একাধিক নির্মাণ সংস্থার থেকে টাকা ঘুরপথে টাকা ঢুকেছে 'লিপ্স অ্যান্ড বাউন্ডসের' অ্যাকাউন্টে।

তদন্তকারীদের ইঙ্গিত, এই লেনদেন সন্দেহজনক যে নির্মাণ সংস্থাগুলো থেকে টাকা ঢুকেছে, সেগুলো অধিকাংশই শেল কোম্পানির মতো কাজ করে। ঘুরপথে কাল টাকা ঢুকেছে ইঙ্গিত গোয়েন্দাদের প্রকাশ্যে আসছে একাধিক নির্মাণ সংস্থার নাম 'লিপস অ্যান্ড বাউন্ডস ইনফ্রা কনসালট্যান্ট প্রাইভেট লিমিটেড' সংস্থার প্রাক্তন কিছু ডিরেক্টরের নামে থাকা এক গুচ্ছ কোম্পানির হিসাব তদন্তকারীদের নজরে রয়েছে।



সোমবার শহরের বিভিন্ন জায়গায় তল্লাশি চালায় ইডি। মূলত কালীঘাটের কাকুর সঙ্গে যোগ রয়েছে এমনই কিছু জায়গায় যান তদন্তকারীরা। সুজয়কৃষ্ণর আলিপুরের ফ্ল্যাটে যেমন তল্লাশি চালিয়েছে ইডি, গিয়েছিল তাঁর জামাইয়ের ফ্ল্যাটেও। যায় লিপস অ্যান্ড বাউন্ডস অফিসেও। রাতভর সেখানে ইডি তদন্ত চালায়। নিয়োগ দুর্নীতি মামলায় ইডির হাতে গ্রেফতার হন সুজয়কৃষ্ণ ভদ্র। ইতিমধ্যেই ইডির চার্জশিটে সুজয়কৃষ্ণর নামের উল্লেখ করা হয়েছে। তদন্তকারীদের ধারনা, এই মামলায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারেন সুজয়কৃষ্ণ। প্রসঙ্গত, ২০১৬ সাল পর্যন্ত এই লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার অন্যতম ডিরেক্টর পদে ছিলেন সুজয়কৃষ্ণ ভদ্র।

# যাদবপুরে নিগ্রহের ঘটনায় শুভেন্দুকে ডাকল পুলিশ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এক প্রতিবাদ কর্মসূচিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আক্রান্ত হওয়ার অভিযোগ তুলেছিলেন। সেই অভিযোগের প্রেক্ষিতে শুভেন্দুর কাছ থেকে বিস্তারিত জানতে নোটিস পাঠাল পুলিশ।

প্রসঙ্গত,যাদবপুরের পড়ুয়া মৃত্যুর পর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের কাছে একটি প্রতিবাদ সভার আয়োজন করা হয় বিজেপির তরফে। এবিভিপি কর্মীদের একটি প্রতিবাদ সভায় যোগ দিয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সেখানেই অপর এক ছাত্র সংগঠনের বিরোধ বাধে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ৩ নম্বর গেটের সামনে শুরু হয় তুমুল হই হট্টগোল। শুরু হয় হাতাহাতিও। এই সময়েই শুভেন্দু অধিকারীর উপর কয়েকজন ছাত্র চড়াও হয় বলে অভিযোগ করা হয়। শুভেন্দু অধিকারীকে শারীরিক নিগ্রহ করা হয় বলেও অভিযোগ। অতি বামপন্থী দলের সদস্যরা তাঁর উপর আক্রমণ চালিয়েছে বলে অভিযোগ করা হয়। সেই ঘটনার পরিপ্রেক্ষিতেই অভিযোগ জানিয়েছিলেন নন্দীগ্রামের তৃণমূল বিধায়ক।



যাদবপুর ক্যাম্পাসে শুভেন্দু অধিকারী। ফাইল চিত্র

**ABRIDGED TENDER NOTICE**

**e-N.I.T. No. – WBEO/SUTAHATA/08/2023-2024**

The Executive Officer, Sutahata Panchayat Samiti invites tender from bonafied bidders for Supply of E-Cart for the purpose of collecting and transportation of dry waste especially plastic waste in different Gram Panchayat within Sutahata Panchayat Samiti. Details may be accessed and duly responded through http://www.wbtenders.gov.in from 23rd August, 2023 (Wednesday) at 10-00 Hours to 1st September, 2023 (Friday) up to 17-00 Hours.

**Sd/- Executive Officer**
**Sutahata Panchayat Samiti**

**HOWRAH MUNICIPAL CORPORATION BOROUGH - III**
**50, PANCHANANTALA ROAD, HOWRAH- 711101,**
**PHONE - 033-2640-4049/6292299603**

**TENDER NOTICE**

**NIT No. : TN/004/AE/B-III/2023-24** **Date : 22.08.2023**

For details of N.I.T. please refer to notice board of Borough - III & also H.M.C. website i.e. www.myhmc.in & www.wbtenders.gov.in.

**Bid submission starting date 22.08.2023 at 6:00 P.M. (ON-LINE).**
**Bid submission closing date 02.09.2023 at 6:00 P.M. (ON-LINE).**

Assistant Engineer, Borough-III
Howrah Municipal Corporation

**DEBRA THANA SAHID KSHUDIRAM MAHAVIDYALAYA**
**(Government Aided, NAAC Accredited College, affiliated to Vidyasagar University**
**P.O- Chakshyampur, Dist- Paschim Medinipur. PIN- 721124 W.B**

**Notice Inviting Tender**

**E Tender (2023_DHE_558994_1) dated: 21/08/2023**
**Tender Reference No. dtsksm/ NIT 47/23 dated - 28/08/2023.**

E- Tenders are invited from eligible Suppliers/Firms/agencies/having successfully completed similar nature of works with adequate working experience and financial capabilities. Intending bidder may download the tender documents from the website **https://wbtenders.gov.in.**

**Information about the work:**

| | |
|---|---|
| Name of the work | Procurement of 40kVA green Generator for Debra Thana Sahid Kshudiram Smriti Mahavidyalaya, Paschim Midnapur vide administrative approval No 249-Edn(CS)/HED 518Edn(CS)/HED-17014(99)/57/2023-SE SEC Dept. of HE- dated 07-08-2023. |
| Bid Submission Start Date | 21-08-2023 at 18.00 Hours. |
| Bid Submission End Date | 07-09-2023 at 16.00 Hours. |

**Sd/-(Dr. Rupa Dasgupta) Principal**
**Debra Thana Sahid Kshudiram Smriti Mahavidyalaya**
**Chakshyampur, Debra, Paschim Medinipur.**

# টেটে 'ছয় নম্বর দেওয়ার' মামলা বিচারপতি গঙ্গোপাধ্যায়ের বেঞ্চেই

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ২০১৪ সালের টেটের ছয় নম্বর দেওয়ার মামলা আবার ফিরল কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের একক বেঞ্চেই। আদালত সূত্রে খবর, মঙ্গলবার কলকাতা হাইকোর্টের বিচাররপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চ মামলা ফেরত পাঠাল বিচারপতি গঙ্গোপাধ্যায়ের একক বেঞ্চে। হাইকোর্টের ডিভিশন বেঞ্চ এদিন ফের পর্যবেক্ষণে জানায়, ২০১৪ সালের প্রাথমিক টেটের প্রশ্ন ভুল মামলায় সব প্রার্থীকে ৬ নম্বর দেওয়ার নির্দেশ সঠিক। প্রসঙ্গত, এর আগে প্রাথমিকের প্রশ্ন ভুল মামলায় ২০১৪ সালের টেটের সব পরীক্ষার্থীকে ৬ নম্বর দেওয়ার জন্য নির্দেশ দিয়েছিলেন বিচারপতি সুব্রত তালুকদারের ডিভিশন বেঞ্চ।

ডিভিশন বেঞ্চের সেই নির্দেশের পর প্রাথমিক শিক্ষা পর্ষদকে তিন সপ্তাহের সময়সীমা বেঁধে দিয়েছিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। নির্দেশ দিয়েছিলেন, তিন সপ্তাহের মধ্যে প্যানেল তৈরি করে ইন্টারভিউ নেওয়ার ব্যবস্থা করার জন্য।



বিচারপতি গঙ্গোপাধ্যায়ের একক বেঞ্চের নির্দেশের প্রেক্ষিতে ফের ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয় প্রাথমিক শিক্ষা পর্ষদ। সেই মামলা যায় বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চে। মঙ্গলবার বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চে ওই মামলার শুনানি ছিল। তাতে ডিভিশন বেঞ্চ এদিন ফের জানিয়ে দিল, ২০১৪ সালের টেট পরীক্ষায় প্রশ্ন ভুলের ঘটনায় সব পরীক্ষার্থীকে ছয় নম্বর দেওয়ার সিদ্ধান্ত সঠিক।

তবে এদিন প্রাথমিক শিক্ষা পর্ষদের তরফে জানানো হয় যে তাদের হলফনামা হাইকোর্টের একক বেঞ্চে গ্রহণ করা হয়নি। সেই আবেদনের প্রেক্ষিতে ডিভিশন বেঞ্চের নির্দেশ, পর্ষদ একক বেঞ্চে হলফনামা দিয়ে নিজেদের বক্তব্য জানাতে পারবে। সেই হলফনামা দেখার পর প্রয়োজনীয় সিদ্ধান্ত নেবেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। এদিন মামলার শুনানির পর ফের বিচারপতি গঙ্গোপাধ্যায়ের বেঞ্চেই ২০১৪ সালের প্রাথমিক টেটের ৬ নম্বরের মামলা ফেরত পাঠাল ডিভিশন বেঞ্চ।

# অন্তর্বর্তী উপাচার্য নিয়োগ নিয়ে কলকাতা হাইকোর্টে দায়ের আরও এক জনস্বার্থ মামলা

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা: রাজ্যপাল তথা আচার্যের অন্তর্বর্তী উপাচার্য নিয়োগ নিয়ে এবার কলকাতা হাইকোর্টে দায়ের হল আরও একটি জনস্বার্থ মামলা। আদালত সূত্রে খবর, মামলাকারীর বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রাজেশ দাশ। ড. রাজেশ দাশের দাবি, ইউজিসির আইনে অন্তর্বর্তী উপাচার্য নিয়োগ করার কোনও নিয়ম নেই। রাজ্যের বিশ্ববিদ্যালয় আইনে উপাচার্যের অনুপস্থিতিতে অন্তর্বতীকালীন উপাচার্য করা হলেও তাঁকে কোনও ক্ষমতা দেওয়া হয়নি। সেক্ষেত্রে শিক্ষামন্ত্রী বা শিক্ষা দফতরের অনুমতি নিতে হয় তাঁকে। একইসঙ্গে মামলাকারী এও জানান, বর্তমানে রাজ্যে প্রায় ১৩ জন অন্তর্বতীকালীন উপাচার্য নিযুক্ত হয়েছেন রাজ্যপালের সিদ্ধান্তে। যারা বিশ্ববিদ্যালয় সংক্রান্ত একাধিক সিদ্ধান্ত নিচ্ছেন। মামলাকারী অধ্যাপকের অভিযোগ, উপাচার্য হিসাবে যখন ক্ষমতাই নেই, তাহলে কীভাবে বৈঠক ডাকা, অর্থনৈতিক সিদ্ধান্ত নিচ্ছেন নব নিযুক্ত অন্তর্বর্তী উপাচার্যরা।**

**এরপরই মঙ্গলবার এই মামলায় প্রেক্ষিতে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের পর্যবেক্ষণ, যেহেতু এই সংক্রান্ত মামলা শীর্ষ আদালতে বিচারাধীন, ফলে তার নিষ্পত্তি হলে তবেই তিনি এই মামলা শুনবেন।**

**KANCHRAPARA MUNICIPALITY**

The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality form well reputed Agency/ Personnel through the Website **https://wbtenders.gov.in.Tender Notice No. 1092, Dt.21/08/2023** for Different Civil works at various ward under the jurisdiction of Kanchrapara Municipality. **Tender ID: 2023_ MAD_ 558922_1 to 30**. Last Date of Bid Submission **12/09/2023 up to 17.00 Pm.**

**S/D Kamal Adhikary,**
**Chairman**
**Kanchrapara Municipality**

**Chakdaha Municipality**

**NOTICE**

Chakdaha Municipality invites E-Tender vide memo no. **WBMAD/ CM/ BT/ PWD/ NIT92ND/23-24 & WBMAD/ CM/BT/ PWD/ NIT102ND/23-24, Tender Id:- 2023_ MAD_ 552775_1 & 2023_MAD_ 552800_1** for Repairing and renovation of Bituminous Road. For further information please visit **www.wbtenders.gov.in**

বৈঙ্ক ऑफ़ इंडिया Bank of India BOI
Relationship beyond banking

**বর্ধমান জোনাল অফিস**
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধাননগর, সেক্টর-২এ, দুর্গাপুর, জেলা- বর্ধমান, পিন-৭১৩২১২, ফোন নং- ০৩৪২-২৬৬৫৭০৩

**দখল বিজ্ঞপ্তি**
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট-৪ [রুল-৮(১) দেখুন]

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী, **ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার** অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৩-এর সঙ্গে পঠিত সেকশন ১৩(২) অধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নে বর্ণিত তারিখে দাবি বিজ্ঞপ্তি প্রদানপূর্বক নিম্নে বর্ণিত প্রতিটি একাউন্ট এর সাপেক্ষে বর্ণিত ঋণগ্রহীতাগণ কে উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলেন।
ঋণগ্রহীতাগণ টাকার অঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, বিশেষভাবে ঋণগ্রহীতাগণ/জামিনদার/বন্ধকদাতাগণ ও সাধারণভাবে জনগণকে এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে উল্লিখিত পরিসম্পদের দখল নিয়েছেন সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২-এর রুল ৮-এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩ -এর সাব-সেকশন (৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে নিম্নে বর্ণিত প্রতিটি একাউন্ট এর সাপেক্ষে বর্ণিত তারিখে।
বিশেষভাবে ঋণগ্রহীতাগণকে ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই বিষয় সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেনে উল্লিখিত অর্থ এবং তদুপরি সুদ **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া** -এর ধার্য সাপেক্ষ হবে।
ঋণগ্রহীতাগণের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।

| ক্র. নং | ক) শাখার নাম খ) ঋণগ্রহীতা ও জামিনদারের নাম | স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদের বিবরণ | ক) দখলের তারিখ খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) বকেয়া পরিমাণ |
|---|---|---|---|
| ১. | ক) কালারা শাখা খ) শ্রী ইয়ামিন মল্লিক (ঋণগ্রহীতা) | সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার আরএস ও এলআর প্লট নং- ১২২১, এলআর খতিয়ান নং- ২০৩৩/ জেএল নং- ৩৩, মৌজা- বলরামপুর, নিবন্ধন উপ-জেলা জামালপুর এবং জেলা- পূর্ব বর্ধমান, পঃবঃ- ৭১৩৪০৮, এলাকার পরিমাপ-৮ শতক। **সীমানা:** উত্তরে নাসিরের জমি, দক্ষিণে- কমন প্যাসেজ পঞ্চায়েত দিকে, পূর্বে- মিন্টুর জমি, পশ্চিমে- রহিমের জমি। | ক) ২২.০৮.২০২৩ খ) ০৮.০৩.২০২৩ গ) ৬,১২,৩৭৯.৯১ টাকা **(ছয় লক্ষ বার হাজার তিনশত উনআশি টাকা একানব্বই পয়সা মাত্র)** অনুযায়ী এবং তদুপরি সুদ |
| ২. | ক) সাঁকতিয়া শাখা খ) শ্রী মনিলাল অধিকারী (ঋণগ্রহীতা) পিতা- কাঞ্চী কান্ত অধিকারী | সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার আরএস ও এলআর প্লট নং- ৭৬৭, আরএস খতিয়ান ১৬৭ এবং ৩৫১ এলআর খতিয়ান নং- ৮২, জেএল নং ১৯৩, বড়বাইনান জিপির অধীনে, মৌজা- কামারগরিয়ার অধীনে মাধবডিহি, জেলা- পূর্ব বর্ধমান, পঃবঃ- ৭১৩৪০৮ এলাকার পরিমাপ- ০.১০ একর। **পরিবেষ্টিত:** উত্তরে- উদয় চাঁদ অধিকারীর জমি দ্বারা, দক্ষিণে- হরিসাধন অধিকারীর জমি দ্বারা, পূর্বে- বিজয় কোনেরের জমি দ্বারা, পশ্চিমে- অজিত অধিকারীর জমি দ্বারা। | ক) ২২.০৮.২০২৩ খ) ১৬.০৫.২০২৩ গ) ১৪,৪১,৮০৯.০০ টাকা **(চৌদ্দ লক্ষ একচল্লিশ হাজার আটশত নয় টাকা মাত্র)** অনুযায়ী এবং তদুপরি সুদ |

তারিখ: ২২.০৮.২০২৩
স্থান: দুর্গাপুর

অনুমোদিত অফিসার
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

# রাজ্য সরকারের বিরুদ্ধে মামলা দায়ের বিজেপি রাজ্য সভাপতির

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কেন্দ্রের প্রকল্প থেকে কেন বাংলার মানুষকে বঞ্চিত করা হচ্ছে, এই প্রশ্ন তুলে জনস্বার্থ মামলা দায়ের করল বিজেপি। কেন্দ্রীয় সরকারের একাধিক প্রকল্প থেকে এ রাজ্যের মানুষ বঞ্চিত হয়, এমন অভিযোগ বারবার তোলা হয়েছে বিজেপি শিবির থেকে। একই সুর অনেক সময়েই শোনা গেছে কেন্দ্রীয় নেতাদের গলাতেও। এদিকে 'আয়ুষ্মান ভারত'-এর মতো প্রকল্পও চালু করতে দেওয়া হয়নি বলে বঙ্গ বিজেপির তরফ থেকে অভিযোগ ওঠে রাজ্য সরকারের বিরুদ্ধে।

এই অভিযোগ নিয়ে সোজা হাইকোর্টের দ্বারস্থ হলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। কেন্দ্রের প্রকল্প থেকে কেন বাংলার মানুষকে বঞ্চিত করা হচ্ছে, এই প্রশ্ন তুলে জনস্বার্থ মামলা দায়ের করেন তিনি। সুকান্ত মজুমদারের অভিযোগ, কেন্দ্রের নরেন্দ্র মোদি সরকারের প্রকল্পের সুবিধা যাতে মানুষ না পায়, তার জন্য কেন্দ্রের তৈরি করা কমন সার্ভিস সেন্টার বা সিএসসি পর্যন্ত বন্ধ করে দেওয়া হয়েছে রাজ্য সরকারের তরফে। এদিকে আদালত সূত্রে খবর, মঙ্গলবার তাঁর মামলা গৃহীত হয়। আগামী সপ্তাহে প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে শুনানি হওয়ার সম্ভাবনা। এদিকে আদালত সূত্রে খবর, মঙ্গলবার হাইকোর্টে গিয়ে মামলা দায়ের করেন সুকান্ত। তিনি দাবি করেন, ২০২০ সালেই ও কমন সার্ভিস সেন্টার বন্ধ করে দেওয়া হয়েছে। পরিবর্তে খোলা হয়েছে বাংলা সেবা কেন্দ্র।

# আজই বের হতে চলেছে উচ্চ প্রাথমিকের চাকরির প্যানেল

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** আজ, বুধবার উচ্চ প্রাথমিকের প্যানেল প্রকাশ হতে চলেছে। আর এই তালিকায় নাম থাকতে পারে ১৩,৫০০ জন চাকরিপ্রার্থীর, এমনটাই খবর এসএসসি সূত্রে। জানানো হয়েছে, আদালতে এবার কউন্সিলিংয়ের অনুমতি চাইবে এসএসসি। আদালত অনুমতি দিলে চাকরিপ্রার্থীদের ডাকা হবে কাউন্সিলিংয়ে। আদালতের নির্দেশে উচ্চ প্রাথমিকের নিয়োগ প্রক্রিয়ায় এগোচ্ছে এসএসসি।

প্রসঙ্গত, নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছিল ২০১৪ সাল থেকে। এতদিন ধরে চলছিল নানা জটিলতা। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে উচ্চ প্রাথমিকের শিক্ষক নিয়োগ হবে। উচ্চ প্রাথমিকের প্যানেলেই বিভিন্ন তথ্য উল্লেখ করা থাকবে বলে স্কুল সার্ভিস কমিশন সূত্রে খবর। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিকের নম্বর, অ্যাকাডেমিক কোয়ালিফিকেশনে প্রাপ্ত নম্বর, টেটের নম্বরও উল্লেখ থাকে। প্রত্যেক চাকরিপ্রার্থীর নাম ও রোলের নম্বরের নীচে এই তথ্য প্রকাশিত হবে।

এই উচ্চ প্রাথমিকের নিয়োগ প্রক্রিয়া নিয়ে দীর্ঘ আট বছরে শহরের রাজপথ সাক্ষী থেকেছে চাকরিপ্রার্থীদের আন্দোলনের। প্রথমে উচ্চ প্রাথমিকের নিয়োগে প্যানেল ও প্রকাশ করে কমিশন। কিন্তু সেই প্যানেল অস্বচ্ছ বলে হাইকোর্টে মামলা দায়ের করেন চাকরিপ্রার্থীদের একাংশ।

**SOMA TEXTILES & INDUSTRIES LIMITED**
**CIN: L51909WB1940PLC010070**
Registered Office: 2, Red Cross Place, Kolkata - 700 001;
Phone No.: 033-22487406/07
Email: investors@somatextiles.com, Website: www.somatextiles.com

**NOTICE OF 85TH ANNUAL GENERAL MEETING**

**NOTICE** is hereby given that the 85th Annual General Meeting (85th AGM) of the Members of the Company will be held on Tuesday, 19th September, 2023 at 3-00P.M. ("IST") through Video Conference ("VC")/ Other Audio Visual Means ("OAVM") (herein after referred to as "electronic mode") to transact the business, as set out in the Notice of the 85th AGM which is being circulated for convening the 85th AGM.

In view of the continuing COVID-19 pandemic, the Ministry of Corporate Affairs ('MCA') has vide its General Circular No. 10/2022 dated 28th December 2022, General Circular No. 2/2022 dated 5th May 2022, General Circular No. 21/2021 dated 14th December 2021, General Circular No. 19/2021 dated 8th December 2021, General Circular No. 02/2021 dated 13th January 2021 read with General Circular No. 17/2020 dated 13th April 2020, General Circular No. 14/2020 dated 8th April 2020 and General Circular No. 20/2020 dated 5th May 2020 (collectively referred to as 'MCA Circulars') and Circular Nos. SEBI/HO/CFD/CMD1/ CIR/P/2020/79 dated 12th May 2020, SEBI/HO/CFD/CMD2/ CIR/P/2021/11 dated 15th January 2021, SEBI/HO/CFD/ CMD2/CIR/P/2022/62 dated 13th May 2022 and SEBI/HO/CFD/PoD-2/P/CIR/2023/4 dated 5th January 2023, respectively issued by the Securities and Exchange Board of India ('SEBI') (collectively referred to as 'SEBI Circulars'), permitted the holding of Annual General Meeting through VC or OAVM without the physical presence of Members at a common venue.In compliance with these MCA Circulars, SEBI Circular and the relevant provisions of the Companies Act, 2013 and the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the 85thAGM of the Members of the Company will be held through VC/OAVM.

In accordance with the MCA Circulars and the SEBI Circular, the Notice of the 85th AGM and the Annual Report for the Financial Year 2022-23 will be sent only by email to all those Members, whose email addresses are registered with the Company, RTA or with their respective Depository Participants ("Depository"). Members can join and participate in the 85th AGM through VC/OAVM facility only. The instructions for joining the 85th AGM and the manner of participation in the remote electronic voting or casting vote through the e-voting system during the 85th AGM are provided in the Notice of the 85th AGM. Members participating through the VC/OAVM facility shall be counted for the purpose of reckoning the quorum under Section 103 of the Companies Act, 2013. The Notice of the 85th AGM and the Annual Report will also be available on Company's website i.e. www.somatextiles.com,Central Depository Services (India) Limited ("CDSL")' website www.evotingindia.com and websites of Stock Exchanges (BSE Ltd and National Stock Exchange of India Ltd.)

In case the shareholder's email ID is already registered with the Company / its Registrar & Share Transfer Agent "RTA"/Depositories, log in details for e-voting are being sent on the registered email address.

In case you have not registered your e-mail address with the Company /RTA/Depository(ies), please follow below instructions for registration of email id for obtaining Annual Report and login details for e-voting :

| | |
|---|---|
| **Physical Holding** | Kindly log in to the website of our RTA, Link Intime India Private Ltd., www.linkintime.co.in under Investor Services > Email/Bank detail Registration-fill in the details and upload the required documents and submit. In case of any query, a member may send an e-mail to Registrar and Share Transfer Agent (RTA) at instameet@linkintime.co.in. |
| **Demat Holding** | Please contact your Depository Participant (DP) and your email address in your demat account, as per the process advised by your DP. |

By order of the Board
For **Soma Textiles & Industries Limited**
Sd/-
**(Reena Prasad)**
Company Secretary
M. No.: A 53284

Place: Kolkata
Date: 22nd August, 2023

यूनियन बैंक ऑफ़ इंडिया Union Bank of India
(A Govt. of India Undertaking)

**রিজিওনাল অফিস-গ্রেটার কলকাতা**
**৩, মিডলটন রো, পার্ক স্ট্রিট কলকাতা - ৭০০ ০৭১**
**ফোন নং-০৩৩-৪০৬৫১৮১৪২**

পরিশিষ্ট-৪
[রুল-৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিক হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সেকেন্ড) অ্যাক্ট ২০০২ (২০০২ -এর ৫৪) অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২) অধীনে তাঁর উপর ন্যস্ত ক্ষমতাবলে দাবি বিজ্ঞপ্তি জারি করে নিম্নে বর্ণিত ঋণগ্রহীতা কে আহ্বান জানিয়ে নোটিশে উল্লিখিত অর্থ উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলেন।
ঋণগ্রহীতা অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সাধারণ জনগণকে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলস-এর রুল ৮ -এর সঙ্গে পঠিত উল্লিখিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২এর সেকশন ১৩ এর সাব সেকশন(৪) অধীনে তাঁর (পুং/স্ত্রী) উপর ন্যস্ত অর্পিত ক্ষমতাবলে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন তাদের নামের সাপেক্ষে নির্দেশিত তারিখে।
বিশেষভাবে ঋণগ্রহীতাগণকে এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে তাঁরা যেন এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেন না করেন এবং সম্পত্তির সাথে কোনো লেনদেনের জন্য ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ধার্য সাপেক্ষ হবে।
ঋণগ্রহীতাগণের-এর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।

| ক্র. নং | ক) ঋণগ্রহীতা খ) অ্যাকাউন্টের নাম গ) শাখার নাম | সুরক্ষিত সম্পদের বিবরণ | ১) দাবি বিজ্ঞপ্তির তারিখ ২) বকেয়া পরিমাণ ৩) দখলের তারিখ |
|---|---|---|---|
| ১. | ক. মিসেস সিমা নস্কর খ. মেসার্স নস্কর বিল্ডার্স স্বত্বাধিকারী- সিমা নস্কর গ. ডায়মন্ড হারবার শাখা (ই-এবি) | মৌজা মাখালহাট, গ্রাম খুড়াগাছা, জেএল নং - ৮৮, পুরাতন তৌজি নং - ৩৩১/৩৩২, বর্তমান তৌজি নং - ৩৭, খতিয়ান নং - ৫, এলআর খতিয়ান নং - ৩৩, এলআর দাগ নং - ৩৫১, আরএস দাগ নং - ২৮৯ ডায়মন্ড হারবার পৌরসভার ২ নং ওয়ার্ডের অধীনে, থানা - ডায়মন্ড হারবার, এদিএসআর - ডায়মন্ড হারবার, জেলা - দক্ষিণ ২৪ পরগনা - ৭৪৩৩৩১ এ অবস্থিত ৩.৮৮ শতক পরিমাপের একটি প্লট এবং দ্বিতল আবাসিক ভবন যা আংশিকভাবে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয় এর সকল শ্রীমতী সিমা নস্কর এর নামে নিবন্ধিত। (২০০৪-এর উপহার দলিল নং-আই১৮ অনুযায়ী) **দলিল অনুযায়ী সীমানা** - উত্তর - নিতাই নস্করের সম্পত্তি, দক্ষিণ - শঙ্কর প্রসাদ মুখোপাধ্যায়, পূর্ব- উল্লেখ করা হয়নি, পশ্চিম- রাধেশ্যাম নস্করের সম্পত্তি। **১৪.০৭.২০২১ তারিখের মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী সীমানা-** উত্তর- নিতাই চাঁদ নস্করের সম্পত্তির পরে ১.২ মিটার প্রশস্ত সাধারণ পথ, দক্ষিণ-পুকুর, পূর্ব- পৌর ড্রেন এবং ১৫ ফুট চওড়া মিউনিসিপ্যাল রোড, পশ্চিম- রাধেশ্যাম নস্করের সম্পত্তি (অবিলম্বে পশ্চিম গৌর হরি নস্কর)। | ১. ২৪.০৪.২০২৩ ২. ১৫,১৪,২২০.৩১ টাকা (পনের লক্ষ চৌদ্দ হাজার দুইশো কুড়ি টাকা একত্রিশ পয়সা মাত্র)। (২৩.০৪.২০২৩ অনুযায়ী) এবং তার উপর সুদ। ৩. ১৭.০৮.২০২৩ |
| ২. | ক. শ্রী শিব কুমার সিং পিতা- প্রয়াত আলখ দেও সিং শ্রীমতী সঙ্গীতা সিং স্বামী- শিব কুমার সিং খ. শ্রী শিব কুমার সিং পিতা-প্রয়াত আলখ দেও সিং শ্রীমতী সঙ্গীতা সিং স্বামী- শিব কুমার সিং গ. সামালী শাখা | প্লট নং , "ডি/২" (৬ ফুট চওড়া ক্যানাল সাইড রোডের কাছাকাছি) পরিমাপ কমবেশি প্রায় ৩ কাঠা ১ ছটাক ২৫ বর্গফুট এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যা মৌজা গাঁতীতে অবস্থিত জেএল নং ১, রে. সা. নং ১১৮, তৌজি নং ১০, আরএস ও এলআর দাগ নং - ৩৮২, আরএস খতিয়ান নং ২৭১, বর্তমান এলআর খতিয়ান নং ৩৬৭, ১৯, ২২০, ২৯৫, ১১২ এবং ৩৯৮,এয়ারপোর্ট থানার অধীনে, অতিরিক্ত জেলা সাব রেজিস্ট্রার অফিস বিধাননগর(সল্টলেক), জেলা উত্তর ২৪ পরগনা, রাজারহাট গোপালপুর পৌরসভার স্থানীয় সীমার মধ্যে এখন বিধাননগর পৌর কর্পোরেশন -১ নং ওয়ার্ডের অধীনে শ্রীমতী মধুমিতা ঘোষের নামে। (২০১৫ সালের দলিল নং আই১৫০৪০২০৪৮ অনুযায়ী। **সীমানা**-উত্তরে- প্লট নং "ডি/১" দ্বারা, দক্ষিণে- প্লট নং "ই", "ই/২" এবং ৬ ফুট কমন প্যাসেজ দ্বারা, পূর্বে- প্লট নং "ডি", পশ্চিমে - আরএস দাগ নং ৮২৭ দ্বারা। | ১. ০৫.০৬.২০২৩ ২. ১০,৭৬,৩০৭.৬৯ টাকা (দশ লক্ষ ছিয়াত্তর হাজার তিনশো সাত টাকা এবং উনসত্তর পয়সা মাত্র) (০৫.০৬.২০২৩ অনুযায়ী) এবং তার উপর সুদ। ৩. ২১.০৮.২০২৩ |
| ৩. | ক. শ্রী লাগনু কুমার জাসু খ. মেসার্স সায়ন্তন ব্রাইটস গার্মেন্টস, স্বত্বাধিকারী- শ্রী লাগনু কুমার জাসু গ. সামালী শাখা | দোতলা বিল্ডিং এর ২য় তলায় অবস্থিত দক্ষিণ দিক, ৩য় দোকান, ৮৪ বর্গফুট পরিমাপের দোকানের (দোকানঘর) এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, মৌজা-চন্দনদহ, তৌজি নং-৪০১, রেসা নং - ১১৩, জেএল নং - ৩৭, আরএস খতিয়ান - ৯৯২, এলআর খতিয়ান নং - ১৭১১/১ দাগ নং - ৫৭৯, গ্রাম - মৌখালি, দক্ষিণ ২৪ পরগনা জেলার মধ্যে, থানা- বিষ্ণুপুর, এডিএসআরও-বিষ্ণুপুর এর অধীনে শ্রী লাগনু কুমার জাসুর নামে। **সীমানা**- উত্তরে- অপূর্ব সামন্ত; দক্ষিণে- স্বপন মাইতি; পূর্ব দিকে- বিক্রেতার জমি; পশ্চিমে- পিডব্লিউডি রোড। | ১. ২৪.০৫.২০২৩ ২. ১১,৫৩,২৯৫.৩৬ টাকা (এগারো লক্ষ তিপ্পান্ন হাজার দুইশো পঁচানব্বই টাকা এবং ছত্রিশ পয়সা মাত্র) (২৪.০৫.২০২৩ অনুযায়ী) এবং তার উপর সুদ। ৩. ২১.০৮.২০২৩ |
| ৪. | ক. শ্রী লাগনু কুমার জাসু খ. মেসার্স সায়ন্তন ব্রাইটস গার্মেন্টস, স্বত্বাধিকারী- শ্রী লাগনু কুমার জাসু গ. সামালী শাখা | তথায় থাকা বিল্ডিং সহ ৪ ডেসিমেল পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল [ জমির পরিমাপ ৩৭ ডেসিমেল (দাগ নং ২২০-১১ ডেসিমেল এবং দাগ নং-২২১ -২৬ ডেসিমেল জন্য)] এবং মৌজা-মৌখালী গ্রাম, তৌজি নং-৪০১, আরএস ১১৩, জেএল নং-৩৯, আরএস - খতিয়ান নং-৯৩, আর.এস. দাগ নং-২২০, ২২১, এডিএসআরও- বিষ্ণুপুর এর অধীনে, মৌখালি গ্রাম পঞ্চায়েত, গ্রাম- মামুদপুর, পোস্ট -চারা শ্যামদাস, থানা- বিষ্ণুপুর, জেলা-দক্ষিণ ২৪ পরগনা তে অবস্থিত শ্রী লাগনু কুমার জাসুর নামে। **সীমানা- দাগ নং ২২০**- উত্তরে-বাবলু জাসু, দক্ষিণ- জীবন বোনু, পূর্বে- মঙ্গলা বোনু, পশ্চিম-অশ্বিনী বোনু দ্বারা। **দাগ নং ২২১**- উত্তরে-নীলোৎপল জাসু, দক্ষিণে- জীবন বোনু, পূর্বে- মঙ্গলা বোনু, পশ্চিম-অশ্বিনী বোনু দ্বারা। | ১. ২৪.০৫.২০২৩ ২. ১১,৫৩,২৯৫.৩৬ টাকা (এগারো লক্ষ তিপ্পান্ন হাজার দুইশো পঁচানব্বই টাকা এবং ছত্রিশ পয়সা মাত্র) (২৪.০৫.২০২৩ অনুযায়ী) এবং তার উপর সুদ। ৩. ২১.০৮.২০২৩ |

তারিখ , ২২.০৮.২০২৩
স্থান - কলকাতা

অনুমোদিত অফিসার
ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

সম্পাদকীয়

## সবকিছুই আমরা মেনে নিতে শিখে ফেলেছি

দুর্নীতি নিয়ে আমরা মাথা বিশেষ ঘামাই না। কারণ, এত শোনা গেছে বা যাচ্ছে যে আমাদের গা-সওয়া হয়ে গেছে। সরকার তো তাকেই বলে যার শাসনক্ষমতা আছে এবং একই সঙ্গে ক্ষমতা অপব্যবহারের ক্ষমতা আছে। সে কারণে নেতামন্ত্রীরা দুর্নীতি করেও পার পেয়ে যান, দীর্ঘদিন কারাবাসের পরেও ভোটে জিততে কোনও বেগ পেতে হয় না তাঁদের। ২০১৬ সালে রাজ্য বিধানসভা ভোটের মুখে তৃণমূল সরকার সম্পর্কে অনেককে বলতে শোনা গেছে, 'খেয়েছে মানছি, কিন্তু কাজও করেছে।' বছরখানেক আগেও যে কথা শোনা গিয়েছে তা হল, 'দিদি ভাল, দিদির চার পাশের বদলোকদের জন্যই সরকারটার বদনাম হচ্ছে।' যদিও পার্থ চট্টোপাধ্যায়ের বাড়ি থেকে বিপুল টাকা উদ্ধারের পর লোকে অন্য রকম বলতে শুরু করেছে। মানুষের ক্ষোভ, ঘৃণা এত বেড়েছে, জনরোষের ভয়ে এলাকার ঘুষখোর তৃণমূল নেতাদের কেউ কেউ গা-ঢাকা দিচ্ছেন।

তবে এক-দু'জন নেতামন্ত্রী জেলে গেলেই তো মানুষ সরকার বদলানোর কথা ভাবে না। দুর্নীতিবিরোধী আন্দোলনে ঝড় তুলতে পারলে অবশ্য সরকার বদলায়। প্রাক্তন প্রধানমন্ত্রী ভি পি সিংহ দুর্নীতির বিরুদ্ধে তুমুল লড়াই করেই রাজীব গান্ধী সরকারের পতন ঘটিয়েছিলেন। সমাজকর্মী অণ্ণা হজারে দুর্নীতির বিরুদ্ধে লড়াইকে তুঙ্গে পৌঁছে দিতে পেরেছিলেন বলেই ইউপিএ-২ সরকারের পতন ঘটেছিল। এ রাজ্যে তেমন কোনও আন্দোলন গড়ে ওঠার সম্ভাবনা কোথায়? সারদা-রোজভ্যালি কাণ্ডের পরেও তো তৃণমূল ভোটে জিতে সরকার গড়েছিল। আজ রাজ্যের বিজেপি অন্তঃকলহে ভরা দীর্ণ একটি দল। সেখানে কতজন নেতা আছেন তা নীচুতলার কর্মীরাই সঠিকভাবে জানেন না। যার ওপর দলের কর্মীরা বেশি ভরসা করে, হঠাৎ করে তাকেই পদ থেকে সরিয়ে দেওয়া হল। সিপিআইএম দলে আজ আর কোনও ডাকাবুকো নেতা নেই। দুর্নীতি বিষয়ে তাই এই তৃণমূল সরকারের পতন ঘটানো কঠিন।

### জন্মদিন

### আজকের দিন



কেকে

১৯২৩ *বিশিষ্ট রাজনীতিবিদ বলরাম জাখরের জন্মদিন।*
১৯৪৪ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী সায়রাবানুর জন্মদিন।*
১৯৬৮ *বিশিষ্ট সঙ্গীতশিল্পী কেকের জন্মদিন।*

# পশ্চিমবঙ্গের ছাত্র রাজনীতির দুর্দিন বড় হতাশ করে



ড. রাজলক্ষ্মী বসু

সবাই একরকম হয়না। সবাই এক দলেও পড়ে না। সবাই স্রোতে গা ভাসায় না। সেই কিছুজন মুষ্টিমেয় সবাইকে ছেড়ে অধিকাংশ বেশীরভাগ প্রকাশ্যে আসা, চর্চার চরিত্র হতে চেয়ে যা নয় তাইই করতে পারা নীতি জ্ঞান ভদ্রতা শিষ্ঠাচার এবং ন্যূনতম নৈতিকতাহীন দলভারি ছাত্র রাজনীতির আঙিনার ভিড় জঞ্জাল দেখে বড্ড অসহায় লাগছে। অসহায় লাগছে এটাই ভেবে - এই দলভারি এরাইতো কালকের রাজনীতিতে আসবে, বা না আসলেও সমাজকে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে কিছু দেওয়ার পথে প্রবেশ করবে। কি দেবে এরা? এই দলে দলে বিক্ষোভ করা উশৃঙ্খল উচ্চকন্ঠে উচ্ছ্বাস করা ছাত্রদল? যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছবিতো সবাই দেখছি। কখনও কখনও মনে হচ্ছে ইস্যু সোজা পথে চলবে তো? স্বপ্নদীপের খুনিরা উপযুক্ত দৃষ্টান্তমূলক শাস্তি পাবেতো? মোড় ঘুরে যাবে নাতো? কারণ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মালিক যারা, অর্থাত ছাত্রদল তারা স্বেচ্ছাচারিতার অধিকারে মত্ত। তারা একবারও বিপ্লব করছে না-- অবিলম্বে দোষীদের কঠোর শাস্তির জন্য। তার চেয়েও ঢের ব্যস্ত নিজের প্রতিবন্ধিত স্বেচ্ছাচারিতার ইনসাফ চাইতে। এরা ছাত্র রাজনীতি করে! ভাবলেও লজ্জা লাগে। সামগ্রিক রাজনীতির মান কি তবে এতটাই কলুষিত হচ্ছে! এটা একটা বিশ্ববিদ্যালয়ের ছবি নয়। এ এক প্রবল ব্যধি সারা রাজ্য জুড়ে। ছাত্র রাজনীতির নামে যা খুশি করব, যা ইচ্ছে হল্লা চলবে, রাজনৈতিক লেখাপড়া চুলোয় যাক কিন্ত মুখে খই যেন ফোটে। শিক্ষক আবার কে? উনিতো চাকরি করছেন। তাই উনি যদি ভুল করেও বকা ধমক দেন-- চিরতরে সে দম বের করে নিতে পারে আজকের ছাত্র রাজনীতি। এই হল সার্বিক ছবি। যে ফ্রেমে বাঁধা এক বড় অংশের ছাত্র রাজনীতি করার দল। যারা আসলে ছাত্র রাজনীতি করছে না, যে বেহুঁশ অভব্যতার পাঠে অভ্যস্ত হচ্ছে তা তাদের রাজনৈতিক ছাত্রতে পরিণত করছে। এমন সব রাজনৈতিক ছাত্র যাদের রাষ্ট্রবোধ নেই। জাতীয়তাবোধ নেই। রুচিবোধ শালীনতাবোধ ইতিহাস সচেতনতা এবং আর যা যা উন্নত বোধের সঞ্চার প্রয়োজন ছিল তার কোনোটাই নেই। আছে বেয়াদপি আর উশৃঙ্খলতাবোধ। যাদবপুরের বাম অতিবাম, স্বাধীন দাদা সংগঠন এমনকি পাঁচিল টপকে ঢুকে পরা যুব তৃণমূল কংগ্রেস - যাদের দিকেই দেখলাম বিস্মিত স্তম্ভিত হয়ে গেলাম। এই একটা অতি বিপ্লবীদের ক্যাম্পাস বেলেল্লাপনা চোখে আঙুল দিয়ে সবাইকে বলছে কানে হাত দিয়ে। কতটা রাজনৈতিক শিষ্ঠাচারহীন হলে একটা ছাত্রী দাবির ঘরে কি চাইছে? ক্যাম্পাসে সুরা পান বিধিসিদ্ধ হোক। এরা কি সত্যিই মেধা ধরে? প্রশ্নটা ভাবতে হবে। এরা নিশ্চিত সেই সব অনর্থক অনর্গল মুখস্থ বিদ্যার ইন্টেলিজেন্স যারা রাজনৈতিক ইন্টেলেকচুয়ালিটিটাও দাদার কৃপায় মুখস্থই করেছে। তাই ক্যাম্পাস ডেমোক্রাসির অর্থ জানতে চাইলে তারা মদ বিড়ি এবং আরো অনেক কিছুর লাইসেন্স চায়। যে লাইসেন্স এতকাল ছিল তা যেন কেউ ছিনিয়ে না নেয়। এই হল আজকের রাজনৈতিক ছাত্রদলের প্রতিবাদের সুর। আন্দোলনের ভাষা। চাহিদার আহ্বান। আজকের ক' টা ছাত্র আন্দোলন পশ্চিমবঙ্গের বুকে দেখা যাচ্ছে যা সত্যিই গঠনমূলক। যা সত্যিই ভাবিয়ে তুলতে পারে। যা সত্যিই সবাইকে আহ্বান করবে - কিছু একটা বড় পরিবর্তনের ডাক দেবে। খুঁজেই যাই। খুঁজতে খুঁজতে আমরা সেই ষাটের দশকে পৌঁছালাম। নস্টালজিক হলাম। নীতির চূড়ান্ত বিরোধীও বলবেন সুব্রত মুখার্জির ছাত্র আন্দোলনটা নাটক ছিল না, কিছু প্রকৃত করে দেখান ছিল। প্রদীপ্ত আহ্বান ছিল প্রিয় রঞ্জন দাসমুন্সীর কথায় বক্তব্যে। এমন অনেক ছাত্র রাজনীতি থেকে উঠে আসা মানুষ - যাদের রাজনৈতিক মতাদর্শের বিরোধী হয়েও বলব; এঁরা ছাত্র রাজনীতিকালে ছাত্র সুলভ আচরণ থেকে বিচ্যুত হননি। শুধু চিল্লিয়ে মিডিয়ার দৃষ্টি পেতে চাননি। কোনো পরিস্থিতিতেই বিরোধিতা এমন হয়নি যা তার শালীনতাবোধের ঘাটতি ঘটিয়েছে। মেধা বুদ্ধি সাহস পরিশ্রম এবং সর্বপরি রাজনৈতিক চেতনার পাঠ এঁরা করতেন। সস্তায় ফটকা খেলতে চাননি কেউই। তাই পশ্চিমবঙ্গের ইতিহাস ওইসব ছাত্র রাজনীতির মানুষদের পরবর্তীতে বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব হিসেব পেয়েছে। কিন্ত কোথায় যাচ্ছে এই সব ছেলেমেয়েরা! এত যখন আন্দোলন বিক্ষোভ হৈ হৈ কলরব। যারা ভাইস চ্যান্সেলার থেকে রাজ্যপাল সবাইকে বিপ্লববাদের ঠেলায় ফুঁ দিয়ে উড়িয়ে দেয়। তারা সবাই ছাত্র জীবন শেষে কোথায় যায়? দামী চাকরী, বিলেত যাওয়ার তাড়া, স্বচ্ছন্দ গোছানো ফ্ল্যাটে তারা মগ্ন হয়ে যায়। বিপ্লব তার শীতঘুমে চলে যায় চিরতরে। এরা ছাত্র জীবনে সেই রাজনীতিতাই করে যে রাজনীতি এদের বলে হিংস্র হও। এই এই গুলোর জন্য এই দাদার দলটা কর। শাসক দলের ছাত্র সংগঠন কর- অনেক সুযোগ কাল পাবে। ছাত্র সংগঠন কর- যেন ইচ্ছে মত ক্লাস ফাঁকি দেওয়া যায়। স্যারের ঘাড়ে ক' টা মাথা! কিচ্ছু বলবে না কেউ। ছাত্র সংগঠন কর- মিডিয়া অ্যাটেনশানের ব্যবস্থা হয়ে যাবে।

তালিকায় কি কি পাওয়া যায়, আদায় করা যায় তার পাঠ হচ্ছে আজকের ছাত্র রাজনীতিতে। তাই ছাত্র নেতারা আর নেতা হচ্ছে না। মানুষের মত মানুষও হচ্ছে না। একদল উশৃঙ্খল নির্বোধ আসলে ওরা। যারা ক্যাম্পাসে বিপ্লব করে। কিন্ত যুক্তিসঙ্গত আলোচনায় আসলে দম হালকা লাগে। উত্তর আসেনা। তর্কে তোতলামি ধরা দেয়। এখন অন্য ক' টা প্রসঙ্গ একটু চর্চার দরকার। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উল্টোদিকেই এত বড় থানা। বিশ্ববিদ্যালয় চত্তরে দিনে এবং দিন ফুরালে কি কি অসামাজিক কার্যকলাপ হয় তা কি রাজ্য প্রশাসন জানতই না? মাননীয়া রেজিস্টার মহাশয়া একটি নিরীহ ছাত্রের পাশবিক হত্যার পর এত দুঃখ প্রকাশ করলেন কিন্ত তিনি কি পদে থেকেও জানতেন না বিচ্ছিন্ন স্বাধীন ছাত্র সংগঠন গুলো কিভাবে চলছে? ক্যাম্পাসে কি কি অপরাধ চলছে। বিশ্ববিদ্যালয়ের পরিবেশ যে দিন কে দিন জঘন্যতার দিকে অধঃপতিত হচ্ছে তা কি সত্যিই প্রত্যক্ষ করেন নি? কে দেয় এই সব স্বাধীন, অতিবাম সংগঠনের মদত। কাদের ছত্রছায়ায় এরা লালিত পালিত! মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীতো দাবি করেছিলেন তিনি মাওবাদী নির্মূল করেছেন। তারপরেও খোদ রাজধানীর বুকে মাওবাদী (বা ঘেঁষা) ছাত্র সংগঠন কাদের প্রশ্রয়ে টিকে থাকে! কে দেয় তাদের প্রোটেকশন! ক'বার এই জিজ্ঞাসাবাদের বিপ্লব চলছে? বিপ্লবী স্পন্দন শুধুমাত্র চায় বিশ্ববিদ্যালয় যেন ক্যামেরাহীন মুক্তাঞ্চল থাকে। কিন্ত এইসব প্রশ্নের বিপ্লব শুনতে পাচ্ছেন কেউ। তোলপাড় চলছে ক্যামেরা বসবে কি বসবে না এই নিয়ে। হঠাত দেখি ; ক্যাম্পাস অন্যায়ের প্রতিবাদে এক শাসক দলের বিপ্লবী ক্যামেরা (মিডিয়া) পেতেই চূড়ান্ত নাটকীয় ভঙ্গিমায় অন্তর্বস্ত্র প্রদর্শন করে প্রমান করলেন যে তিনি অতি লাঞ্ছিতা। নিপীড়ীতা। প্রতিবাদ কি তার স্বর যুক্তি এবং সুষ্ঠু ভঙ্গিমার পথ পাচ্ছে না! অনেকদিন যাবৎ অন্যায় হচ্ছিল একটা শিক্ষাঙ্গনে। তার প্রতিবাদে আজ কিছু কিছু বিপ্লব দেখে এটাই মনে হচ্ছে প্রতিবাদের ভাষা বড্ড স্থূল। এবং এইসব প্রত্যেকটা স্থূল প্রতিবাদ আসলে সেই ছাত্র রাজনীতিটাই শেখাচ্ছে যা নিজের জন্য বাড়তি গুরুত্বের পাঠ দিচ্ছে। তাকে মদত দিচ্ছে মূল রাজনৈতিক সংগঠন। ঠিক ভুলের সীমারেখা এই সব রাজনৈতিক ছাত্রদের বিশেষ কেউ শেখাচ্ছে না। তারা উপরের দাদার কথায় লম্ফ ঝম্ফ করে, বিচারবোধ বিসর্জন দিয়ে যে ভাবেই হোক ফোকাস লাইট চায়। কিন্ত রাজনীতির ফোকাস থেকে যে অজান্তেই অনেক দূরে চলে যাচ্ছে তা টের পায় না। পশ্চিমবঙ্গের বাম অতিবাম ছাত্র রাজনীতি একটা পচনশীল অবস্থার সৃষ্টি করেছে। এ নিয়ে কোনো সংশয় নেই। যাদের দৌড় ক্যাম্পাসের মধ্যেই শুরু এবং সেখানেই শেষ। যারা এক কলম লিখে, তড়িৎ ভাষনে, ভাবনায়, নতুন দৃষ্টিকোণের জন্ম দিয়ে বা অন্য কোনোভাবে সমাজকে জাতিকে কিছু দিতে পারে না। মনিকুন্তলা সেনের ইতিহাস ভাঙিয়েই যারা বিপ্লববাদ সম্পন্ন করতে চায়।

এবং শাসক দলের ছাত্র সংগঠন চায় যেন তেন প্রকারে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের ওপর দখলদারী। আজকে যদি স্বপ্নদীপের এই দুর্ভাগ্যজনক মৃত্যু না হত- তাহলে কি শাসক দলের ছাত্র সংগঠন ঠিক এই ভাবেই প্রতিবাদে নামত। আজ তারা ঘোলা জলে মাছ ধরতে চাইছে। তারা আদাজল খেয়ে এবার এই ক্যাম্পাসে নিজেদের প্রভাব প্রতিপত্তি বাড়াতে মরিয়া। যেভাবে পৌরসভা দখল চলে, ক্লাব দখল চলে। শিক্ষাঙ্গন দখলটাও সেভাবেই হয়। ১৯৪০ এ রবীন্দ্রনাথ বাঁকুড়ায় এসে ছাত্র রাজনীতির উদ্দেশ্যে বলেছিলেন-- যারা অকুন্ঠিত মনে নিয়ম ভাঙতে চায়, তারা নিয়ম গড়তে পারে না। এই ভাঙন ধরানো মন সাংঘাতিক ভাবে বিস্তারলাভ করছে...' -- আমাদের পশ্চিমবঙ্গের ছাত্র রাজনীতির নামে সিংহভাগ ছাত্রই এই দলে পড়ছে। বর্তমান ছাত্র রাজনীতির সাথে সম্পৃক্ত হচ্ছে আদর্শহীনতা। ভর্তি বানিজ্য, সিট বানিজ্য, রংবাজি। বেশীরভাগ অংশই ভোগবাদী মানসিকতায় সম্পৃক্ত। যারা কর্তৃপক্ষের বিরুদ্ধে হল্লা করতে পারে কিন্ত সমাজ সংস্কারের পথে আসে না।

রাজ্যের সঙ্কটে ক' বার ক' টা ইউনিভার্সিটি কলেজের ছাত্র প্রতিবাদী হয়েছে। রাজনৈতিক ছাত্রদের কত শতাংশ মানুষের মুখে ভাষা দিচ্ছে। তারাতো নিজেরাই বিচলিত নয়, গণমানুষের অধিকার বিষয়ে ধারনাটাই অধিকাংশ জনের নেই। আজকে যে ধরনের বেলেল্লাপনাটা ছাত্র রাজনীতির নামে দৃশ্যমান হল তাতে এটা স্পষ্ট- রাজনীতির ময়দানে এরা আসলে উপেক্ষিত। কদরহীন। বাম অতিবাম এমনকি যুব তৃণমূলের ছাত্রদেরও প্রকৃত রাজনৈতিক গুরু নেই। এরা সবাই যে যার মত হুজুগে দৌড়াচ্ছে। বামেদের কেউ কেউ এখনও জন রীডের দুনিয়া কাঁপানো দশ দিন পড়ছে ; বাকিরা বইয়ের প্রচ্ছদটাও চেনে কিনা সন্দেহ। যুব তৃণমূল মুখেই মমতা ব্যানার্জির জয়গান গায়। কিন্ত সেদিনের বিরোধী যুব নেতা মমতার গুণগত দিকের কিঞ্চিত কিছু গ্রহণের ধাত্রটাও এদের আছে বলে মনে হয় না। কোথায় হচ্ছে 'বুদ্ধি- বিপ্লব'? যার জন্য বাঙালির রাজনীতি একটা অন্য মাত্রার আসন পেয়েছে। ক'জন ছাত্র বিপ্লবের মাঝে আমাদের রাজনৈতিক ঐতিহাসিক বিকাশের সরনীতে ফিরে যান। সবাই কেমন হল শ্লাভ প্রেমী আন্দোলনজীবী। যা বাস্তববিমুখ পলায়নী মনোভাবে ভরাট। এরা পুনরুজ্জীবনবাদ কি তা জানে? শিবাজী, বাল গঙ্গাধর তিলক জানতে খুব লজ্জা এদের। তা হার্ডার বা মাৎসিনীর ইতিহাস বিশ্লেষণ বলতে পারবে? এরা রাজনৈতিক সংস্কৃতির নিগড়ে যাইনি যাওয়ার ইচ্ছেই নেই। ক্যাম্পাসের রাজনীতির বেশিরভাগটাই এখন একটা আড্ডা দেওয়া আর নিয়ম বহির্ভূত যা কিছুই তা করার ছাড়পত্র। এই ছাত্ররা প্রয়োজন সিদ্ধির চেয়ে মহত্তর কোনো লক্ষ্য ধরে না।

পশ্চিমবঙ্গের ছাত্র রাজনীতি দেখেছে বামে বিমান- সুভাষ-শ্যামল আর ডানে প্রিয়- সুব্রত- সোমেন। লড়াই হয়েছে। প্রবল লড়াই। ছয়ের দশকের সেই লড়াই দশকের পর দশক চলেছে। কিন্ত প্রত্যেকেই জেদ এবং শ্রমকে পাথেয় করেছেন। আজকের রাজনৈতিক ছাত্ররা ছাত্র রাজনীতিটাও নৈর্ব্যক্তিক প্রশ্নের মত মনে করছে। যা গোড়ায় গলদ। শিক্ষার মান যে পতিত এটা তারই প্রমান এবং নিশ্চিতকরণ। ছাত্র রাজনীতির মান থেকেই শিক্ষার মান ধরা দেয়। আজকের পশ্চিমবঙ্গকে পুরনো ইতিহাসে সুখ পাওয়া ব্যতীত আর কিছুই করার আপাত পথ নেই। এ বিপন্নতা রাখি কোথায়।






এমন অনেক ছাত্র রাজনীতি থেকে উঠে আসা মানুষ - যাদের রাজনৈতিক মতাদর্শের বিরোধী হয়েও বলব; এঁরা ছাত্র রাজনীতিকালে ছাত্র সুলভ আচরণ থেকে বিচ্যুত হননি। শুধু চিল্লিয়ে মিডিয়ার দৃষ্টি পেতে চাননি। কোনো পরিস্থিতিতেই বিরোধিতা এমন হয়নি যা তার শালীনতাবোধের ঘাটতি ঘটিয়েছে। মেধা বুদ্ধি সাহস পরিশ্রম এবং সর্বপরি রাজনৈতিক চেতনার পাঠ এঁরা করতেন। সস্তায় ফটকা খেলতে চাননি কেউই। তাই পশ্চিমবঙ্গের ইতিহাস ওইসব ছাত্র রাজনীতির মানুষদের পরবর্তীতে বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব হিসেব পেয়েছে। কিন্ত কোথায় যাচ্ছে এই সব ছেলেমেয়েরা! এত যখন আন্দোলন বিক্ষোভ হৈ হৈ কলরব। যারা ভাইস চ্যান্সেলার থেকে রাজ্যপাল সবাইকে বিপ্লববাদের ঠেলায় ফুঁ দিয়ে উড়িয়ে দেয়। তারা সবাই ছাত্র জীবন শেষে কোথায় যায়? দামী চাকরী, বিলেত যাওয়ার তাড়া, স্বচ্ছন্দ গোছানো ফ্ল্যাটে তারা মগ্ন হয়ে যায়। বিপ্লব তার শীতঘুমে চলে যায় চিরতরে। এরা ছাত্র জীবনে সেই রাজনীতি তাই করে যে রাজনীতি এদের বলে হিংস্র হও।

## লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

# বিজ্ঞানচর্চায় উৎসাহ দিতে আরামবাগে চন্দ্রযান ৩

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** মাঝে আর কয়েক ঘণ্টা, তারপরই চাঁদের মাটিতে পা দিতে চলেছে চন্দ্রযান ৩। এই নিয়ে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা ভারত জুড়ে। এই চন্দ্রযান ৩ চাঁদের মাটিতে পা দেওয়ার আগে ছাত্রদের মধ্যে আরও বেশি করে কৌতূহল জাগাতে এবং চন্দ্রযান ৩ সম্পর্কে তথ্য জানাতে ও চন্দ্রযান ৩-র সফলতা কামনায় অভিনব উদ্যোগ নিল আরামবাগ হাইস্কুল। স্কুলের বিজ্ঞান ভবনের বিরাট দেয়ালজুড়ে আঁকা হয়েছে চন্দ্রযান ৩। যাবতীয় তথ্য ছাত্রদের সামনে তুলে ধরা হয়েছে। যাতে ছাত্ররা চন্দ্রযান ৩ সম্পর্কে জানতে পারে। গুরুত্ব উপলব্ধি করতে পারে।



চাঁদ নিয়ে ভারতীয় গবেষকদের সাফল্য কামনা এবং চাঁদে ভারতের গবেষণার পরিধির বিস্তার লাভ নিয়ে ছাত্রদের জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে এই কর্মসূচি নেওয়া হয়। বুধবার আরামবাগ মহকুমা শাসকের উপস্থিতিতে চন্দ্রযান ৩ চাঁদের মাটিতে পা দেওয়া নিয়ে বিশেষ কর্মসূচির আয়োজন করেছে আরামবাগ হাইস্কুল। তাই স্কুলের চন্দ্রযান ৩ নিয়ে ছাত্রদের মধ্যে বেশ উৎসাহ দেখা যাচ্ছে। সবকিছু ঠিক থাকলে বুধবার সন্ধ্যায় চাঁদের দক্ষিণ মেরুতে নামবে ভারতের চন্দ্রযান-৩। ইতিহাস তৈরির অপেক্ষায় প্রহর গুনছে দেশবাসী। ভারতীয় চন্দ্রযানের দিকে নজর রেখেছে বিশ্ব। তার আগে চাঁদের আরও একটি ছবি পাঠিয়েছে ভারতীয় চন্দ্রযান। সেই ছবি মঙ্গলবার এক্স হ্যান্ডেলে (টুইটার) শেয়ার করেছে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। আরামবাগ হাইস্কুলের এই অভিনব উদ্যোগ নিয়ে প্রধান শিক্ষক বিকাশচন্দ্র রায় বলেন, 'বিজ্ঞান চেতনায় ভারত সারা বিশ্বের কাছে কতটা এগিয়ে গিয়েছে তা বুধবার চন্দ্রযান ৩ চাঁদের মাটিতে নামলে আরও স্পষ্ট হবে। ছাত্রদের বিজ্ঞান চেতনায় উদ্বুদ্ধ করতে বিজ্ঞান ভবনের দেয়ালে চন্দ্রযান ৩ আঁকা হয়েছে। অন্য দিকে, ওই স্কুলের ছাত্র মধ্যায়ন রায় জানায়, 'চন্দ্রযান ৩ পৃথিবীর দক্ষিন মেরুতে নামবে। এটা ভারত প্রথম করছে। তাই আমরা ভারতীয় হিসাবে গর্ববোধ করছি। আরামবাগ হাইস্কুলে এই প্রদর্শনি হওয়ায় বহু তথ্য জানতে পারছি, তাই ভালো লাগছে।' স্কুলের ছাত্র স্বাত্রিত্ব ঘোষ, কিরণ সাধুখাঁরাও পুরো বিষয়টা জেনে খুব উৎসাহী। তাদের কথায়, 'এটা ইসরোর বড় সাফল্য। এই প্রদর্শনীর মাধ্যমে আমরা সে সব জানছি।'

---

পঞ্জাব নৈশনল বৈংক (भारत सरकार का उपक्रम) pnb punjab national bank (Govt of India Undertaking)
Oriental Bank of Commerce | ইউনাইটেড ব্যাংক অফ ইন্ডিয়া United Bank of India

## ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি

সার্কেল সস্ত্র সেন্টার, সার্কেল অফিস : কলকাতা দক্ষিণ, ইউনাইটেড টাওয়ার (১০ম তল), ১১, হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, ইমেল: cs8267@pnb.co.in

### স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফেইসি) অ্যাক্ট, ২০০২ এর সঙ্গে পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর অধীনে ৮(৬) বন্দোবস্তের অধীনে স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা সাধারণভাবে জনগণকে এবং বিশেষভাবে ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)কে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক** (সুরক্ষিত ঋণদাতা)-র কাছে বন্ধকী/চার্জযোগ্য আছে, যার গঠনমূলক/বাস্তবিক/প্রতীকী দখল নিয়েছেন **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক** -এর অনুমোদিত আধিকারিক, তা **"যেখানে যেমন আছে", "যেখানে যা আছে" এবং "সেখানে যা কিছু আছে"** ভিত্তিতে বিক্রি হবে অত্র নিম্নে বর্ণিত তারিখে, স্ব-স্ব ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ)-এর কাছ থেকে **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের** বকেয়া পাওনা এবং অতিরিক্ত সুদ, চার্জ এবং মূল্য ইত্যাদি বকেয়া উদ্ধারের জন্য। সংরক্ষিত মূল্য এবং বায়না অর্থ জমা সংশ্লিষ্ট সম্পত্তির বিপরীতে নীচের টেবিলে উল্লিখিত মত।

| লট. নং | ক) শাখার নাম<br>খ) অ্যাকাউন্টের নাম<br>গ) ঋণগ্রহীতা/জামিনদারগণ অ্যাকাউন্টের নাম ও ঠিকানা | বন্ধকীকৃত স্থাবর সম্পত্তির বিবরণ/মালিকের নাম ( সম্পত্তি(সমূহ)-র বন্ধকদাতা ) | ক) সারফেইসি অ্যাক্ট ২০০২ -এর সেকশন ১৩(২) অধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ) বকেয়া অর্থাঙ্ক (দাবি বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী)<br>গ) সারফেইসি অ্যাক্ট ২০০২ -এর সেকশন ১৩(৪) অধীনে দখলের তারিখ<br>ঘ) দখলের ধরণ | ক) সংরক্ষিত মূল্য (লক্ষ টাকায়)<br>খ) ইএমডি (ইএমডি জমার শেষ তারিখ)<br>গ) দর বৃদ্ধির পরিমাণ | ক) ই-অকশনের তারিখ/ সময়<br>খ) সুরক্ষিত ঋণদাতার জ্ঞাত দায়বদ্ধতার বিশদ |
|---|---|---|---|---|---|
| ১. | ক) গড়িয়া<br>খ) মেসার্স সুমিত্রা টেক্সটাইল<br>গ) মালিক : শ্রী সন্দীপ গিরি<br>১৪/সি রায়পুর রোড, কলকাতা ৭০০০৯২, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৯২<br>জামিনদার: ড. সুমিত্রা গিরি<br>স্বামী শ্রী স্বদেশ রঞ্জন গিরি, ১৪/সি রায়পুর রোড, কলকাতা ৭০০০৯২, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৯২<br>এ/সি নং: ০১৪৩২৫০০১১২৫৫ ০১৪৩৩০০০৪২৯৩৬ ০১৪৩৩০০০৪২৯৪৫<br>সম্পত্তি আইডি: PUNBSUMITRATEX | সমগ্র ২য় তলায় স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাটের এক ও অবিচ্ছেদ্য অংশের সকল পরিমাপ কমবেশি ৮৪০ বর্গফুট সুপার বিল্ট আপ এলাকা, দুটি বেডরুম একটি ডাইনিং কাম ড্রয়িং রুম, একটি টয়লেট, একটি রান্নাঘর, একটি বারান্দার সমন্বয়ে। সেইসঙ্গে জমির অবিভক্ত আনুপাতিক শেয়ার ও আগ্রহ, মৌজা রায়পুর, দাগ নং ৮৩ , খতিয়ান নং ৩১০, জএল নং ৩৩. থানা- যাদবপুর, জেলা ২৪ পরগনা দক্ষিণ, এসআরও আলিপুর, বর্তমানে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের মিউনিসিপ্যাল সীমার মধ্যে, ওয়ার্ড নং ৯৮। কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, প্রেমিসেস নং ১৪, রায়পুর রোড, কোলকাতা ৭০০০৯২। ২০১৩ সালের দলিল নং ৩৫৪২। সম্পত্তিটি ডাঃ সুমিত্রা গিরির নামে, স্বামী- শ্রী স্বদেশ রঞ্জন গিরি। সম্পত্তিটি চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর - মণিমোহন মিস্ত্রীর বাড়ি, দক্ষিণ - পুকুর, পূর্ব- ১৪ ফুট চওড়া কাঁচা রাস্তা, পশ্চিম - শ্রী রাধেশ্যাম পালের বাড়ি এবং প্লট দ্বারা। | ক) ০৭.০৯.২০২১<br>খ) ৬৭,৯২,০৫৩.৪১ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ০৬.১২.২০২১<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আদেশ প্রাপ্ত) | ক) ২৪.৭৭ লক্ষ টাকা<br>খ) ২.৪৮ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ২. | ক) গড়িয়াহাট<br>খ) মেসার্স টি.এক্স. টেক্সটাইল<br>গ) মালিক : পূর্ণিমা সরকার,<br>৩৯, এস.এন. পাল স্ট্রিট কলকাতা ৭০০০৫৭, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৫৭<br>এ/সি নং: ০০৯২২৫০৫২৭৮৪২<br>সম্পত্তি আইডি: PUNB826520200031 | উল্লেখিত ফ্ল্যাট এর সকল, ২য় তলায়, ফ্ল্যাট নং. ২ সিডি "কৃষ্টি কুঞ্জ", হোল্ডিং নং.বিএমসি/এএস৩৫৫এফ/১০-১১, মধ্যপাড়া, কইখালী, থানা ও পোস্ট- বিমানবন্দর, জেলা- উত্তর ২৪ পরগণা, কলকাতা-৭০০০৫২, পরিমাপ ১৬১০ বর্গফুট শ্রীমতী পূর্ণিমা সরকার -এর নামে আছে। | ক) ০৪.০২.২০১৯<br>খ) ১,০৪,৫৬,৮২২.০০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ২৪.০৪.২০১৯<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ৫৫.০৬ লক্ষ টাকা<br>খ) ৫.৫১ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.৫০ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ৩. | ক) গড়িয়াহাট<br>খ) মেসার্স টি.এক্স. টেক্সটাইল<br>গ) মালিক : পূর্ণিমা সরকার,<br>৩৯, এস.এন. পাল স্ট্রিট কলকাতা ৭০০০৫৭, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৫৭<br>এ/সি নং: ০০৯২২৫০৫২৭৮৪২<br>সম্পত্তি আইডি: PUNB826520200032 | উল্লেখিত ফ্ল্যাট এর সকল ৩য় তলায়, ফ্ল্যাট নং বি ২ "শ্রী কৃষ্ণ অ্যাপার্টমেন্ট", হোল্ডিং নং. ৪৮, নরেন্দ্র নাথ ব্যানার্জি রোড, পানিহাটি পৌরসভার অধীনে ওয়ার্ড নং ০৪, জেলা।- উত্তর ২৪ পরগণা, কলকাতা-৭০০১১৪। পরিমাপ ৬৫৮ বর্গফুট , শ্রীমতী পূর্ণিমা সরকার -এর নামে আছে। | ক) ০৪.০২.২০১৯<br>খ) ১,০৪,৫৬,৮২২.০০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ২৪.০৪.২০১৯<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ১৪.৮১ লক্ষ টাকা<br>খ) ১.৪৯ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ৪. | ক) গড়িয়াহাট<br>খ) মেসার্স টি.এক্স. টেক্সটাইল<br>গ) মালিক : পূর্ণিমা সরকার,<br>৩৯, এস.এন. পাল স্ট্রিট কলকাতা ৭০০০৫৭, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৫৭<br>এ/সি নং: ০০৯২২৫০৫২৭৮৪২<br>সম্পত্তি আইডি: PUNB826520200033 | উল্লেখিত ফ্ল্যাট এর সকল ৪র্থ তলায় ফ্ল্যাট, ফ্ল্যাট নং সি১ "শ্রী কৃষ্ণ অ্যাপার্টমেন্ট", হোল্ডিং নং. ৪৮, নরেন্দ্র নাথ ব্যানার্জি রোড, পানিহাটি পৌরসভার অধীনে ওয়ার্ড নং ০৪, জেলা- উত্তর ২৪ পরগণা, কলকাতা-৭০০১১৪। পরিমাপ ৪৫৫ বর্গফুট, শ্রীমতী পূর্ণিমা সরকার -এর নামে আছে। | ক) ০৪.০২.২০১৯<br>খ) ১,০৪,৫৬,৮২২.০০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ২৪.০৪.২০১৯<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ১০.২৪ লক্ষ টাকা<br>খ) ১.০৩ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ৫. | ক) গড়িয়াহাট<br>খ) মেসার্স টি.এক্স. টেক্সটাইল<br>গ) মালিক : পূর্ণিমা সরকার,<br>৩৯, এস.এন. পাল স্ট্রিট কলকাতা ৭০০০৫৭, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৫৭<br>এ/সি নং: ০০৯২২৫০৫২৭৮৪২<br>সম্পত্তি আইডি: PUNB826520200034 | উল্লেখিত ফ্ল্যাট এর সকল ৪র্থ তলায় ফ্ল্যাট, ফ্ল্যাট নং সি৪ "শ্রী কৃষ্ণ অ্যাপার্টমেন্ট", হোল্ডিং নং. ৪৮, নরেন্দ্র নাথ ব্যানার্জি রোড, পানিহাটি পৌরসভার অধীনে ওয়ার্ড নং ০৪, জেলা- উত্তর ২৪ পরগণা, কলকাতা-৭০০১১৪। পরিমাপ ৪৮৮ বর্গফুট, শ্রীমতী পূর্ণিমা সরকার -এর নামে আছে। | ক) ০৪.০২.২০১৯<br>খ) ১,০৪,৫৬,৮২২.০০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ২৪.০৪.২০১৯<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ১০.৯৮ লক্ষ টাকা<br>খ) ১.১০ লক্ষ টাকা (৩১.০৮.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ৬. | ক) চেতলা<br>খ) মেসার্স বি এস ট্রেডার্স<br>গ) ২০এ, রুসা রোড (দক্ষিণ), থার্ড লেন, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৩৩<br>এ/সি নং: ০০৯৪২৫০০০৫৭২৭<br>সম্পত্তি আইডি: PUNB826520200014 | উল্লিখিত জমি ও দোতলা আবাসিক ভবন এর সকল, মৌজা- গর্বভুক্ত নন্দনপুর, জে.এল. নং- ৮, এল.আর. খতিয়ান নং-৫৪৯৭, ৫৪৯৮, এলআর দাগ নং- ২০২৮, হোম নং ১৫৯১৪ থানা-বজবজ, বজবজ মিউনিসিপ্যালিটির অধীনে, ওয়ার্ড নং-১২, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, কলকাতা-৭০০১৩৭ প্রয়াত দীপ্তি রাণী দেবের নামে আছে এখন আইনি উত্তরাধিকার সূত্রে মালিক অলক দেব ও অমিতাভ দেব। জমির পরিমাপ- ৮ ডেসিমেল। প্রথম তলে- ১২৫৪ বর্গফুট, ২য় তলার পরিমাপ-১৩২৬ বর্গফুট। | ক) ১৮.০২.২০১৯<br>খ) ১,১৪,৬৬,৫৪৫.০০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ০৩.০৭.২০১৯<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আদেশ প্রাপ্ত) | ক) ৪৭.২০ লক্ষ টাকা<br>খ) ৪.৭২ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.৫০ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ৭. | ক) গড়িয়া (০১৪৩২০)<br>খ) শ্রীমতী শিল্পা সরদার ভার্সা এবং শ্রী অরিন্দম সরদার<br>গ) হালদার ও মন্ডল পাড়া, বাণীবেড়িয়া, মগরাহাট, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭৪৩৬১০<br>এ/সি নং: ০১৪৩৩০০০৩৯৪১৯<br>সম্পত্তি আইডি: PUNBSILPASARDAR | তথায় থাকা কাঠামো সহ কমবেশি ৬.৬০ ডেসিমেল মোট এলাকা সহ জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, মৌজা- মাল্টি, জেএল নং ১৯২/১৩৭, এলআর খতিয়ান নং ৪৫৬২, এলআর দাগ নং- ২৬১৮, থানা- মগরাহাট, জেলা-দক্ষিণ ২৪ পরগনা, ২০১৭ সালের বিক্রয় দলিল নং ১৬১৮-এর অধীনে, নথিভুক্ত বই নং-০১, সিডি ভলিউম নং-১৬২২-২০১৭,পৃষ্ঠা ২৬৯৮৯ থেকে ২৭০০১, এডিএসআর- মগরাহাট, দক্ষিণ ২৪ পরগনা -এ যথাযথভাবে নিবন্ধিত। উল্লেখিত প্রেমিসেসটি চতুর্দিক পরিবেষ্টিত: উত্তরে-পার্থ সরদারের জমি দ্বারা, পূর্বে- গোপেশ্বর পালাধির জমি দ্বারা, পশ্চিমে- পার্থ সরদারের জমি দ্বারা, দক্ষিণে- ৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ দ্বারা। | ক) ২২.০৩.২০২৩<br>খ) ১৮,৯৭,৮৩৬.১০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ০৮.০৬.২০২৩<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ১৩.৬৭ লক্ষ টাকা<br>খ) ১.৩৭ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.৫০ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ৮. | ক) গড়িয়া (০১৪৩২০)<br>খ) শ্রী অর্পণ বৈদ্য এবং শ্রীমতী নীলিমা বৈদ্য<br>গ) গ্রাম- জগদীশপুর দেবনাথ পাড়া (ভাগারমোড়), পোঃঅঃ সোনারপুর, কল-১৫০, সোনারপুর, পশ্চিমবঙ্গ - ৭০০১৫০<br>এ/সি নং: ০১৪৩৩০০০৩৮১৩৭ এবং ০১৪৩৩০০০৩৯৮৩৫<br>সম্পত্তি আইডি: PUNBARPANBAIDYA | গ্রাম- জগদীশপুর, দেবনাথ পাড়া (ভাগাড় মোড় অটো স্ট্যান্ড) -তে অবস্থিত জমি ও বিল্ডিংয়ের এক ও অবিচ্ছেদ্য অংশের সকল পোস্ট ও থানা - সোনারপুর, কামরাবাদ গ্রাম পঞ্চায়েতের অধীনে, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, মৌজা - জগদীশপুর, জেএল নং - ২৫, সিএস খতিয়ান নং - ৮২, আরএস. খতিয়ান নং-৫২/৭৬, এল.আর. খতিয়ান নং-১১৯৭, হাল এলআর খতিয়ান নং -১৬৯৬, সিএস দাগ নং - ৭, আরএস. এবং এল.আর. দাগ নং - ১১, "বাস্তু" জমির পরিমাপ প্রায় ০১ কাঠা ১২ ছটাক, বিক্রয় দলিল নং - ২০১৭ সালের ১৬০৮০০০৪৬, শ্রী অর্পণ বৈদ্যের নামে সম্পত্তিটি আছে। চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর- ৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ; দক্ষিণ- নিমাই নস্করের সম্পত্তি দ্বারা, পূর্বে-নিমাই নস্করের সম্পত্তি দ্বারা; পশ্চিম- নিকুঞ্জ নস্করের বাড়ি দ্বারা। | ক) ৩০.০১.২০২৩<br>খ) ২৩,০৫,৭৯৯.৮৩ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ২৬.০৪.২০২৩<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ১৭.৩৫ লক্ষ টাকা<br>খ) ১.৭৪ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.৫০ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ৯. | ক) গড়িয়া (০১৪৩২০)<br>খ) মেসার্স ওম সাই এন্টারপ্রাইজ<br>গ) মালিক- আনন্দ কুমার মাহাতো<br>৪১৬ নতুন দিয়ারা, পোঃ নয়াবাদ কলকাতা, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০১৫০<br>এ/সি নং: ০১৪৩২৫০০১২২৬৩ এবং ০১৪৩২০আইবি০০০০০০২৯<br>সম্পত্তি আইডি: PUNBOMENTERP | জমি এবং বিল্ডিং এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, জমির পরিমাপ প্রায় ০৭ ডেসিমেল "বাস্তু" জমির সেইসঙ্গে একতলা বিল্ডিং এলাকা ১০০৯ বর্গফুট, হোল্ডিং নং - ৯৫৫, নতুন দিয়ারা, ওয়ার্ড নং-০৩, রাজপুর-সোনারপুর পৌরসভার আওতাধীন, থানা- সোনারপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা, কলকাতা- ৭০০১৫০, মৌজা - কামরাবাদ, জেএল নং ৪১, আরএস নং ০২, আরএস. খতিয়ান নং-১০১, এল.আর. খতিয়ান নং-১৬৯১৯, আর.এস. ও এলআর দাগ নং - ৩০১৩, ২০১৬ সালের উপহারের দলিল নং আই-১৬২৯০১৬৯৯, এডিএসআর গড়িয়া, দক্ষিণ ২৪ পরগণায় নিবন্ধিত, শ্রী আনন্দ কুমার মাহাতোর মালিকানাধীন সম্পত্তি। চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর- রমেশ রাউথের সম্পত্তি, দক্ষিণ- ১২ ফুট প্রশস্ত কমন প্যাসেজ, পূর্ব- ১০ ফুট বিস্তৃত পথ এবং চিন্তা দেবী শ'-এর সম্পত্তি, পশ্চিম- শঙ্কর অধিকারীর সম্পত্তি দ্বারা। | ক) ৩০.০১.২০২৩<br>খ) ২১,২৮,১৫৪.১২ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ২৬.০৪.২০২৩<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ৩৬.৭২ লক্ষ টাকা<br>খ) ৩.৬৮ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ১.০০ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১০. | ক) গড়িয়া (০১৪৩২০)<br>খ) মহেশ কুমার শ' অ্যান্ড মেসার্স এমকেএস এন্টারপ্রাইজ<br>গ) শান্তি গার্ডেন ফ্ল্যাট নং এস-৯, ১৮০ ব্রহ্মপুর সেখ পাড়া, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৯৬ ১০৬, পঞ্চানন তলা, মালি পাড়া, ব্রহ্মপুর, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৯৬<br>এ/সি নং: ০৭৫২২৫০০২১৪৪৭, ০৭৫২৩০৫৬১৩৯৪২, ০৭৫২৩০০৫০০৯৯৫<br>সম্পত্তি আইডি: PUNBMKSENTERP | স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, পরিমাপ কমবেশি ৭৩০ বর্গ ফুট সুপার বিল্ট আপ এলাকা বিয়িং নং এস৯ একটি চার (জি+৩) তলাবিশিষ্ট ভবনের পশ্চিম দিকের জমিতে অবস্থিত, যা ৩ কাঠা ১৩ ছটাক ৩০ বর্গফুট এলাকা পরিমাপের জমিতে নির্মিত, জেলা-দক্ষিণ ২৪ পরগণা, পুলিশ স্টেশন- বাঁশদ্রোনি (আগে রিজেন্ট পার্ক), অতিরিক্ত সাব-রেজিস্ট্রি অফিস আলিপুর, পরগানা মাগুরা, তৌজি নং ৬০, জেএল নং ৪৮, আরএস নং ১৬৯, মৌজা ব্রহ্মপুর, খতিয়ান নম্বর ৪, দাগ নং ৫১০, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ওয়ার্ড নং ১১২ -এর আওতাধীন এবং কেএমসি প্রেমিসেস নং ১৮০, ব্রহ্মপুর নাথপাড়া, কলকাতা ৭০০০৯৬ হিসাবে পরিচিত এবং নম্বরযুক্ত এবং দলিল নং ০০৪৫১ এর মাধ্যমে মূল্যায়ন নম্বর ৩১-১১২-০৬-০১৮০-৯, বছর- ২০১৫, সম্পত্তিটি যৌথভাবে শ্রী মহেশ কুমার শ' পিতা- প্রয়াত বিন্দু শ' এবং শ্রীমতি পূজা শ' স্বামী-শ্রী মহেশ কুমার শ'-এর মালিকানাধীন। উল্লিখিত জমিটি নিম্নরূপভাবে চতুর্দিক পরিবেষ্টিত : উত্তরে- লিনা চক্রবর্তীর সম্পত্তি, দক্ষিণে- স্থানীয় প্লট নং ৮, পূর্বে- ২৬ ফুট চওড়া কেএমসি রোড, পশ্চিমে- ১৬ ফুট চওড়া কেএমসি রোড দ্বারা। | ক) ২৫.০১.২০২৩<br>খ) ৩৩,০৮,৫১২.১৪ টাকা সহ অতিরিক্ত সুদ<br>গ) ০৮.০৬.২০২৩<br>ঘ) বাস্তবিক দখল | ক) ২৪.৮৩ লক্ষ টাকা<br>খ) ২.৪৯ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.৫০ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১১. | ক) গোলপার্ক (০৩৭৪২০)<br>খ) মেসার্স গঙ্গা ইলেকট্রিক্যালস কোং<br>গ) স্বত্বাধিকারী- সমীর দে,<br>১এ, কুন্ডু লেন, ভবানীপুর, কলকাতা - ৭০০ ০২৫।<br>শ্রী সমীর দে, পিতা- শ্রী, মাধব দে, প্রেমিসেস নং ২০৬(১৫৭), এস.সি.এম রোড, সিরুঘাট, বৈদ্যবাটি, থানা- শ্রীরামপুর, হুগলি, পিন-৭১২ ২২২<br>এ/সি নং: ০৩৭৪৩০০০১১৫৮৩<br>সম্পত্তি আইডি: PUNB826520200030 | উল্লিখিত জমি ও বিল্ডিং এর সকল (জমি পরিমাপ ৫.১০ ডেসিমেল এবং বিল্ডিং ১৭৫০ বর্গফুট) বৈদ্য বাটি মৌজায় অবস্থিত, আরএস খতিয়ান নং.৯১৪, জেএল নং.৫, আরএস দাগ নং.৩৪২৩, এলআর দাগ নং.৪২৬৫ ও ৪২৬৩, জমির পরিমাপ - ৩ কাঠা ১ ছটাক ১৭ বর্গফুট, থানা- শ্রীরামপুর, বৈদ্য বাটি পৌরসভার ১২ নং ওয়ার্ড, এসসিএম রোড, বৈদ্য বাটি, হুগলি, মালিক শ্রী সমীর দে -এর নামে। | ক) ২৬.১১.২০০৮<br>খ) ৩১,৫৫,০৮৩.৪৫ টাকা সহ অতিরিক্ত সুদ এবং চার্জ<br>গ) ০৮.১২.২০১০<br>ঘ) প্রতীকী দখল | ক) ১৩.২১ লক্ষ টাকা<br>খ) ১.৩৩ লক্ষ টাকা (১১.০৯.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ১২.০৯.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১২. | ক) সন্তোষপুর<br>খ) সুমিত কুমার বড়ুয়া ও শর্মিষ্ঠা বড়ুয়া<br>গ) ২৬ লেক টেরেস সন্তোষপুর, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৭৫<br>এ/সি নং: ০১৪৬৩০০০৪০১৫০<br>সম্পত্তি আইডি: PUNBSUMITBARUA | জি+৩ তলা বিল্ডিংয়ের দ্বিতীয় তলার উত্তর-পূর্ব দিকের দিকে অবস্থিত ফ্ল্যাট নং ১সি এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, যার পরিমাপ প্রায় কমবেশি ৭৮০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া যার আছে ২(দুই) বেড রুম, ১ (এক) রান্নাঘর-কাম-ডাইনিং রুম, ২(দুই) টয়লেট, (এক) ডব্লিউসি এবং ১ (এক) বারান্দা, উল্লিখিত জি+৩ তলা ভবনটি ০৪ কাঠা ০৮ ছটাক পরিমাপের জমিতে অবস্থিত, মৌজা-রাজাপুরের অধীনে, পরগনা খাসপুর, আরএস নং-১৪, জেএল নং- ২৩, তৌজি নং-১০৯, সিএস দাগ নং- ৪২১ এবং ৪১৫, সিএস খতিয়ান নং ১২৮ এবং ১২৮ এর অধীনে আরএস দাগ নং. ৪৭২ এবং ৪৬৬, আরএস খতিয়ান নং ৭৩ এবং ১২২-এর সাথে সম্পর্কিত, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ওয়ার্ড নং. ১০৩-এর মধ্যে, কেএমসি প্রেমিসেস নং ১৮১ নামে পরিচিত। সুমিত কুমার বড়ুয়া এবং শর্মিষ্ঠা বড়ুয়ার মালিকানাধীন সম্পত্তি। এটি নিম্নরূপ চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর-১২ ফুট কেএমসি রোডে, দক্ষিণ- সিএস দাগ নং ৪২০ এবং ৪১৭ -এর জমি, পূর্ব- সিএস দাগ নম্বর ৪২১-এর জমি, পশ্চিম- পালন চন্দ্র নস্কর এর জমি এবং সিএস দাগ নং ৪১৫ দ্বারা। | ক) ২৯.০৫.২০২৩<br>খ) ৫২,৩৫,৮৭৮.২০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ১০.০৮.২০২৩<br>ঘ) প্রতীকী দখল | ক) ২৭.৬৫ লক্ষ টাকা<br>খ) ২.৭৭ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১৩. | ক) ওল্ড বালিগঞ্জ<br>খ) মেসার্স বজরং এন্টারপ্রাইজ<br>গ) ৩৭/৩বি, ডাঃ গিরিন্দ্র শেখর বোস রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৩৯<br>এ/সি নং: ০৪৫৭২৫০০০৪০০৮, ০৩১৬৩০০০১৯০৫৩<br>সম্পত্তি আইডি: PUNBBAJRANGENTERP | প্রায় ৬০৫ বর্গফুট সুপার বিল্ট এলাকা পরিমাপের আবাসিক ফ্ল্যাটের সম্পত্তির ন্যায়সঙ্গত বন্ধক। ৪র্থ তলায় (দক্ষিণ-পূর্ব দিকে) যাতে দুটি বেড রুম, একটি ডাইনিং রুম, একটি রান্নাঘর, একটি প্রেমিসেস টয়লেট নং ৩৭/৩বি, দাগ নং-১৭২১, আরএস খতিয়ান নং- ৭০৯, জেএল নং-১৩, মৌজা-কসবা, তৌজি নং-১৪৫, ডাঃ জি এস বোস রোড, পিকনিক গার্ডেন, পোস্ট-তিলজলা, থানা- কসবা, ওয়ার্ড নং-৬৭ কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীনে, কলকাতা - ৭০০০৩৯, সম্পত্তিটি চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর দিকে- অন্য জমি দ্বারা; দক্ষিণ দিকে- দাগ নং১৭২১ এর জমি, পূর্ব দিকে- দাগ নং ১৭১৯ এর জমি দ্বারা; পশ্চিম দিকে- ডাঃ জি এস বোস রোড দ্বারা; মালিক- ১) শ্রী নন্দ কিশোর ঝা পিতা- আদভু ঝা। ২) শ্রীমতি সুনীতা দেবী স্বামী-নন্দ কিশোর ঝা। | ক) ০২.০৬.২০২৩<br>খ) ১৩,৭৮,৭৩৬.৮৩ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ১০.০৮.২০২৩<br>ঘ) প্রতীকী দখল | ক) ১৭.৭৫ লক্ষ টাকা<br>খ) ১.৭৮ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১৪. | ক) গড়িয়া (০১৪৩২০)<br>খ) মেসার্স গুপ্তা ট্রেডার্স স্বত্বাধিকারী- অশোক কুমার গুপ্ত<br>২ ধর্মদাস রো, গ্রাউন্ড ফ্লোর কলকাতা ৭০০০২৬, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০২৬<br>গ) অশোক কুমার গুপ্তা,<br>পিতা-জিপি গুপ্তা, "সুসঙ্গিনী অ্যাপার্টমেন্ট", নারায়ণপুর রোড, গ্রাম এ পি. নগর, থানা-সোনারপুর, কলকাতা ৭০০১৫০, ১৫ মল্লিক পাড়া লেন, বাঙ্গুর অ্যাভিনিউ কলকাতা ৭০০০৫৫<br>এ/সি নং: ০১৪৩২৫০০১১৬০৮, ০১৪৩৩০০০৩৮৮২৭, ০১৪৩৩০০০৪২৪৭৭, ০১৪৩৩০০০৪২৪৮৬ ০১৪৩৩০০০৪২৪৯৫<br>সম্পত্তি আইডি: PUNBGUPTATRADERS | "সুসঙ্গিনী অ্যাপার্টমেন্ট" নাম এবং শৈলীর অধীনে পাঁচ তলা ভবনে সমস্ত হল রুম প্রায় ১৬৩০ বর্গফুট সুপার বিল্ট আপ এলাকা পরিমাপের সমগ্র ২য় তল, মৌজা- সোনারপুর, জেএল নং ৩০, আরএস নং ১৩, তৌজি নং ১০, আর.এস. নং ১৫০১ এবং ১৫০৩ এর সাথে সম্পর্কিত আরএস খতিয়ান নং ২৩৪ এবং ২৩৫, হোল্ডিং নং ১৬৯, নারায়ণপুর রোড, এপি নগর পশ্চিম, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণার, পিন- ৭০০১৫০, রাজপুর সোনারপুর পৌরসভার আওতাধীন ১১ নং ওয়ার্ডের মধ্যে। সম্পত্তির মালিক শ্রী অশোক কুমার গুপ্ত, পিতা- প্রয়াত গিরিজা প্রসাদ গুপ্ত, ডিড অফ কনভেয়েন্স নং আই-০৩৩০৫/০৬, ডিএসআর-৪, আলিপুরে নিবন্ধিত। | ক) ৩০.০৫.২০২৩<br>খ) ১,৪৬,৬৪,৩৭১.০৭ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ১৪.০৮.২০২৩<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ৭৩.৩০ লক্ষ টাকা<br>খ) ৭.৩৩ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.৫০ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১৫. | ক) গড়িয়া (০১৪৩২০)<br>খ) রানু পারাই ও মহাদেব পারাই<br>গ) ৪৯/১, আমবাগান কলোনি, নোয়াপাড়া, উত্তর ২৪ পরগণা, কলকাতা -৭০০০৯০<br>রানু পারাই ও মহাদেব পারাই<br>৬২/১, রাজাপুর পূর্ব, পোস্ট- সন্তোষপুর, থানা- সার্ভে পার্ক ওয়ার্ড নং ১০৩, কলকাতা-৭০০০৭৫<br>এ/সি নং: ০১৪৩৩০০০৪১৮৬৭<br>সম্পত্তি আইডি: PUNBRANUPARAI01 | কমবেশি ১ কাঠা, ১২ ছটাক, ১৩ বর্গফুট পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল সেইসঙ্গে জি+২ তলা বিল্ডিং এবং পরিমাপ কমবেশি ২২৬৫ বর্গফুট (প্রতিটি তলা ৭৫৫ বর্গফুট) এবং ৬২/ ১, রাজাপুর পূর্ব, পোস্ট- সন্তোষপুর, কলকাতা-৭০০০৭৫, ওয়ার্ড নং ১০৩, অ্যাসেসি নং ৩১-১০৩-৩৭-৫৩৩০-৯, মৌজা- রাজাপুরের অধীনে, পরগনা খাসপুর, জেএল নং ২৩, আরএস নং ১৪, তৌজি নং ১০৯, আরএস দাগ নং ৮৪৩, খতিয়ান নং ৪০৮, থানা- পূর্ব যাদবপুরের অধীনে, এখন সার্ভে পার্ক। ডিড অফ কনভেয়েন্স আই-৩১৯১/১৮ মিসেস রানু পারাইয়ের মালিকানাধীন সম্পত্তি স্বামী- মহাদেব পরাই। | ক) ২৯.০৫.২০২৩<br>খ) ৭৪,৬৫,৫৬৯.০০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ১২.০৮.২০২৩<br>ঘ) প্রতীকী দখল | ক) ৪৪.৭৩ লক্ষ টাকা<br>খ) ৪.৪০ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১৬. | ক) কলকাতা যাদবপুর (১৪৮৫০০)<br>খ) মেসার্স বারুইপুর হোম টাউন, স্বত্বাধিকারী- শ্রীমতি রুকসানা পারভিন, গ্রাম-পদ্মপুকুর (সালেপুর), পোস্ট এবং থানা- বারুইপুর, কলকাতা- ৭০০১৪৪।<br>গ) মিসেস রুকশনা পারভিন, স্বামী- মহিদুল ইসলাম মোল্লা<br>গ্রাম - কুসুম্বা হালদার পাড়া, পোস্ট- নরেন্দ্রপুর, থানা- সোনারপুর (রিজেন্ট সোনারপুর ক্লক টাওয়ার), রাজপুর সোনারপুর (এম), জেলা- দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা- ৭০০১০৩<br>জামিনদার- জনাব মহিদুল ইসলাম মোল্লা, পিতা- হাজী ইরান আলী মোল্লা, গ্রাম- কুসুম্বা হালদার পাড়া, পোস্ট- নরেন্দ্রপুর, থানা- সোনারপুর (রিজেন্ট সোনারপুর ক্লক টাওয়ার), রাজপুর সোনারপুর (এম), জেলা-দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা- ৭০০১০৩৫<br>এ/সি নং: ১৪৮৫০০৮৭০০০০০৩৭৭, ১৪৮৫০০০আইএল১৪৮৫০০০ ১৪৮৫০০জেএইচ০০০০৬২০২, ১৪৮৫০০আরএফ০০০০০০৩৯<br>সম্পত্তি আইডি: PUNBBARUIPUR | মৌজা- কুসুম্বা, পরগনা মেদনমল্লা, জেএল-১২২২, এলআর খতিয়ান নং-১৪৯২, , এ দাঁড়িয়ে থাকা একতলা আবাসিক ভবন সহ প্রায় ০৩ কাঠা ০৮ ছটাক পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকলের সম্পত্তির ন্যায়সঙ্গত বন্ধক। আরএস দাগ নং- ২৩১৭, এলআর দাগ নং-২৪২৫, -কুসুম্বা গ্রাম এ অবস্থিত, পোস্ট- নরেন্দ্রপুর, থানা- সোনারপুর, রাজপুর সোনারপুর পৌরসভার মধ্যে, ওয়ার্ড নং-৭, জেলা-দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা- ৭০০১০৩, ২০১১ সালের বিক্রয় দলিল নং আই-৫৪৭৬, রেজিস্ট্রার-এডিএসআরও- সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা, সম্পত্তির মালিক (১) মাইদুল ইসলাম মোল্লা এবং (২) রুকসানা পারভিন। চতুর্দিক পরিবেষ্টিত: উত্তরে- ১০ ফুট প্রশস্ত সাধারণ পথ এবং জমি দাগ নং - ২৩১৭, দক্ষিণে- দাগ নং-২৩২৫ এবং ২৩২৬ এর জমি দ্বারা, পূর্বে - ২৪ ফুট প্রশস্ত রাস্তা, পশ্চিমে- দাগ নং ২২২২ এবং ২২২৩ এর জমি দ্বারা। | ক) ২৯.০৫.২০২৩<br>খ) ৯৬,৮১,৫৭৬.২২ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ১২.০৮.২০২৩<br>ঘ) প্রতীকী দখল | ক) ৫৯.০৩ লক্ষ টাকা<br>খ) ৫.৯১ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.৫০ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১৭. | ক) কলকাতা আলিপুর চেতলা (১৪১২০০)<br>খ) শ্রীমতি ভারতী লালা সাহু ও শ্রী সনাতন সাহু<br>গ) মেসার্স জয় জগন্নাথ ভান্ডার, স্বত্বাধিকারী- শ্রীমতী ভারতী লতা সাহু, ৬০এ আলিপুর রোড, আলিপুর রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০২৭<br>এ/সি নং ৪১২০০এনসি০০০৪০৪৯৪, ১৪১২০০৯৯০০০০০০৬৮, ১৪১২০০জেই০০০০৪১৯৩, ১৪১২০০৮৭০০০০০৮২১<br>সম্পত্তি আইডি: PUNBBLSAHU001 | আবাসিক ফ্ল্যাট এ১-এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, পরিমাপ সুপার-বিল্ট এরিয়া কমবেশি ১২০০ বর্গফুট, দুটি বেড রুম, একটি স্টাডি রুম, একটি রান্নাঘর, একটি ডাইনিং রুম, একটি হল রুম একটি বারান্দা এবং দুটি টয়লেট মেঝে সমন্বিত অবিভক্ত আনুপাতিক শেয়ার সহ। কেএমসি প্রেমিসেস নং ৮৪, এসএন রায় রোডে অবস্থিত ০৩ তলা বিল্ডিংয়ের উত্তর দিকের ২য় তলায় অন্যান্য সুযোগ-সুবিধার অধিকার ও জমির অধিকার সহ এবং ডাক ঠিকানা ৪০/২ এসএন রায় রোড, আদর্শ পল্লী পোস্ট- সাহাপুর থানা-বেহালা, মৌজা- সাহাপুর জেএল-৮ খতিয়ান-৫৮৮, সিএস দাগ নং ৫২৫/১০৪৭ এখন আরএস দাগ নং ১৯৭৮ কেএমসি ওয়ার্ড নং ১১৮ কলকাতা ৭০০০৩৮ শ্রীমতী ভারতী লালা সাহুর নাম ২০১৭ সালের ডিড অফ কনভেয়েন্স আই-১৯০১-০১২৬৪, ০৬.০১২২ তারিখে নিবন্ধিত। জমির চত্বরটি যথাযথভাবে পরিবেষ্টিত: উত্তর- ৮ ফুট কেএমসি রোড, দক্ষিণ- রামা পলের বাড়ি, পূর্ব- প্রদীপ সেনগুপ্তের বাড়ি, পশ্চিম- ৮ ফুট কেএমসি রোড এবং বিনয় চাট্টেজীর বাড়ি দ্বারা। | ক) ১৭.০৩.২০২৩<br>খ) ৩৬,৯০,২০৯.৩১ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ১৩.০৬.২০২৩<br>ঘ) প্রতীকী দখল | ক) ৩৮.১০ লক্ষ টাকা<br>খ) ৩.৮১ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১৮. | ক) বেহালা (০০৮৬২০)<br>খ) শ্রীমতী সৌমিত্র দাশগুপ্ত<br>গ) ১০৪/১/১৫ সত্যেন রায় রোড বেহালা, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৩৪<br>এ/সি নং: ০০৮৬৩০০২১৪৫৭৫<br>সম্পত্তি আইডি: PUNBSOUMITRA001 | প্রায় ১০০০ বর্গফুট সুপার বিল্ট এলাকা পরিমাপের আবাসিক ফ্ল্যাটের ন্যায়সঙ্গত বন্ধক। একটি ৩ (তিনতলা বিল্ডিং) এর গ্রাউন্ড ফ্লোরে (পুরো) যেখানে ৩টি বেড রুম, ১ ডাইনিং রুম, ১ রান্নাঘর, ১ ডব্লিউসি এবং ১টি টয়লেট রয়েছে যা ২টি কাঠা (এম/এল) পরিমাপের জমিতে তৈরি করা হয়েছে। মৌজা - সিরিটি, জেএল নং ১১, আরএস নং -১৮৬, তৌজি নং - ১৭৭ এবং ৪১১, খতিয়ান নং ৩০৩, দাগ নং ৪০৬, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৪৪৫, রাজা রাম মোহন রায় রোড, পোস্ট ও থানা- ঠাকুরপুকুর, এখন হরিদেবপুর, কলকাতা - ৭০০০০৮ (কলকাতা- ৭০০০৬০) ওয়ার্ড নং- ১২২ -এর অধীনে, অ্যাসেসি নং- ৪১১২২১০০৭৭০৪। বিয়িং সেল ডিড নং আই-২৮০৭/১৭ সাল- ২০১৭। এডিএসআর-বেহালা,দক্ষিণ ২৪ পরগনা, শ্রী সৌমিত্র দাশগুপ্তের মালিকানাধীন সম্পত্তি। চতুর্দিক পরিবেষ্টিত: উত্তরে- দাগ নং ৪০৬ এর জমি দ্বারা; দক্ষিণে- অন্য ব্যক্তির সম্পত্তি দ্বারা; পূর্বে- ১৪ ফুট প্রশস্ত সাধারণ পথ; পশ্চিমে- ১৬ ফুট চওড়া কেএমসি রোড দ্বারা। | ক) ০৫.১২.২০২২<br>খ) ২৬,৫৯,০৪৫.০০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ২২.০৭.২০২৩<br>ঘ) প্রতীকী দখল | ক) ২৯.৭৯ লক্ষ টাকা<br>খ) ৩.০০ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ১৯. | ক) কলকাতা টালিগঞ্জ (০০৮৪০০)<br>খ) মিসেস সৌমিত্র দাশগুপ্ত<br>গ) ১০৪/১/১৫ সত্যেন রায় রোড বেহালা, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৩৪<br>এ/সি নং: ০০৮৪০০৯৯০০০০০২০০ এবং ০০৮৪০০এনসি৪০৩০১৩৫৯<br>সম্পত্তি আইডি: PUNBSOUMITRA002 | আবাসিক ফ্ল্যাট নং-১এ এর ন্যায়সঙ্গত বন্ধক, পরিমাপ প্রায় ৮৮৩.১৯ বর্গফুট (এম/এল) দ্বিতীয় তলায় 'গীতাঞ্জলি অ্যাপার্টমেন্ট'-এর দক্ষিণ দিকে সেইসঙ্গে অবিভক্ত এবং আনুপাতিক সাধারণ স্থান এবং সুযোগ-সুবিধা, প্রেমিসেস নং- এ/১৫৬/১এ+১বি, সত্যেন রায় রোড, পোস্ট ও থানা- বেহালা, কলকাতা- ৭০০০৩৪, নিস জেমসে লং সরণি, শ্রী সংঘ ক্লাব। শ্রী সৌমিত্র দাশগুপ্তের মালিকানাধীন সম্পত্তি। চতুর্দিক পরিবেষ্টিত: উত্তরে - ১৬ ফুট চওড়া কেএমসি রাস্তা; দক্ষিণে- আরেকটি দুই তলা বিল্ডিং দ্বারা; পূর্বে - ১৬ ফুট চওড়া কেএমসি রাস্তা; পশ্চিমে- আরেকটি দুই তলা বিল্ডিং দ্বারা। | ক) ০৫.১২.২০২২<br>খ) ১০,৫৪,৩৭৮.০০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ১২.০৭.২০২৩<br>ঘ) প্রতীকী দখল | ক) ২৪.৯৭ লক্ষ টাকা<br>খ) ২.৫০ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |
| ২০. | ক) ঢাকুরিয়া<br>খ) মেসার্স জেনেক্সট বায়ো টেক, স্বত্বাধিকারী- শ্রী অভিক দাস রায়<br>মাঝেরহাট পোস্ট-মাদারাট কদমতলা, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ- ৭৪৩৬১০<br>গ) শ্রী অভিক দাস রায়<br>মেসার্স জেনেক্সট বায়োটেক এর স্বত্বাধিকারী, ফ্ল্যাট নং ৩, সোহিনী অ্যাপার্টমেন্ট লস্করপুর, পূর্বপাড়া মহামায়া তলা, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ- ৭০০১৫৩<br>এ/সি নং: ০০৯৪২৫০০০৫৭২৭<br>সম্পত্তি আইডি: PUNBGENEXT | ৩ (তিন) শয়নকক্ষ, ১ (এক) ড্রয়িং কাম-ডাইনিং স্পেস সমন্বিত মোট কমবেশি ৯০০ বর্গফুট সুপার বিল্ট আপ এলাকা পরিমাপের দ্বিতীয় তলায় আবাসিক ফ্ল্যাট নং ৩-এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকলের ন্যায়সঙ্গত বন্ধক যার আছে ১ (এক) রান্নাঘর, ১ (এক) ডব্লিউসি, ১ (এক) টয়লেট, ২ (দুই) বারান্দা অংশ), মৌজা- লস্করপুর, পরগনা -মাগুরা, খতিয়ান নং ১১৮, দাগ নং ১১৫০ লস্করপুর মৌজায় অবস্থিত "সোহিনী অ্যাপার্টমেন্ট" নামে বিল্ডিংয়ে জেএল নং ৫৭, আরএস নং ১৭৪, পূর্বে ঋষি রাজনারায়ণ ২ গ্রাম পঞ্চায়েত সোনারপুর ব্লক এখন স্কিম নং ৩, ওয়ার্ড নং ২৯ এর মধ্যে রাজপুর সোনারপুর পৌরসভা হোল্ডিং নং ৫১৩, পূর্বপাড়া, পোস্ট- লস্করপুর, থানা এবং এডিএসআর-সোনারপুর, কলকাতা- ৭০০১৫৩, সম্পত্তির মালিক শ্রী অভিক দাস রায় পিতা- প্রয়াত সুবীর দাস রায় উপহারের দলিল নং আই-৫৬৮৮/২০১০ এবং দলিল নং ১১৯৭৭। | ক) ২৯.০৫.২০২৩<br>খ) ৫২,৩৫,৮৭৮.২০ টাকা + অতিরিক্ত সুদ<br>গ) ১০.০৮.২০২৩<br>ঘ) প্রতীকী দখল (ডিএম আবেদন করা হয়েছে) | ক) ২৫.০৭ লক্ষ টাকা<br>খ) ২.৫১ লক্ষ টাকা (০৪.১০.২০২৩)<br>গ) ০.২৫ লক্ষ টাকা | ক) ০৫.১০.২০২৩ সকাল ১১:০০টা থেকে দুপুর ২:০০টা<br>খ) ব্যাঙ্কের জানা নেই |

**শর্তাবলি**

বিক্রয়টি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এবং নিম্নলিখিত আরও শর্তাবলী সাপেক্ষ হবে :-

১) সম্পত্তিগুলি বিক্রি হতে যাচ্ছে **"যেখানে যেমন আছে"** এবং **"যেখানে যা আছে"** এবং **"যেখানে যা-কিছু আছে"** ভিত্তিতে।

২) অত্র উপরে বর্ণিত তফসিলে প্রদত্ত সুরক্ষিত সম্পত্তিগুলির বিবরণ অনুমোদিত অফিসারের সর্বোত্তম তথ্যের উপর নির্ভর করে বর্ণিত, তবে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা কিছু বাদ যাওয়া যদি এই ঘোষণায় পরিলক্ষিত হয়, তার জন্য অনুমোদিত অফিসার জবাবদিহি-যোগ্য হবেন না।

৩) নিম্নস্বাক্ষরকারী বিক্রয়কার্য করবেন ই-অকশন প্ল্যাটফর্মের মাধ্যমে যা ব্যবস্থিত হয়েছে ওয়েবসাইট **http://mstcecommerce.com/auctionhome/ibapi/index.jsp** -তে **১২.০৯.২০২৩ (ক্র. নং ১-১১) এবং ০৫.১০.২০২৩ (ক্র. নং ১২-২০) তারিখ সকাল ১১.০০টা থেকে দুপুর ০২.০০টা।**

৪) **বিক্রির বিস্তারিত শর্তাবলির জন্য দেখুন www.ibapi.in, www.mstcecommerce.com, https://eprocure.gov.in/epublish/app এবং www.pnbindia.in**

তারিখ: ২২.০৮.২০২৩
স্থান: কলকাতা

অনুমোদিত অফিসার
সস্ত্র ডিভিশন, কলকাতা দক্ষিণ সার্কেল
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

# রাহুল-শ্রেয়সের ফিটনেস নিয়ে চিন্তা

## চাহাল-অশ্বিন নেই কেন, প্রশ্ন তুললেন সুনীল গাভাসকর

**নয়াদিল্লি:** আপাতত এশিয়া কাপেই যত ফোকাস ভারতীয় টিমের। বিশ্বকাপের আগে মিডল অর্ডার সাজিয়ে নিতে হবে। ৪ ও ৫ নম্বর জায়গায় কারা ভরসা দিতে পারবেন, তাও দেখে নিতে চায় টিম ম্যানেজমেন্ট। এশিয়া কাপের জন্য সোমবারই ঘোষণা করে দেওয়া হয়েছে দল। কিন্তু তা নিয়ে প্রশ্ন তুলে দিচ্ছেন অনেকেই। চোট থাকা সত্ত্বেও লোকেশ রাহুল টিমে জায়গা পেয়েছেন। এশিয়া কাপের প্রথম দুটো ম্যাচে তিনি নাও খেলতে পারেন। শ্রেয়স আইয়ার চোট থেকে বেরিয়ে এলেও কতটা ফিট, লম্বা ম্যাচ খেলার ধকল নিতে পারবেন কিনা, তাও জানা নেই। সূর্যকুমার যাদব ওয়ান ডে-তে একেবারেই ফর্মে নেই। তাও কেন টিমে সুযোগ পেলেন, এ নিয়েও প্রশ্ন করছেন কেউ কেউ। তার মধ্যেই ভারতের বিশ্বকাপজয়ী টিমের এক সদস্য এশিয়া কাপের টিম নিয়ে তুলে দিলেন বিতর্ক।



এশিয়া কাপের জন্য ১৭ জনের দল ঘোষণা করা হয়েছে। ব্যাকআপ কিপার হিসেবে নেওয়া হয়েছে সঞ্জু স্যামসনকে।

মদন লালের মতো প্রাক্তন স্পষ্ট বলছেন, 'মোটামুটি আমরা যে টিম প্রত্যাশা করছিলাম, এই দল অনেকটা সেই রকম। চিন্তার জায়গাটা হল ফিটনেস নিয়ে। রাহুল, শ্রেয়স কিন্তু অনেক দিন ম্যাচ খেলেনি। এশিয়া কাপ কিংবা বিশ্বকাপের মতো বড় টুর্নামেন্টে সরাসরি খেলা কিন্তু অন্য ব্যাপার। অনেক চাপ থাকবে। ১০০ শতাংশের বেশি ফিটনেস দরকার। আশা করি ওরা ফিট। তবে টিমে চাহাল, অশ্বিনদের না দেখে কিন্তু আমি অবাক হয়ে গিয়েছি।'

গত মরসুমে আরসিবির বিরুদ্ধে আইপিএলের ম্যাচ খেলতে গিয়ে চোট পেয়েছিলেন রাহুল। তারপর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে রিহ্যাব করছেন। এশিয়া কাপের টিম ঘোষণার সময় জাতীয় নির্বাচক কমিটির চেয়ারম্যান অজিত আগরকর কিন্তু বলেছেন, রাহুল এখনও পুরোপুরি চোটমুক্ত নন। সুস্থ হতে সময় লাগবে তাঁর। সে ক্ষেত্রে হয়তো এশিয়া কাপের প্রথম দুটো ম্যাচ খেলতে পারবেন না। শ্রেয়স আইয়ারও চোটের মধ্যে রয়েছে দীর্ঘদিন। পিঠের চোটের কারণে বিশ্ব টেস্ট ফাইনালেও খেলতে পারেননি।

পরের সিরিজগুলোতেও দেখা যায়নি তাঁকে। বলা হচ্ছে, এনসিএ-তে তিনি প্র্যাক্টিস ওয়ান ডে ম্যাচ খেলেছেন বেশ কয়েকটা। সেখানে তাঁর ফিটনেস দেখে সন্তুষ্ট ফিজিও, ট্রেনাররা। এই দু'জন যদি এশিয়া কাপ ও বিশ্বকাপে খেলতে পারেন, পারফর্ম করতে পারেন, তা হলে সমস্যা নেই। যদি না পারেন, তার জন্য ভুগতে হয় টিমকে, তা হলে কিন্তু কাঠগড়ায় দাঁড়াতে হবে রোহিত শর্মা ও রাহুল দ্রাবিড়কে।

# 'এশিয়া কাপে তিলকই চাপে রাখবেন সূর্যকুমারকে', মত প্রাক্তন অজি ক্রিকেটারের

**নিজস্ব প্রতিনিধি:** আসন্ন এশিয়া কাপের জন্য ১৭ সদস্যের স্কোয়াড ঘোষণা করেছে ভারত। টিমে নতুন মুখ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে তিলক ভার্মাকে। ক্যারিবিয়ান সফরে টি ২০তে অভিষেক হয়েছে তিলকের। এখনও ওডিআই অভিষেকের অপেক্ষায় হায়দরাবাদের বাঁ হাতি ব্যাটার। টি ২০ সিরিজে ভালো পারফর্ম্যান্সের সুবাদে সরাসরি ওডিআই অভিষেকের জন্য এশিয়া কাপে ডাক পেয়েছেন তিলক। ২০ বছরের ক্রিকেটারের কাছে যা স্বপ্নের মতো। বিসিসিআইয়ের নির্বাচক কমিটি ও টিম ম্যানেজমেন্টের এই সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছেন প্রাক্তন অস্ট্রেলিয়ার ক্রিকেটার ম্যাথু হেডেন। তাঁর মতে তিলকের উপস্থিতিতে ভারতীয় দলের মধ্যে সুস্থ প্রতিযোগিতা থাকবে। চাপ পড়বে সূর্যকুমার যাদবের উপর। এটা ভারতীয় দলের জন্যই মঙ্গল।



হেডেন বলেছেন, তিলক ভার্মার ক্লাস আমরা দেখেছি। আমার মতে এটা একটা দারুণ কৌশল। শুধুমাত্র এই বিশ্বকাপ নয় পরের বছরের বিশ্বকাপের জন্যও। ভারতের ব্যাপারে একটা দারুণ বিষয় হল তাদের টপ অর্ডার বেশ শক্তিশালী। অস্ট্রেলিয়ার মতোই কিছুটা। গত চার পাঁচ মাসের পারফরম্যান্স দেখলে বোঝা যাবে ওরা কতটা ভালো এবং শক্তিশালী। যাকে বলে ইঞ্জিন রুম। তবে মিডল অর্ডারে কিছু সমস্যা রয়ে গিয়েছে যার সমাধান প্রয়োজন।দ হেডেনের মতে মিডল অর্ডারের এই সমস্যার সমাধান করে দিতে পারেন তিলক ভার্মার মতো তরুণ ক্রিকেটার। সূর্যকুমার যাদবের উপর তিনিই চাপ সৃষ্টি করতে পারেন। এটা খুব ভালো স্ট্যাটেজি। এখানে সবাইকে পারফর্ম করে যেতে হবে। তিলকের জায়গা পাওয়াটা খুব একটা খারাপ বিষয় নয়। আমার মতে দারুণ একটা দল গঠন হয়েছে।

টি ২০তে সূর্যকুমার যাদব ম্যাচ জেতানো ব্যাটার। তবে ৫০ ওভারের ফরম্যাটে সেই পারফরম্যান্সের পুনরাবৃত্তি ঘটাতে পারেননি সূর্য। অনেকেই এশিয়া কাপে সূর্যকুমারের জায়গা পাওয়া নিয়ে প্রশ্ন তুলেছেন। টম মুডির মতো প্রাক্তনীরা 'ভাগ্যের জোরে' সুযোগ পেয়েছেন বলেও কটাক্ষ করতে ছাড়েননি। ম্যাথু হেডেনের মতে, এশিয়া কাপে তিলকের উপস্থিতিই সূর্যকুমারকে ভালো পারফর্ম করার তাগিদ জোগাবে। এই সুস্থ প্রতিযোগিতা ভারতের মিডল অর্ডারের সমস্যা সমাধান করে দিতে পারে বলে মত তাঁর।

# কাস্টমসের বিরুদ্ধেও জয়, কলকাতা লিগের চ্যাম্পিয়নশিপ রাউন্ডে কার্যত নিশ্চিত ইস্টবেঙ্গল

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা লিগে ইস্টবেঙ্গলের স্বপ্নের দৌড় অব্যাহত। এরিয়ানের পর এবার কলকাতা কাস্টমসের বিরুদ্ধেও জয়ের শিরোপা পেল লাল-হলুদ শিবির। ঘরের মাঠে কাস্টমসকে ১-০ গোলে হারাল বিনো জর্জের ছেলেরা। ম্যাচের একমাত্র গোলটি করলেন মহিতোষ রায়।

ঘরোয়া লিগে চলতি মরশুমে স্বপ্নের ফর্মে ইস্টবেঙ্গল। এই ম্যাচের আগে ১০ ম্যাচে ২৩ পয়েন্ট ছিল লাল-হলুদের। অন্যদিকে কাস্টমস সেভাবে ধারাবাহিক ছিল না। প্রত্যাশিতভাবে এই ম্যাচে নামার আগে ফেভরিট ছিল ইস্টবেঙ্গলই। তবে এদিন কাস্টমস ইস্টবেঙ্গলের সঙ্গে সমানে সমানে লড়াই করেছে।

ম্যাচের প্রথমার্ধ তো বটেই, দ্বিতীয়ার্ধেও একটা বড় অংশ সমানে সমানে লড়াই হয়েছে। খেলার গতি বদলে যায় ম্যাচের ৭০ মিনিটে কাস্টমসের এক ফুটবলার লালকার্ড দেখায়। তারপর আক্রমণের ঝাঁজ বাড়ায় ইস্টবেঙ্গল। ম্যাচের ৮৭ মিনিটে গিয়ে একমাত্র গোলটি করেন পরিবর্ত ফুটবলার মহিতোষ রায়। তাঁর দৃষ্টিনন্দ গোলেই জয় নিশ্চিত হয় লাল-হলুদের। জয়ের সুবাদে ইস্টবেঙ্গল যে শুধু লিগ টেবিলের শীর্ষস্থান ধরে রাখল, তাই নয়। সেই সঙ্গে চ্যাম্পিয়নশিপ রাউন্ডে ওঠাটাও কার্যত নিশ্চিত করে ফেলল। জেসিন, আমন, গুরনাজ, তন্ময় এবং তুহিন দাস ইস্টবেঙ্গলের আক্রমণের নেতৃত্ব দিচ্ছিলেন। ৩০ মিনিট পর থেকে খেলাটা ধরে নিল কাস্টমস।



তাদের কপাল খারাপ। ৩৫ মিনিটের মাথায় বিষ্ণুর শট পোস্টে লেগে না ফিরলে পিছিয়ে যেত ইস্টবেঙ্গল। কাস্টমস দলের সুরজিৎ, অমিত, রহমান, রবি লাল, শুভ নীল এবং সুময় সোম ইস্টবেঙ্গল ফুটবলারদের ওপেন স্পেস দেওয়া বন্ধ করে দিচ্ছিলেন মাঠের মাঝখানে। প্রথম ৪৫ মিনিট ছিল গোলশূন্য।

৭০ মিনিটে দ্বিতীয় হলুদ কার্ড দেখে লাল কার্ড দেখলেন কাস্টমস দলের ডিফেন্ডার বিশ্বজিৎ হেমব্রম। ৮৬ মিনিটে বহু কাঙ্খিত গোল পেয়ে গেল ইস্টবেঙ্গল। বাঁদিক থেকে দ্বিতীয় পোস্টে জালে বল রাখলেন পরিবর্ত ফুটবলার মহিতশ রায়। রক্তচাপ বেড়ে যাওয়া ইস্টবেঙ্গল সমর্থকরা যেন বাঁচলেন। কাস্টমস হেরে গেলেও এদিন শেষ পর্যন্ত লড়াই চালাল। ১০জনেও ডিফেন্সিভ হয়নি বিশ্বজিৎ ভট্টাচার্যের ছেলেরা। শেষ পর্যন্ত ইস্টবেঙ্গল সুপার সিক্স নিশ্চিত করল।

# আর্সেনালের জয়ের ম্যাচে কার রেকর্ড ছুঁলেন সাকা

**চেন্নাই:** রেফারি ডেভিড কুট খেলা শুরুর বাঁশিটা বাজাতেই ২৬ বছরের পুরোনো এক রেকর্ডে ভাগ বসালেন বুকায়ো সাকা। রেকর্ডটা প্রিমিয়ার লিগে আর্সেনালের হয়ে টানা সবচেয়ে বেশি ম্যাচ খেলার।

গতকাল রাতে হওয়া ক্রিস্টাল প্যালেস-আর্সেনাল ম্যাচটি ছিল আর্সেনালের জার্সিতে সাকার টানা ৮২তম ম্যাচ। ২১ বছর বয়সী ফরোয়ার্ড ছুঁয়েছেন পল মারসনকে। ১৯৯৫ সালের ফেব্রুয়ারি থেকে ১৯৯৭ সালের ফেব্রুয়ারি পর্যন্ত টানা ৮২টি ম্যাচ খেলেছিলেন গানারদের সাবেক মিডফিল্ডার মারসন।

আর্সেনালের বর্তমান খেলোয়াড়দের মধ্যে টানা ম্যাচ খেলায় সাকার পরেই আছেন গ্যাব্রিয়েল মাগালাইস। ব্রাজিলিয়ান সেন্টারব্যাক টানা ৭৫টি ম্যাচ খেলেছেন। তবে মাগালাইসের দলে জায়গা নিয়ে টানাটানি পড়ে গেছে। নতুন মৌসুমে আর্সেনালের প্রথম দুটি ম্যাচেই যে দ্বিতীয়ার্ধে মাঠে নেমেছেন এই ব্রাজিলিয়ান। তাঁর টানা ম্যাচ খেলার ধারাটা না থেমে যায়।



টানা ম্যাচ খেলার প্রিমিয়ার লিগ রেকর্ড ছুঁতে অবশ্য এখনো লম্বা পথ পাড়ি দিতে হবে সাকাকে। টানা ম্যাচ খেলার রেকর্ডের মাত্র অর্ধেক ম্যাচই যে খেলেছেন ইংলিশ ফরোয়ার্ড। রেকর্ডটার মালিক ফ্র্যাঙ্ক ল্যাম্পার্ড। ২০০১ সালের অক্টোবর থেকে ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত টানা ১৬৪ ম্যাচে ল্যাম্পার্ডকে নিয়ে মাঠে নামে চেলসি।

এখন যারা খেলছেন, তাঁদের মধ্যে অবশ্য সাকা ও তাঁর সতীর্থ গ্যাব্রিয়েলই শীর্ষে। টানা ৬৬ ম্যাচ খেলে তিনে ব্রেন্টফোর্ডের ইয়ানে উইসা।

সাকার রেকর্ড ছোঁয়ার ম্যাচটা ১-০ গোলে জিতেছে আর্সেনাল। ৫৩ মিনিটে মার্টিন ওডেগার্ডের পেনাল্টি গোলটাই লিগে টানা দ্বিতীয় জয় এনে দিয়েছে মিকেল আরতেতার দলকে। ৬৭ মিনিটে দ্বিতীয় হলুদ কার্ড দেখে জাপানি ডিফেন্ডার তাকেহিরো তোমিয়াসু মাঠ ছাড়ার পর শেষ ২৩ মিনিট ১০ জন নিয়ে খেলতে হয় আর্সেনালকে। ম্যানচেস্টার সিটি ও ব্রাইটনের পর তৃতীয় দল হিসেবে টানা দ্বিতীয় জয় পেলেও গোল ব্যবধানে পয়েন্ট তালিকার তিনে আছে আর্সেনাল। দুই ম্যাচে ৮ গোল দিয়ে ২ গোল খাওয়া ব্রাইটনই আছে শীর্ষে।

# মায়ের কান্না, বাবা বলছেন, 'অনেক বাধা পেরিয়ে ফাইনালে প্রজ্ঞানন্দ'

**চেন্নাই:** বিশ্বনাথন আনন্দ পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়ন। কিন্তু কিংবদন্তি ভারতীয় দাবাড়ুকেও পিছনে ফেলে দিয়েছেন ১৮ বছরের রমেশবাবু প্রজ্ঞানন্দ। ফিডে বিশ্বকাপের ফাইনালে উঠে পড়েছেন তিনি। বিশ্বের এক নম্বর দাবাড়ু ম্যাগনাস কার্লসেনের বিরুদ্ধে খেলবেন তিনি। সর্বকনিষ্ঠ দাবাড়ু হিসেবে বিশ্বকাপের ফাইনালে ওঠার ইতিহাস তৈরি করলেও তাতেই থেমে যেতে চান না প্রজ্ঞানন্দ। ছেলে ফাইনালে ওঠার পর কান্নায় ভেঙে পড়েছিলেন তাঁর মা নাগলক্ষ্মী। সেই ছবি ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। গ্র্যান্ডমাস্টার প্রজ্ঞানন্দের পরিবারের কাছে এটা যে বিরাট প্রাপ্তি, সন্দেহ নেই। বাবা রমেশবাবু কী বলছেন?



বিশ্বকাপে প্রজ্ঞানন্দ বিশ্বের ২ নম্বর প্লেয়ার হিকারু নাকামুরা, বিশ্বের ৩ নম্বর প্লেয়ার ফাবিয়ানো কারুয়ানাকে হারিয়ে ফাইনালে পৌঁছেছেন। রমেশবাবু ছেলেকে নিয়ে বলেছেন, 'প্রজ্ঞানন্দের পারফরম্যান্সে আমরা খুব খুশি। এই জায়গা পর্যন্ত পৌঁছতে হলে অনেক বাধা টপকাতে হয়।'

বাকুতে চলছে বিশ্বকাপ। রোজ ছেলের সঙ্গে একবার ফোনে কথা বলেন বাবা রমেশবাবু। 'ওর মা সঙ্গেই গিয়েছে বাকুতে। আমি রোজ ওর সঙ্গে ফোনে একবার করে কথা বলি। আমি ওর খেলায় কখনও নাক গলাই না। কী ভাবে খেলা উচিত, সে সব নিয়ে কোনও দিন কথা বলি না। বিশ্বাস করি, এটা ওর কোচের কাজ। ও সারাদিন কী করল, কেমন কাটাল, সেই সব কথাই ছেলের সঙ্গে হয়। তবে ও কিন্তু এর আগেও কার্লসেনকে হারিয়েছে। সেটা ওকে নিশ্চিত ভাবেই আত্মবিশ্বাসী রাখবে। সেই মতোই প্রস্তুতি নেবে।'

ইতিহাস তৈরি করার পরও প্রজ্ঞানন্দ নিরুত্তাপ।

যে ছন্দে ফাইনালে উঠেছে, দেখে অনেকেই অবাক হয়ে গিয়েছেন। কিন্তু ১৮ বছরের চেন্নাইয়ের ছেলে কার্লসেনের বিরুদ্ধে ফাইনাল নিয়ে ভাবনাচিন্তা শুরু করে দিয়েছেন। বিশ্বকাপের ফাইনালে ওঠার পর আবার প্রজ্ঞানন্দ বলেছেন, 'বিশ্বকাপের ফাইনালে যে ম্যাগনাস কার্লসেনের সঙ্গে খেলতে হবে আমাকে, এটা ভাবিনি। কারণ, ওর সঙ্গে একমাত্র ফাইনালেই দেখা হতে পারত। সত্যিই বলতে কী, আমি ভাবিইনি যে ফাইনালে উঠব।'

# এশিয়ান গেমসের আগে পাকিস্তান হকি দলের সমস্ত কোচিং স্টাফকে বরখাস্ত করল পাক ফেডারেশন

**নিজস্ব প্রতিনিধি:** একটা সময়ে এশিয়ার হকির সুপার পাওয়ার ছিল পাকিস্তান দল। সময়ের সঙ্গে সঙ্গে তাদের পারফরম্যান্সের যথেষ্ট অবনতি ঘটেছে। বর্তমানে তাদের পারফরম্যান্স প্রায় তলানিতে এসে ঠেকেছে। সামনেই রয়েছে হাংঝাউ এশিয়ান গেমস। তার আগেই ফের টালমাটাল অবস্থা গোটা পাকিস্তান পুরুষ হকি দলের।

দলের সমস্ত কোচিং স্টাফকে এশিয়ান গেমসের আগেই বরখাস্ত করল পাকিস্তান হকি ফেডারেশন! সম্প্রতি ভারতের মাটিতে অনুষ্ঠিত হয় হকির এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি। যেখানে চ্যাম্পিয়ন হয়েছে ভারত। আর এখানেই সেমিফাইনালে উঠতে না পারার দায়ে গোটা কোচিং স্টাফকে বরখাস্ত করা হয়েছে বলে জানা গিয়েছে।

কোচিং স্টাফদের বরখাস্ত করার পরে শাহনওয়াজ শেখকে দলের প্রধান পরামর্শদাতা হিসেবে নিয়োগ করা হয়েছে। যে সিদ্ধান্তের ফলে ইতিমধ্যেই জন্ম নিয়েছে বিতর্ক। পাকিস্তান স্পোর্টস বোর্ড দ্বারা পরিচালিত হকি ফেডারেশন ইতিমধ্যেই বরখাস্ত করেছে রেহান বাট, মহম্মদ সাকলেন, হাসিম খান, মহম্মদ গফুরকে। যাদের সকলেই জাতীয় দলের সঙ্গে উপস্থিত ছিলেন ভারতে এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি হকি প্রতিযোগিতায়। শেহনওয়াজের এর আগেও প্রশিক্ষক হিসেবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। বর্তমানে তাঁকে দলের পরামর্শদাতার দায়িত্ব দেওয়া হয়েছে। চেন্নাইতেও আসার কথা ছিল শাহনওয়াজ শেখের। তবে সময়মতো ভিসা না পাওয়ার ফলে তিনি এসে উপস্থিত হতে পারেননি ভারতে। ভিসা না পাওয়ার বিষয়টি নিয়ে অত্যন্ত অসন্তুষ্ট ছিলেন তিনি। পাকিস্তান হকি ফেডারেশন সময় মতো কাজ করলে এই সমস্যা হত না বলেই তাঁর মত। ছয় দলীয় ওই টুর্নামেন্টে পাঁচ নম্বরে শেষ করে পাকিস্তান। চিরপ্রতিদ্বন্দ্বী ভারতের কাছেও পর্যুদস্ত হতে হয়েছিল তাদের। ৪-০ গোলে পাকিস্তানকে হারিয়েছিল ভারত।



পাশাপাশি নয়া কোচিং স্টাফের অঙ্গ হিসেবে যোগ করা হয়েছে শাকিল আব্বাসি, আমজাদ আলি, দিলাওয়ার হুসেনকে। শাহনওয়াজকে আবার এশিয়ান গেমসের জন্য হেড কোচের দায়িত্বও দেওয়া হয়েছে। পাকিস্তান স্পোর্টস বোর্ড ইতিমধ্যেই পাকিস্তান হকি ফেডারেশনকে ভেঙে দিয়েছে। তারপরেও কীভাবে পাকিস্তান হকি ফেডারেশন এই ঘোষণা করতে পারল তা নিয়েই প্রশ্ন উঠে গিয়েছে।

# এশিয়ান গেমসে কি সাফল্য পাবে ভারত? নিশ্চিত নন স্টিমাচ

**নয়াদিল্লি:** বহু টালবাহানার পর এশিয়ান গেমসে যাওয়ার ছাড়পত্র মিলেছে। কিন্তু সাফল্য কি পাবে ভারত? নিশ্চিত নন তিনি। এশিয়ান গেমসে অনূর্ধ্ব ২৩ ফর্ম্যাটে খেলতে হবে। গত দু'বছর দেশের অনূর্ধ্ব ২৩ টিম নিয়ে কাজও করেননি। তাই খানিকটা হলেও দুশ্চিন্তায় রয়েছেন ইগর স্টিমাচ। ভারতের কোচ সুনীল ছেত্রী , গুরপ্রীত সিং সান্ধু, সন্দেশ ঝিঙ্ঘানদের মতো সিনিয়রদের পাবেন। তাতেও যে পরিস্থিতি খুব একটা বদলাবে না, ভালোই জানেন। এশিয়ান গেমসে কঠিন টিমগুলোর মুখে পড়তে হবে। তার থেকে স্টিমাচ অনেক বেশি চিন্তায় নিজের টিম নিয়েই। কেন তিনি ভারতীয় টিম নিয়ে দুশ্চিন্তায়?



স্টিমাচ রাখঢাক না করেই বলছেন, 'এশিয়ান গেমসে ভারত কত দূর যেতে পারে, তা বলা খুব কঠিন। তার কারণ অনূর্ধ্ব ২৩ টিম নিয়ে খেলতে হবে। মুশকিল হচ্ছে, এই টিমগুলো কেমন, তাদের শক্তি-দুর্বলতা সম্পর্কে যদি যাবতীয় তথ্য হাতে না থাকে তা হলে সমস্যা তো হবেই। আমার তো মনে হয় ভারত একমাত্র টিম, যারা অনূর্ধ্ব ২৩ পর্যায়ে একটা ম্যাচ গত দু'বছরে খেলেনি। হাতে এত কম সময়, তার মধ্যে কতটা তৈরি হতে পারবে, প্রশ্ন থেকেই যাচ্ছে। একটাই সুবিধা, এই পর্যায়ের অনেক ফুটবলারই সিনিয়র টিমে খেলছে। তাদের চিনি, জানি।'

এশিয়ান গেমসে ভারতের গ্রুপে রয়েছে চিন, বাংলাদেশ, মায়ানমার। প্রথম ম্যাচেই আয়োজক দেশ চিনের বিরুদ্ধে খেলতে হবে। স্টিমাচের বক্তব্য, 'চিন গ্রুপের সবচেয়ে কঠিন ম্যাচ। তার ৪৮ ঘণ্টার মধ্যে খেলতে হবে বাংলাদেশের বিরুদ্ধে। ওরা অনেক সময় চমকে দেয়। চিনের বিরুদ্ধে আমাদের সেরাটা দিতে হবে। যাতে এশিয়ান গেমসের যাত্রাটা সহজ হয়।' এশিয়ান গেমসের আগে আবার কিংস কাপে খেলবে ভারত। ৭ সেপ্টেম্বর থেকে যা শুরু হবে। এই টুর্নামেন্টে সুনীল ছেত্রীকে পাওয়া যাবে না। তাঁর স্ত্রী সন্তানসম্ভবা। যে কারণে পিতৃত্বকালীন ছুটি নিয়েছেন সুনীল। কিংস কাপ এই বছর ভারতের প্রথম বিদেশের মাঠে টুর্নামেন্টে। তার আগে ঘরের মাঠে ভারতীয় টিম দারুণ পারফর্ম করেছে। ১৬ ম্যাচ অপরাজিত রয়েছেন সুনীলরা। ফিফা র‍্যাঙ্কিংয়ে আবার ১০০র মধ্যে ঢুকে পড়েছে ভারত। ২০১৯ সালে এই কিংস কাপে ভারত ব্রোঞ্জ পেয়েছিল। এ বার ইরাকের মতো শক্তিশালী এশিয়ান টিম রয়েছে। তাইল্যান্ড, লেবানন অন্য দুই টিম। কিংস কাপ যে কঠিন ঠাঁই ভারতের, ভালোই জানেন স্টিমাচ।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**